
# THE ray

PRIME UNIVERSITY MAGAZINE 2021- 2022



PRIME UNIVERSITY




# THE RAY

## 5th Issue 2021-2022

**Prime University**
114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216

# EDITORIAL BOARD


**Patrons:**

**Md. Ashraf Ali** — **Chief Patron**
Chairman, Board of Trustees

**Al-Haj Tofazzal Hossain** — **Patron**
Member, Board of Trustees

**Mir Shahabuddin** — **Patron**
Member, Board of Trustees

**Anwer Hossain Khan** — **Patron**
Member, Board of Trustees

**Advisors:**

**Prof. Dr. M. Jahangir Alam**
Vice Chancellor

**Prof. Dr. Abdul Jabber Howlader**
Pro-vice Chancellor

**Editorial Board:**

**Md. Ashraf Ali** — **Editor**
Controller of Examinations

**Mahboob Ul Alam** — **Executive Editor**
Professor & Head, Dept. of Bangla

**M. A. Jabber** — **Member**
Registrar

**Md. Abu Zaman** — **Member**
Associate Prof., Dept. of EEE

**Dr. Momtaz Begum Momo** — **Member**
Associate Prof., Dept. of CSE

**F. Nahid Huq** — **Member**
Deputy Director
Centre for Research, HRD and Publications

**Rakib Uddin** — **Member**
Assistant Prof., Dept. of English

| | |
|---|---|
| **Aysha AlamTalukder** | **Member** |
| Assistant Prof., Dept. of English | |
| **Mst. TanzilaYasmin** | **Member** |
| Assistant Prof., PU Language School | |
| **Syed Mohammad Rezwanul Islam** | **Member** |
| Assistant Prof., Dept. of Law | |
| **Sujit Kumer Deb Nath** | **Member** |
| Assistant Prof., Dept. of Business Admin. | |
| **Al-Emran Biswas** | **Member** |
| Sr. Lecturer, Dept. of Civil Engineering | |
| **Shariful Islam** | **Member** |
| Lecturer, Dept. of Education | |
| **Shoumik Ahmed** | **Member** |
| Lecturer, Dept. of Bangla | |
| **Shirin Sultana** | **Member Secretary** |
| Assistant Director | |
| Centre for Research, HRD and Publications | |

**Cover Design:** Abu-Bakar Shiddik
56th Batch, BBA
ID: 211020101006
Prime University

**Published by:** Centre for Research, HRD and Publications
Prime University
114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216



CHAIRMAN
BOARD OF TRUSTEES

# MESSAGE

It is an immense pleasure to write a few words as prologue for our in-house annual university magazine 'The Ray'. It is exclusively meant for bringing out the potential writing as a part of students' overall personality development.'The Ray'is a platform for the students to express their creative pursuit which develops in them originality of thought and perception.

We are sure this magazine will help to acquire knowledge and skills, build character, and enhance employability of our young talented students to become globally competent. The all-round progress of our students is of paramount importance and our most cherished motto as it will help them to empower better Bangladesh through education. It is indeed a matter of great pride that our university has made outstanding progress, in academic, co-curricular, and extra-curricular activities. I feel proud of being Chairman of Board of Trustees of such a magnificent institution fully dedicated for the betterment of the students. I congratulate all the contributors and the editorial board for bringing out such an outstanding magazine.

As the Chairman of Board of Trustees, Prime University, it gives me a profound privilege and pleasure to inform that this institution is putting consistent, insistent, and persistent efforts to serve the nation at its best. The main focus of the institution is to empower the students with sound knowledge, wisdom, experience, life values, and methodological training both at the academic level and in the highly competitive global market. The institution aims at changing the face of the country by acting as a prime center of knowledge enhancement and career development. I extend my wishes to all the readers of this message and invite them to join hands with us in our noble mission.

Wishing our University the best for scaling greater success and achieving newer heights in the coming days.



**Md. Ashraf Ali**



VICE CHANCELLOR

# MESSAGE

I am delighted to express my satisfaction that Prime University has published the 5th issue of its Magazine 'The Ray'. A magazine is an integral part of the education system which reflects the identity of an educational institution through creative writings of its students and teachers.'The Ray' is an annual Magazine of Prime University through which students and teacher get opportunity to exercise their creative power of writing. For the budding talents it is a path to make them capable of facing the real world challenges. It creates a bond/link between the present and past students of the University and helps alumni to recall the golden days of their beloved campus.

I appreciate the contributors for their sincere effort to make this Magazine a success. I also admire the Editorial Board for their effort.

I wish the Magazine 'The Ray' reaches an extra height of success in the future endeavor.

**Prof. Dr. M. Jahangir Alam**



# EDITORIAL

Welcome to the fifth issue of **The Ray!!!**

Magazine often mirrors the image of the educational institution through the articles presented by the students and teachers. Prime University magazine is the most appropriate platform for students exposure to the artistic potential among peers. The true potential in writing among students can only be recognized through the work in magazines.

The world has changed abruptly at the onset of Covid-19. The virus literally put much of life to a stop including the immediate past Controller of Examinations and the Editor of **The Ray**, Late Nur Hossain Talukder who wrote the last four editorial speeches. I would like to express my deepest condolence for the departed soul.

The current issue is a compact carrier of knowledge, entertainment and creative exposure of the University members attaining something for inner satisfaction besides monotonous academic studies. In addition, with academic excellence, learners are involving in creative writing for their holistic progress of being moral human beings. This issue is enriched with a lot of amazing information, humorous story, witty quips and whatnot. This magazine is such a podium for that cultivation as a regular practice at Prime University.

On behalf of the editorial board, first of all, I would like to express my heartfelt gratitude to Mr. Md. Ashraf Ali, Chairman, Board of trustees for his generosity to inspire me for this publication. I recall the significant and continuous supervision of Prof. Dr. M. Jahangir Alam,Vice Chancellor of Prime University. He has written an important article about higher education. I am indebted to everyone who has worked for the successful presentation of this magazine. I thank them for providing all sorts of support to bring out the publication. It may not give up to the mark satisfaction regarding quality in this pandemic situation. I apologize for any errors and omissions in it.

Hope this issue of **The Ray** of Prime University will achieve greater accomplishment and attain new heights in future.



**Md. Ashraf Ali**

# PRIME UNIVERSITY

## Board of Trustees




**Md. Ashraf Ali**
Chairman



**Al-Haj Tofazzal Hossain**
Senior Vice Chairman



**Nrepen Maitra**
Vice Chairman



**Firoj Mahmud Hossain**
Secretary General



**Mir Shahabuddin**
Member



**Sajjatuz Jumma**
Member



**Engineer Md. Towhidur Rahman**
Member

# PRIME UNIVERSITY

## Board of Trustees



**Anwer Hossain Khan**
Member



**Asia Zaman (Reta Zaman)**
Member



**Anwar Kamal Pasha**
Member



**Adv. Abul Kalam Azad**
Member



**Ashfaque U. Chowdhury**
Member



**Prof. Dr. M. Jahangir Alam**
Member & Vice Chancellor

# CONTENTS

## প্রবন্ধ


| | | | |
|---|---|---|---|
| Prof. Dr. M. Jahangir Alam | : | Prime University: An Excellent Home for Higher Education | ১৪ |
| প্রফেসর ড. আবদুর রহমান | : | করোনাকালে আমার দেখা গ্রামীণ জীবনযাত্রা | ১৫ |
| এম.এ জব্বার | : | জাতীয় উন্নয়নে গুণগত শিক্ষার প্রয়োজনীয়তা | ১৭ |
| Dr. Munshi Mahbubur Rahman | : | Higher Education Quality Assurance: Role of IQAC – Perspective Prime University | ২৩ |
| আবু জামান | : | বিজ্ঞানী ভালো মানুষের মধ্যে বাস করে | ৩০ |
| মো. মোস্তাফিজুর রহমান | : | প্লেজিয়ারিজম বন্ধে প্রয়োজন আইন প্রণয়ন | ৩২ |
| Bidduth Kumar Dutta | : | Bangabandhu in the Views of the World | ৩৪ |
| মো. আজিজুল ইসলাম | : | ইগো (Ego) | ৩৭ |
| Md. Ariful Islam | : | A Short Essay on Legal Education and Mooting | ৩৯ |
| মো. আহমেদুল আজম | : | করোনাকালীন শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যসুরক্ষা | ৪৩ |
| মাবিয়া মোমেন | : | প্রগতিশীলতা ও আমরা | ৪৬ |
| মো. আল-আমীন | : | বাংলাদেশের উচ্চশিক্ষা ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | ৪৯ |
| মো. আলিউল ইসলাম | : | স্বাধীনতার ৫০ বছর: প্রত্যাশা ও প্রাপ্তি | ৫২ |
| মিঠুন বাইক | : | চাপা কষ্টের ক্ষুদ্র প্রতিবাদের বহিঃপ্রকাশ | ৫৭ |
| মো. আসাদুল ইসলাম | : | হিংস্রতা বনাম ভালোবাসা | ৫৯ |
| দিপা হেব্রম | : | যদি এমন হতো! | ৬১ |
| এনামুল হক নবীন | : | ভুলে যাচ্ছি না তো! | ৬৩ |


## গল্প


| | | | |
|---|---|---|---|
| Azmain-ar-rafi (Omi) | : | The Fair Football Match and The Support | ৬৭ |
| Falguni Barikder | : | An Ideal Student | ৭০ |
| ওহাবুল ইসলাম | : | সাধারণ থেকে অসাধারণ হয়ে ওঠার এক জীবন্ত গল্প | ৭১ |

## কবিতা (ফিরে দেখা)


| | | | |
|---|---|---|---|
| শামসুর রাহমান | : | স্বাধীনতা তুমি | ৭৪ |
| সুফিয়া কামাল | : | পল্লীস্মৃতি | ৭৫ |


## কবিতা


| | | | |
|---|---|---|---|
| আলম তালুকদার | : | আমার আছে জয়বাংলা | ৭৭ |
| অধ্যাপক ড. মো. জাহিদ হোসেন খান | : | জাতির পিতার জন্মশতবার্ষিকী | ৭৯ |
| Prof. Mahboob Ul Alam | : | Becoming a Big Rose | ৮০ |
| মুহাম্মদ আবুল হোসেন | : | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম মৃত্যুবার্ষিকীতে | ৮১ |
| আলমগীর হোসেন | : | অপ্রত্যাশিত করোনা | ৮২ |
| Sanjeda Nasrin | : | Make Your Happiness | ৮৩ |
| মো. ওবায়দুল্লাহ | : | মা | ৮৪ |
| খাদিজা আক্তার | : | আলোর আভাস | ৮৪ |
| মার্জিয়া আক্তার মনি | : | অবুঝ | ৮৫ |
| মো. জসীম উদ্দীন সীমান্ত | : | চিন্তা | ৮৫ |
| খাদিজা জামাল | : | সুখী পরিবার | ৮৭ |
| রায়হান হাবিব | : | নস্টালজিক | ৮৮ |
| আব্দুর রহমান | : | স্বাধীনতা আমার | ৮৯ |
| মো. মনজুরুল হক | : | অভিযোগগুলো বলা হবে কি না জানি না | ৯০ |
| আর সি বি রাজ | : | শুধুই তুমি | ৯১ |
| রিংকু চন্দ্রভৌমিক | : | গুণী কে? | ৯২ |
| মোসতাইন করিম মোজাদ্দেদ | : | ঘুষখোর ও করোনা | ৯৩ |
| সানোয়ার হাসান | : | স্তব্ধ সময় | ৯৪ |
| মো. সাইফুল ইসলাম | : | মহামারি রোগ | ৯৪ |
| সানোয়ার হাসান চৌধুরী সজিব | : | অনর্থ বাঁচা | ৯৫ |


## ছড়া (ফিরে দেখা)


| | | | |
|---|---|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | : | মনে পড়া | ৯৭ |


## স্মৃতিচারণমূলক রচনা


| | | | |
|---|---|---|---|
| এফ. নাহিদ হক | : | স্মৃতিতে কন্ট্রোলার স্যার | ৯৯ |


## রম্যরচনা


| | | | |
|---|---|---|---|
| সংগৃহীত | : | আইনস্টাইনের রসবোধ | ১০২ |
| মো. ইলিয়াস হোসাইন আল-মাহমুদ | : | চাকুরির ইন্টারভিউ | ১০৩ |

## ভ্রমণকাহিনি

মো. আশরাফ আলী : আমার দেখা আইসল্যান্ড ১০৫
মোহাম্মাদ সানোয়ার হোসেন : মাস্কাটের ডায়েরি ১১১

## সচেতনতামূলক রচনা

মো. নাজমুল হক : ডিজিটাল প্রযুক্তির অপব্যবহার রোধে সচেতনতা জরুরি ১১৬

## Prime University in International Arena

Salim Uddin : MoU Signing with Two Universities of India ১১৯

## সাক্ষাৎকার

ইমান হোসেন : জাহাঙ্গীর পাঠান ইফতি (প্রাক্তন ছাত্র, প্রাইম ইউনিভার্সিটি ও একজন সফল উদ্যোক্তা) ১২২

## Photo Gallery ১২৫

# প্রবন্ধ

Prof. Dr. M. Jahangir Alam : Prime University: An Excellent Home for Higher Education
প্রফেসর ড. আবদুর রহমান : করোনাকালে আমার দেখা গ্রামীণ জীবনযাত্রা
এম.এ জব্বার : জাতীয় উন্নয়নে গুণগত শিক্ষার প্রয়োজনীয়তা
Dr. Munshi Mahbubur Rahman : Higher Education Quality Assurance: Role of IQAC – Perspective Prime University
আবু জামান : বিজ্ঞানী ভালো মানুষের মধ্যে বাস করে
মো. মোস্তাফিজুর রহমান : প্লেজিয়ারিজম বন্ধে প্রয়োজন আইন প্রণয়ন
Bidduth Kumar Dutta : Bangabandhu in the Views of the World
মো. আজিজুল ইসলাম : ইগো (Ego)
Md. Ariful Islam : A Short Essay on Legal Education and Mooting
মো. আহমেদুল আজম : করোনাকালীন শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যসুরক্ষা
মাবিয়া মোমেন : প্রগতিশীলতা ও আমরা
মো. আল-আমীন : বাংলাদেশের উচ্চশিক্ষা ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মো. আলিউল ইসলাম : স্বাধীনতার ৫০ বছর: প্রত্যাশা ও প্রাপ্তি
মিঠুন বাইক : চাপা কষ্টের ক্ষুদ্র প্রতিবাদের বহিঃপ্রকাশ
মো. আসাদুল ইসলাম : হিংস্রতা বনাম ভালোবাসা
দিপাহেন্দ্রম : যদি এমন হতো!
এনামুল হক নবীন : ভুলে যাচ্ছি না তো!



## Prime University: An Excellent Home for Higher Education

**Prof. Dr. M. Jahangir Alam**
Vice Chancellor

As one of the leading private Universities in Bangladesh, Prime University proved itself excellent by ensuring qualitative learning to fulfill the needs of a dynamic society.The University tries to equip students with the means to become productive members of the globe. It provides students an outstanding environment for education and makes them push boundaries to mark a difference.

Situated at the heart of Dhaka City, Prime University has wonderful campus with a ten storeyed building having modern facilities. It provides a healthy, safe and secure environment for academic pursuits.

The University offers a number of under graduate and post graduate programs in different engineering and non-engineering departments. It also offers language teaching courses on dominating languages of the world including English, Japanese, Chinese, Korean, etc. with a view to creating competent manpower in order to cope with the international challenges. There are some training programs which are organized to help participants compete in the job market. The academic environment here provides students with all kinds of support and guidance to fit them with the ever-changing global environment.

The University patronizes research activities on science, engineering and socio-economy arena of the country and the globe. Research journals are published regularly with research articles by the renowned academics and professionals. As a knowledge generator, the University always tries to provide new knowledge, changes paradigms, aid society in its development and meet new challenges. It organizes a number of seminars/webinars, workshops and conferences on contemporary issues with the active participation of the faculty members and students. Such events help students build leadership and enhance team spirit among them.

The University plans to expand its existing facilities and introduce new departments in different faculties. The University aims at catering to the needs of the people of the country as well as of the world and to acquire an esteemed position in the sphere of higher education in the global arena.



# করোনাকালে আমার দেখা গ্রামীণ জীবনযাত্রা

**প্রফেসর ড. আবদুর রহমান**

বিভাগীয় প্রধান, ব্যবসায়  প্রশাসন বিভাগ ও প্রক্টর

আমি সমুদ্র উপকূলবর্তী বরগুনা জেলার বেতাগী উপজেলার করোনাকালীন মানুষের জীবনের কথা বলছি। আমার প্রতিবেশী মন্টু ও বাদলের পরিবার বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে গাভি ক্রয় করেছে করোনা শুরুর আগেই। কৃষি কাজের সাথে দুধ বিক্রি করে ঋণের কিস্তি পরিশোধসহ মোটামুটি ভালোভাবেই চলছিল তাদের পরিবার। তারা নিজেদের যৎসামান্য আবাদি জমির সাথে বর্গা জমি চাষ করে বাৎসরিক খোরাকের চাল পেয়ে যায়। ছেলে-মেয়েরা লেখাপড়াও করে বিভিন্ন পর্যায়ে। করোনার এক পর্যায়ে আসে লকডাউন। মন্টু, বাদল দুধ বিক্রি করবে কোথায়? মিষ্টির দোকান বন্ধ। মাঝে মাঝে  গিয়ে রাস্তার পাশে বসে। হঠাৎ পুলিশ, র‍্যাব কিংবা নৌবাহিনীসহ আসেন ম্যাজিস্ট্রেট। বাজারে ওঠা আমজনতার দৌড়াদৌড়ি আর হুড়াহুড়িতে দুধ পড়ে যায় রাস্তায়। খালি কলসি নিয়ে চোখের পানি ফেলতে ফেলতে বাড়ি চলে আসে মন্টু-বাদলের মতন উল্লেখযোগ্য সংখ্যক পরিবারের লোকেরা।

গ্রামের যে সমস্ত পরিবার সবজি চাষ করে সংসারের অধিকাংশ ব্যয় মেটান তাদের দুর্ভোগও কম দেখিনি। সরকারি সহায়তা উল্লেখযোগ্যভাবেই স্থানীয় পরিষদগুলোর কাছে পৌঁছেছে কিন্তু বাস্তবতা হলো এই যে, সেক্ষেত্রে দ্বায়িত্বপ্রাপ্ত প্রতিনিধিদের বিভিন্ন কাজে যাদের প্রয়োজন তারা এবং তাদের আত্মীয়-স্বজনরাই উল্লেখ্যযোগ্য হারে সরকারি সুযোগ-সুবিধা ভোগ করেছেন। এমনও দেখা গেছে, যে ব্যক্তির উপজেলা সদরে ব্যবসায় প্রতিষ্ঠান আছে, ভালো ব্যবসা আছে, ২ একরের কাছাকাছি চাষাবাদযোগ্য জমির মালিক তিনি সরকারি আর্থিক সুবিধা পেয়েছেন কিন্তু যে অসহায়, বিধবা কিংবা ভূমিহীনদের ঘরে খাবার চাল নেই তিনি ফিরেছেন খালি হাতে। ব্যক্তিগত পর্যায়ে যারা করোনাকালে সহায়তা দিয়েছেন তাও বহুলাংশেই দলীয় পর্যায়ে বিবেচনাধীন দেখেছি। করোনাবিহীন অন্যান্য রোগে আক্রান্তদের চিকিৎসা নিয়ে আহাজারি ছাড়া আর কিছুই দৃশ্যমান হয়নি। গ্রামের স্বচ্ছল পরিবারের ছেলে-মেয়েদের প্রাইভেট, কোচিং সবকিছুই চলেছে যথারীতি কিন্তু সর্বনাশ হয়ে গেছে মধ্যবিত্ত আর নিম্ন মধ্যবিত্তের সন্তানদের। একদিকে শিক্ষাপ্রতিষ্ঠান দীর্ঘ মেয়াদে বন্ধ: পাশাপাশি যৎসামান্য আয় রোজগার যা ছিল তা  কমে যাওয়ার কারণে সন্তানদের আর প্রাইভেট কিংবা কোচিংয়ে দেওয়া সম্ভব হয়নি; প্রয়োজনে সাংসারিক কাজে লাগানো হয়েছে। বাস্তবিক অর্থেই উল্লিখিত শ্রেণির সন্তানেরা লেখাপড়ায় যে কতটা পিছিয়ে গেছে তা অভাবনীয়। আর ভবিষ্যতে এ ক্ষতি পুষিয়ে নেওয়া অনেকটাই অসম্ভব। একথা এখানে বলা খুব একটা অযৌক্তিক হবে না যে, করোনাকালে আমাদের বিভক্ত সমাজের আর্থ-সামাজিক বিভাজন আরও প্রকট হয়েছে। পশ্চাৎপদশ্রেণির সন্তানেরা তাদের ভবিষ্যৎ জীবনে সক্ষমতা অর্জনের পথে আরও এক নব প্রতিবন্ধকতার সম্মুখীন হবেন। এখানে অধ্যাপক নার্কসের 'ভিসিয়াস সার্কেল অফ প্রোভারটি' তত্ত্বের সারকথা আর একবার মনে পড়ে যায়: 'সে দরিদ্র কারণ সে দরিদ্র।'

একথা বলা অত্যন্ত যৌক্তিক যে, করোনায় গ্রামীণ মধ্যবিত্ত হয়েছে নিম্ন-মধ্যবিত্ত আর নিম্ন-মধ্যবিত্ত হয়েছে সর্বহারা। বেড়েছে নতুন দারিদ্র্যের মাত্রা। খাবারের প্লেটে কমেছে ডাল-ভাতের পরিমাণ। বেড়েছে মা ও

শিশুদের পুষ্টিহীনতার মাত্রা। গ্রামীণ শ্রমিকদের (ফরমাল এবং ইনফরমাল) শারীরিক শক্তি হ্রাস পাওয়ায় কর্মক্ষমতাও হ্রাস পেয়েছে। হারিয়েছে মানসিক শক্তি, বেড়েছে ঋণের পরিমাণ। গ্রামীণ সুদের ব্যবসায়ীদের ঝুলিতে বেড়েছে সুদের মূলধন। অভাবের তাড়নায় গাছপালা বিক্রি হয়ে যাওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে পরিবেশ। গ্রামের রাস্তাগুলোতে যারা রিকশা, ভ্যান, অটো, টেম্পু চালিয়ে সংসার চালাতো তাদের অবস্থা বর্ণনাতীত। যে সমস্ত জমির মালিকেরা নিজেদের জমি চাষ না করে বাৎসরিক নগদ টাকায় জমি লিজ দেয় চাষীদের কাছে; তারাও পড়েছেন মহাবিপদে। কারণ, যে সমস্ত চাষিরা পরের জমি বাৎসরিক নগদ টাকায় লিজ নিয়ে চাষাবাদ করে তারা নগদ অর্থের অভাবে জমি লিজ নিতে পারছে না। ফলে সরজমিনে তথ্য সংগ্রহ করতে গিয়ে দেখা গেছে, উল্লিখিত জমির মালিকেরা জমি বাৎসরিক লিজ দিয়ে টাকা না পাওয়ায় তারা সংসার পরিচালনায় বিপাকে পড়েছে। শুধু তাই নয় প্রতিটি আবাদি জমির মাঠে উল্লেখযোগ্যহারে আবাদযোগ্য জমি চাষাবাদ হচ্ছে না। স্বাভাবিকভাবেই খাদ্য উৎপাদন কমছে।

প্রিয় পাঠকবৃন্দ, গ্রামীণ যে সমস্ত পরিবারের সদস্যবৃন্দ শহরে রিকশাচালক, ভ্যানচালক ছিলেন, ক্ষুদ্র ব্যবসায়ী ছিলেন, বিভিন্ন মার্কেটে কর্মচারী হিসাবে কাজ করতেন, কাজ করতেন ক্ষুদ্র ফ্যাক্টরিতে; করোনাকালে তারা অধিকাংশ বাড়িতে গিয়ে হাজির। খালি হাতে কোনোভাবে ঋণ করে দ্বিগুণ, তিনগুণ ভাড়া দিয়ে কোনোমতে ফিরেছেন আপনজনের কাছে। তাকে বাড়ির লোকের ভয়ে, প্রতিবেশীর ভয়ে, গ্রামের মানুষের ভয়ে নিজ গৃহে আত্মগোপন করে থাকতে হয়েছে। তাকে কেউ  দেখে ফেললেই ঘেরাও হয়ে যাবে কারণ সে শহর থেকে করোনা নিয়ে এসেছে।

করোনাকালীন ইদুল ফিতর ও ইদুল আজহার সময়কার গ্রামীণ জনগোষ্ঠীর বিষয়ে না বললে নিজেকে অপরাধী বলে মনে হবে। সকলেই অবগত, গ্রামীণ সংস্কৃতিতে ইদের সময়ে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত পরিবারের বয়স্করা নতুন জামা-কাপড় না কিনলেও ইদুল ফিতরের সময় শিশু-কিশোরদের নতুন জামা-কাপড় দেওয়ার চেষ্টা করেন গৃহকর্তারা কিংবা আত্মীয়-স্বজনরা। করোনাকালীন এ শ্রেণির সিংহভাগ শিশু কিশোরদের অবয়ব মলিন দেখেছি নতুন জামা কাপড় না পাওয়ার কারণে।

অর্থাভাবে সিংহভাগ গ্রামীণ পরিবার এবারের ইদুল আযহার কোরবানি দিতে পারেননি। স্বচ্ছল পরিবার যারা কোরবানি দিয়েছেন তারা মাংস বিতরণ করতে গিয়েও সমস্যায় পড়েছেন। এসব কারণে ইদের আনন্দ তেমন প্রতিফলিত হয়নি। প্রতিটি গ্রামে কিছু মহিলা রয়েছেন যারা ২-১ টা গরু-ছাগল প্রতিপালন করেন, কোরবানির সময়ে বিক্রি করে কিছু টাকা হাতে পাবেন এমন আশায়। কিন্তু অধিকাংশ লোক কোরবানি না করায় তাদের পালিত পশু রয়ে গেছে অবিক্রিত। তাদের পড়েছে মাথায় হাত।

গ্রামের গ্রোথ সেন্টারগুলোতে যারা ছোট ব্যবসায়ী; তারা অনেকেই বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান কিংবা গ্রামীণ সুদের ব্যবসায়ীদের থেকে (মাসে ১০০ টাকায় ৫ টাকা থেকে ৮ টাকা সুদ) লোন নিয়ে ব্যবসায় পরিচালনা করেন। করেনাকালে তাদের দোকানের বন্ধ ঝাঁপ। এখন আর ঋণের ভারে খোলার সম্ভবনা নেই।

চলমান প্রবন্ধে করোনাকালীন গ্রামীণ জীবনযাত্রার যৎসামান্য চিত্র তুলে ধরার চেষ্টা করলাম তবে করোনাকালীন গ্রামীণ অর্থনীতি বিষয়ে নিবিড় গবেষণা প্রয়োজন এবং একইসাথে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্যে সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের বাস্তবসম্মত পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়নে উদ্যোগী হওয়া প্রয়োজন।

# জাতীয় উন্নয়নে গুণগত শিক্ষার প্রয়োজনীয়তা



**এম.এ জব্বার**
রেজিস্ট্রার

**সূচনা**

মানবসম্পদ উন্নয়নে বিশেষ করে শিক্ষাক্ষেত্রে গত এক দশকে বাংলাদেশে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। এ সময়ে সরকার প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও উচ্চশিক্ষায় প্রবেশ ও সুযোগ-সুবিধার সম্প্রসারণ ঘটিয়েছে। বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশসমূহের গ্রুপে প্রবেশ করেছে। প্রতিযোগিতামূলক এ বিশ্বে বাংলাদেশের মতো একটি দেশকে উন্নয়নের গতিধারা সচল রাখতে মানসম্মত শিক্ষা অবশ্য একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিবেচিত। শুধু বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতকদের অর্জিত জ্ঞানের মাধ্যমেই উন্নত অর্থনীতির দেশসমূহের সাথে বাংলাদেশের আয়ের বৈষম্য কমিয়ে আনা সম্ভব। মানসম্পন্ন স্নাতক তৈরির জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দক্ষতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ অবশ্যই গ্রহণ করতে হবে। মানসম্মত শিক্ষা মানুষকে জ্ঞানভিত্তিক অর্থনীতি নির্মাণের জন্য মানবসম্পদ তৈরি করে এবং সৃজনশীলতা ও নতুনত্বের উদ্দীপক হিসেবে কাজ করে। জাতি হিসেবে বাংলাদেশের বেশিরভাগ মানুষ শিক্ষা গ্রহণের অর্থ বুঝতে প্রায় অক্ষম। স্কুলে ভর্তি হওয়ার পর থেকে শিশুদের একটি ভালো চাকুরি পাওয়ার জন্যই শিক্ষা গ্রহণ করতে বলা হয়, এমনকি নীতি নির্ধারকরাও এ ধারণার বাইরে চিন্তা করেন বলে মনে হয় না। বেশিরভাগ মানুষ দৃঢ়ভাবে বিশ্বাস করে, ১৬ বছরের শিক্ষাজীবন শেষ করে একজন শিক্ষার্থীর বৈধ বা অবৈধভাবে ঘুষ দিয়ে একটি চাকুরি পাওয়াই তাদের জীবনের সর্বোচ্চ সার্থকতা।

বাংলাদেশের বেশিরভাগ মানুষ গ্রামীণ জনপদে বসবাস করে। কিন্তু অধিকতর ভালো শিক্ষার সুযোগ-সুবিধা, মানসম্মত শিক্ষা এবং প্রশিক্ষিত শিক্ষক নিয়োগের মাধ্যমে শিশুদের স্কুলে ভর্তি ও উপস্থিতি নিশ্চিতকরণের গৃহীত পদক্ষেপসমূহ যথেষ্ট বলে বিশেষজ্ঞ মহল মনে করে না। শিক্ষকদের মান ও তাদের শিক্ষাদান পদ্ধতি মোটেই সন্তোষজনক নয়। উচ্চশিক্ষার জন্য যথাযথভাবে প্রস্তুত নয় এমন অনেক ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হচ্ছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উচ্চ পাশের হার শিক্ষার যথাযথ মানোন্নয়ন ঘটিয়েছে এটা নিশ্চিত করে না। ইমারতের ভিত্তি শক্ত না-হলে একটি আদর্শ মজবুত বাড়ি যেমন তৈরি করা সম্ভব নয় তেমনি প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষার গুণগত মান উন্নত না করে উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়ন কোনোক্রমেই সম্ভব নয়। পৃথিবীর বেশিরভাগ উন্নত ও উন্নয়নশীল দেশ তাদের জাতীয় আয়ের বিশাল অংশ শিক্ষার গুণগত মানোন্নয়নে ব্যয় করে এবং বেসরকারি খাতকে শিক্ষাখাতে বিনিয়োগের জন্য উৎসাহিত করে থাকে। শিক্ষার মানোন্নয়নে বাংলাদেশ ঐ সমস্ত দেশকে অনুসরণ করতে পারে।

**জাতীয় অগ্রগতিতে শিক্ষার ভূমিকা :**

জাতীয় অগ্রগতিতে শিক্ষা নিম্নরূপ ভূমিকা পালন করে থাকে:

**জনগণকে সুনাগরিক হিসেবে গড়ে তোলে :**

শিক্ষিত নাগরিক দেশের আর্থ-সামাজিক অবস্থা সম্বন্ধে জ্ঞাত ও সচেতন বিধায় দেশের উন্নয়ন কর্মকাণ্ডে সহযোগিতা করতে পারে। শিক্ষিত মানুষেরা অতি সাধারণ বিষয় যেমন পানি ব্যবহারে মিতব্যয়ী হবে এবং জ্বালানি তেল সাশ্রয়ের জন্য নিজস্ব গাড়ির বদলে বাসে যাতায়াত করবে। শিক্ষিত জনগোষ্ঠী স্কুল/কলেজ এবং কর্মস্থলে সুনাগরিক হওয়ার বিষয়গুলোর ব্যাপারে শিক্ষা লাভের সুযোগ পেয়েছে। যারা কখনও শিক্ষার পরিবেশ পায়নি তাদের পক্ষে সুনাগরিক হওয়ার বিষয়গুলো শেখা সম্ভব হয়নি।

**ভোট প্রদানের গুরুত্ব জানতে শেখায় :**

শিক্ষা ভোটারদের ভোট প্রদানের গুরুত্ব শেখায়। কাকে ভোট দিলে দেশের অর্থনীতি সঠিক পথে চলবে তা শিক্ষিতরা বুঝতে পারে। কোনো একদলের বিপরীতে অন্যদলকে দেশের স্বার্থে কেন ভোট দিতে হবে, তা একজন শিক্ষিত লোকই অনুধাবন করতে পারে। অশিক্ষিত লোক জানে না কীভাবে সঠিক ব্যক্তিকে ভোট প্রদানের জন্য সিদ্ধান্ত নিতে হবে। শিক্ষিত নাগরিকরাই ভোটের গুরুত্ব অনুধাবন করতে পারে।

**চাকুরি প্রাপ্তিতে সহযোগিতা করে :**

একজন লোক শিক্ষিত না হলে কোনোক্রমেই একটি উপযুক্ত ভালো চাকুরির প্রত্যাশা করতে পারে না। স্নাতক উর্ত্তীণ ব্যক্তি স্নাতক নয় এমন ব্যক্তির চেয়ে জাতীয় অর্থনীতিতে বেশি অবদান রাখতে পারে। বেকার সমস্যা জাতীয় উন্নয়নের জন্য একটি বিরাট বাধা এবং প্রবৃদ্ধির জন্যও একটি অন্তরায়। বিশ্বের অনেক দেশের অর্থনৈতিক অবস্থা দুঃখজনক। অশিক্ষিত ও অর্ধশিক্ষিত লোকের প্রয়োজনীয় দক্ষতা না-থাকায় তারা বেকার থাকে এবং জাতীয় অর্থনীতিতে কোনো অবদান রাখতে পারে না। অনলাইন ও বৃত্তিমূলক শিক্ষা প্রদানের মাধ্যমে অদক্ষ জনগোষ্ঠীকে দক্ষ করে গড়ে তোলা সম্ভব।

**দারিদ্র্য দূরীকরণে সহায়তা করে :**

চরম দারিদ্র্যের মধ্যে জীবনযাপন করা জনগোষ্ঠী জাতীয় উন্নয়নে ভূমিকা রাখতে অক্ষম। কোনো কোনো ক্ষেত্রে তাদের মৌলিক পড়া বা লেখার দক্ষতা থাকে না। শিক্ষা দারিদ্র্যের অবসান করে এবং শিক্ষার মান যত উপরে উঠবে দেশ তত উন্নত হবে।

**সমাজের বৈষম্য দূর করে :**

শিক্ষা বৈষম্য দূরীকরণের একটি খুব ভালো মাধ্যম। যদি কোনো দেশ ও সমাজের সকল জাতিগোষ্ঠী, সকল ধর্ম ও বর্ণের নাগরিকদের সমান সুযোগ নিশ্চিত করতে চায় তবে সকলের জন্য সমান শিক্ষার সুযোগ সর্বাগ্রে নিশ্চিত করতে হবে। শিক্ষা চাকুরি ক্ষেত্রে অধিকতর ভালো চাকুরি প্রাপ্তি নিশ্চিত করে।

**অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করে:**

যে সকল দেশে শিক্ষিতের হার বেশি তাদের নাগরিকদের মাথাপিছু আয়ও বেশি। যদিও উন্নয়নশীল অনেক দেশের উচ্চশিক্ষিতের হার রয়েছে, কিন্তু বিভিন্ন কারণে কাঙ্ক্ষিত উন্নয়ন হচ্ছে না।

**লিঙ্গভিত্তিক সহিংসতা হ্রাস করে :**

অনেক দেশে লিঙ্গভিত্তিক সহিংসতা মেয়েদের শিক্ষাগ্রহণের অধিকারকে বাধাগ্রস্ত করে। যখন মেয়েরা ভয়ে থাকে তখন তারা স্কুলে যেতে পারে না। জনগণ যখন সুশিক্ষিত হবে তখন তাদের মানসিকতায় পরিবর্তন আসবে ও নারীর প্রতি সহিংসতা কমবে।

**মাতৃমৃত্যুর হার কমায় :**

যেসব দেশের নাগরিকরা উচ্চশিক্ষিত, সেসব দেশে মাতৃমৃত্যুর হার কম। মায়েরা শিক্ষিত হলে বেশিদিন বাঁচবে, সন্তানদের সঠিকভাবে লালন-পালন করতে পারবে এবং সন্তানদের সুশিক্ষা প্রদানের মাধ্যমে নিজেদের দারিদ্র্য দূর করে জাতীয় অগ্রগতিকে ত্বরান্বিত করতে সক্ষম হবে।

**শিক্ষার গুণগত মান :**

শিক্ষা গ্রহণের সুযোগ লাভ গুরুত্বপূর্ণ, কিন্তু তার চেয়ে গুরুত্বপূর্ণ শ্রেণিকক্ষে মৌলিক জ্ঞান ও দক্ষতা অর্জন করা। পৃথিবীর বিভিন্ন স্থানে কয়েক বছর স্কুলে গমন করেও অনেক শিশু মৌলিক লেখা বা পড়া শিখতে পারে না। শিক্ষা ও মানব উন্নয়নের একটি পূর্বশর্ত হলো উচ্চমানের শিক্ষা ব্যবস্থা। শ্রেণিকক্ষের ভেতর ও বাইরের পরিবেশ শিক্ষার মানকে প্রভাবিত করে। সর্বোপরি শিক্ষার গুণগত মান অর্জন একটি বড় চ্যালেঞ্জ, বিশেষ করে যেসব দেশে সম্পদের সীমাবদ্ধতা রয়েছে এবং যেখানে শিক্ষা ব্যবস্থাকে সঠিকভাবে পরিচালিত হতে বিভিন্ন বাধার সম্মুখীন হতে হয়।

**বৈশ্বিক শিক্ষার সংকট :**

অধিক সংখ্যক শিশুকে স্কুলে পাঠানোর জন্য বিগত ২০০০ সাল থেকে বিশ্বব্যাপী একটি কঠোর প্রচেষ্টা চলছে। ঐ বছরটি হলো জাতিসংঘ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য নির্ধারণ এবং সবার জন্য শিক্ষার ৬ টি লক্ষ্য গৃহীত হওয়ার বছর। দুর্ভাগ্যবশত ঐ সময়ে শিক্ষার গুণগত মান এবং স্কুলের উপরে সমান গুরুত্ব দেওয়া হয়নি। শিক্ষার গুণগত মানের উন্নয়ন ও শেখার ওপর পর্যাপ্ত গুরুত্ব না দেওয়ায় এখন বৈশ্বিক শিক্ষার সংকট হিসেবে চিহ্নিত হচ্ছে। পূর্বের চেয়ে বর্তমানে অনেক বেশিসংখ্যক শিশু স্কুলে প্রবেশের সুযোগ পেলেও তারা স্কুলে মৌলিক দক্ষতা শিখছে না। সকল শিশুর স্কুলে প্রবেশের সুযোগসহ শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চমানের শিক্ষাপ্রদান নিশ্চিত করতে হবে। অনেক উন্নয়নশীল দেশের জন্য এটা একটা বড় চ্যালেঞ্জ। অভিভাবকরা যদি মনে করেন যে, স্কুলে তার সন্তান বিশেষ কিছু শিখছে না, তবে তারা তাদের সন্তানদের স্কুলে পাঠাতে নিরুৎসাহিত হবে।

**উন্নয়নশীল দেশসমূহের জন্য সাধারণ চ্যালেঞ্জ :**

- যোগ্য শিক্ষকের অভাব।
- অধিক সংখ্যক শিক্ষার্থীর ভারে উপচে পড়া শ্রেণিকক্ষ।
- শিক্ষাদান উপকরণের অভাব এবং নিম্নমানের পাঠ্যক্রম।
- শিক্ষার্থীর মাতৃভাষা ব্যতীত অন্য ভাষায় পাঠদান।

অনেক দেশে শিশুদের শেখার দক্ষতা অর্জনের ক্ষেত্রে ভাষা একটি বড় বাধা। অনেক শিশু ভাষাগত কারণে ক্লাসের পাঠদান অনুসরণ করতে পারে না। অন্য ভাষার চেয়ে নিজের ভাষায় তার শেখার আগ্রহ অনেক বেড়ে যায়। শেখার দুর্বল ফলাফল প্রাথমিকভাবে অনেক দরিদ্র, প্রান্তিক পরিবারের সন্তানদের প্রভাবিত করে। অনেক দেশে সম্পদশালী অভিভাবকরা গুণগত মানসম্পন্ন শিক্ষা অর্জনের জন্য তাদের সন্তানদের উন্নতমানের উচ্চ টিউশন ফি সম্বলিত স্কুলে পাঠিয়ে থাকে। শিক্ষার উচ্চ গুণগতমানোন্নয়নে বিনিয়োগের মাধ্যমে সকল শিশুর জন্য সমান সুযোগ সৃষ্টি করা যেতে পারে। অর্থনৈতিক উন্নয়নের অন্যতম ভিত্তি এবং দারিদ্র্যের বিরুদ্ধে লড়াই হলো সমস্ত শিশুদের ভালো স্কুলে পড়াশোনার সুযোগ সৃষ্টি করা। গবেষণা আরও ইঙ্গিত করে যে, একটি দেশে গণতন্ত্র ও সুশাসন নিশ্চিত করার জন্য উচ্চমানের শিক্ষা নিশ্চিত করা অন্যতম কার্যকর উপকরণ।

**শিক্ষক :**

অনেক উন্নয়নশীল দেশে দক্ষ ও যোগ্য শিক্ষকের অভাব রয়েছে। মানসম্মত শিক্ষার জন্য ভালো শিক্ষকও প্রয়োজন। ভালো শিক্ষকের মূল বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে অ্যাকাডেমিক জ্ঞান, যোগাযোগের দক্ষতা এবং সহযোগিতা করার পাশাপাশি শিক্ষার্থীদের স্বতন্ত্রতার কথা জানার ক্ষমতা। বেশ কয়েকটি উপাদান একত্রে একজন ভালো শিক্ষক তৈরি করে। শিক্ষকের মান নির্ভর করে তার শিক্ষাগত যোগ্যতা এবং ব্যক্তিগত গুণাবলির ওপর। শিক্ষকদের সম্মানজনক বেতন ভাতা প্রদান অনেক দেশে একটি বড় চ্যালেঞ্জ। কোনো কোনো দেশে তাদের বেতন ভাতা এতটাই কম যে, এর দ্বারা জীবিকা নির্বাহ করা সম্ভব নয় বিধায় শিক্ষকরা বেঁচে থাকার জন্য অতিরিক্ত অন্য কাজ করতে বাধ্য হন।

**মানসম্মত শিক্ষা অর্জনের মাধ্যমে বৈশ্বিক উন্নয়নের ৭ টি উপায় :**

শিক্ষা একটি গুরুত্বপূর্ণ উপাদান, যা মানব উন্নয়নের সূচকে ব্যাপক অবদান রাখে। টেকসই বৈশ্বিক উন্নয়ন অর্জনের সবচেয়ে কার্যকর উপায় হলো একমাত্র মানসম্মত শিক্ষা।

**মানসম্মত শিক্ষা অর্জনের উপায়গুলো নিম্নরূপ:**

- সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি ও উপস্থিতি নিশ্চিতকরণের পদক্ষেপ গ্রহণ।
- সকল দেশ 'সবার জন্য শিক্ষা' ধারণাটিকে অগ্রাধিকার দিলে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন সম্ভব। অগ্রগতি হলো একটি বৈশ্বিক আন্দোলনের সূচনা, যা প্রতিটি দেশের প্রতিটি শিক্ষার্থী সুশিক্ষিত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের কাছ থেকে সুবিন্যস্ত পাঠ্যক্রমের মাধ্যমে টেকসই উন্নয়নের জন্য প্রাথমিক জীবনদক্ষতা (ইধংরপ খরভব ঝশরষষ) শিখতে পারে।
- উন্নয়নশীল দেশসমূহে শিক্ষার ভয়াবহ সংকট সমাধানে সহায়তা করতে নীতি নির্ধারক কর্তৃক সুনির্দিষ্ট ও কঠোর নীতিমালা সুপারিশ করা উচিত। শিক্ষাখাতের প্রতিটি সুবিধাভোগীদের (সরকার, শিক্ষক, অভিভাবক এবং এমনকি শিক্ষার্থী) ঐ নীতিমালা বাস্তবায়নের জন্য কাজ করা প্রয়োজন।
- প্রণীত নীতিমালাসমূহের মূল্যায়ন ও মনিটরিং যথাসময়ে সম্পন্ন করা অত্যন্ত প্রয়োজন।
- শিক্ষা ফ্রেমওয়ার্ক কর্মপরিকল্পনা কঠোরভাবে প্রবর্তন এবং এর অগ্রগতি অনুঘটক ও নিরীক্ষণের জন্য কার্যক্রমগুলো পর্যালোচনা করা উচিত।

- শিক্ষা-সংস্কার কার্যক্রম চালু এবং তা অব্যাহত রাখার জরুরি প্রয়োজনীয়তা রয়েছে।
- সবার জন্য ন্যায়সঙ্গত উচ্চমানের শিক্ষা অর্জনের প্রতিবন্ধকতা দূর করতে পারে কার্যকর শিক্ষা কর্মসূচির সাথে একটি সুপরিকল্পিত প্রতিশ্রুতি এবং লক্ষ্যমাত্রা।
- **বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা উন্নয়নের জন্য কতিপয় প্রস্তাব:**
- পরীক্ষার গাইডবুকের ব্যবহার সীমাবদ্ধ করার মাধ্যমে মুখস্থকরণের অনুশীলন দূর করা।
- সকল প্রকার প্রাইভেট কোচিং বন্ধ করে শ্রেণিকক্ষে সুষ্ঠুভাবে নিয়মিত পাঠদানে শিক্ষকদের উদ্বুদ্ধ করা, যাতে শিক্ষার্থীদের প্রাইভেট কোচিং-এর জন্য কারও শরণাপন্ন হতে না হয়।
- শিক্ষক-শিক্ষার্থীর যোগাযোগের সময়কে আন্তর্জাতিক মানের অনুপাতে বাড়ানো।
- প্রযুক্তিগত, গাণিতিক এবং বিজ্ঞান শিক্ষাকে অগ্রাধিকার দেওয়া।
- শিক্ষার সকল স্তরে মাতৃভাষা বাংলার উপর দক্ষতা অর্জন ও আন্তর্জাতিক ভাষা হিসেবে ইংরেজি ভাষা ভালোভাবে শেখার ব্যবস্থা।
- দক্ষিণ এশিয়া/বিশ্বমানের সাথে সামঞ্জস্য রেখে শিক্ষকদের বেতন বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ।
- জাতীয় দারিদ্র্য মানচিত্র ব্যবহার করে, দারিদ্র্যপীড়িত অঞ্চলে নির্ধারিত স্কুলে শিক্ষার্থীদের মধ্যে খাদ্য বিতরণ কর্মসূচি ও স্বাস্থ্যসেবার সুবিধাদি প্রবর্তন করা।
- গার্মেন্টস শিল্প-কারখানা এলাকায় স্কুল প্রতিষ্ঠা বা স্থানান্তর।
- মাধ্যমিক স্তরের গরিব পুরুষ শিক্ষার্থীদের জন্যও বৃত্তি চালু করা।
- উপজেলা পর্যায়ে অধিকসংখ্যক কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করে কারিগরি শিক্ষার প্রসার ঘটানো।
- জিপিএ (গ্রেড পয়েন্ট এভারেজ) মানচিত্র তৈরি করে খারাপ ফলাফল করা এলাকা চিহ্নিত করে মানোন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের জন্য খেলার মাঠ থাকা বাধ্যতামূলক করা।
- সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহিলাবান্ধব আবাসন ও মানসম্পন্ন স্যানিটারি সুবিধার ব্যবস্থা।
- শিক্ষক পোর্টালের মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা।
- চরম দরিদ্র পরিবারের শিশুদের জন্য বিশেষ বৃত্তির ব্যবস্থা।
- বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে আরও বিশ্ববিদ্যালয়, প্লানেটেরিয়াম, লাইব্রেরি ও ল্যাবরেটরি স্থাপন এবং আধুনিক বৈজ্ঞানিক সরঞ্জামাদির ব্যবস্থা।
- সকল প্রাথমিক ও মাধ্যমিক স্কুলে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ স্থাপন।

- সকল কলেজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোর্স চালু।
- বাংলাদেশ রিসার্চ নেটওয়ার্কের পূর্ণাঙ্গ বাস্তবায়ন।
- বাংলাদেশের পাঠ্যক্রমকে Program for International Student Assessment (PISA) এর মতো বিশ্বমানের প্রোগ্রামের সাথে সংযুক্তকরণ।
- শিক্ষকদের পর্যবেক্ষণ ও নিরীক্ষণের জন্য মাল্টিমিডিয়া ক্লাস রুমে (গগঈ)ড্যাশবোর্ড ব্যবহার করা।
- শিক্ষার মান এবং কর্মক্ষেত্রের সাথে তার প্রাসঙ্গিকতার পর্যালোচনা।
- জাতীয় দক্ষতা-উন্নয়ন নীতির যথাযথ বাস্তবায়ন করা।
- একটি 'লাইফ স্কিলস্ প্রোগ্রাম' ডিজাইন ও বাস্তবায়ন করা।
- নারী শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতনা বৃদ্ধি।
- মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ মোকাবিলার জন্য সকল স্তরে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির সাথে শিক্ষার্থীদের পরিচিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য স্নাতক তৈরির জন্য বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাংলা ও ইংরেজির সাথে অন্য ভাষায় দক্ষতা অর্জনের ব্যবস্থা গ্রহণ।
- মাদ্রাসা শিক্ষার সকল স্তরকে আধুনিকায়ন ও আরও যুগোপযোগী করা। মাদ্রাসার শিক্ষার্থীদের বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জনের মাধ্যমে সমাজের মূল ধারায় সংযোজনের ব্যবস্থা করা।
- জাতীয় বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে আরও শক্তিশালী করা।
- Higher Education Quality Enhancement Project (HEQEP)-এর অধীনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ওছঅঈকার্যক্রমকে জোরদার করে আরও বৃহত্তর উদ্যোগ বাস্তবায়ন।
- বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) এবং সংশ্লিষ্ট সংসদীয় কমিটি কর্তৃক বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম নিয়মিত মনিটরিং ও যাচাই বাছাই করা।



# Higher Education Quality Assurance: Role of IQAC – Perspective Prime University

**Dr. Munshi Mahbubur Rahman**
Professor and Head, Department of EEE

Abstract - Institutional Quality Assurance Cell (IQAC) is an essential part of a university to ensure the quality of learning and training programs in higher education. In order to maintain the quality of higher education, it was first adopted in 1900 in the United States of America. As a second country, Japan adopted this method in 1946. Then other countries of the world started following this process. The Ministry of Education of Bangladesh constitutes the Quality Assurance Unit (QAU) under the Higher Education Quality Enhancement Project (HEQEP), University Grants Commission of Bangladesh in 2014 [1]. With the financial support of the World Bank and a private US lending company 1First Cash Advance Financial Help, IQAC has been set up in different public and private universities. Presently the government has patronized the establishment of this cell to upgrade the academic activities of this university. IQAC creates a momentum of quality consciousness amongst Higher Educational Institutions for continuous improvement. However, lasting improvements in standards cannot come about only by external accreditation, once in five years. Therefore, an internal mechanism for sustenance, assurance, and enhancement of the quality culture of education imparted by them becomes essential [2]. Many Higher Educational Institutions already have established the Institutional Quality Assurance Cell (IQAC) as a post accreditation quality sustenance activity. Recognizing the importance of such an institutional internal quality system, the UGC has decided to direct all universities to establish IQAC. It has decided to provide all sorts of support in aiding the establishing of IQAC.

## I. Introduction

In pursuance of the IQACs action plan for performance evaluation, assessment and accreditation, and quality up-gradation of higher education institutions, our national assessment and accreditation council proposes that every accredited institution will establish an Institutional Quality Assurance Cell (IQAC) as a post-accreditation quality measure. Since quality enhancement is a continuous process, the IQAC will become a part of the institution's system and realize quality enhancement and sustenance goals.

The prime task of the IQAC is to develop a system for conscious, consistent and catalytic improvement in the overall performance of institutions. For this, during the post accreditation period, it will channel all efforts and measures towards promoting its holistic academic excellence. The work of the IQAC is the first step towards the internalization and institutionalization of quality enhancement initiatives. Its success depends upon the sense of belongingness and participation it can inculcate in all the institution's constituents [3]. It will not be yet another hierarchical structure or a record-keeping exercise in the institution. It will be a facilitative and participative voluntary system/ unit/organ of the institution. It can become a vehicle for ushering in quality enhancement by working out planned interventionist strategies to remove deficiencies and enhance quality like the "Quality Circles" in industries.

**II. Objective**

The primary objective of IQAC is:

• To develop a system for conscious, consistent and catalytic action to improve the academic and administrative performance of the institution.

• To promote measures for institutional functioning towards quality enhancement through internalization of quality culture and institutionalization of best practices.

**III. Functions**

Some of the functions of the IQAC are:

a) Development and application of quality benchmarks/parameters for various academic and administrative activities.

b) Facilitating the creation of a learner-centric environment conducive to quality education and faculty maturation to adopt the required knowledge and technology for participatory teaching and learning process.

c) Arrangement for feedback response from students, parents and other stakeholders on quality-related institutional processes.

d) Dissemination of information on various quality parameters of higher education.

e) Organization of inter and intra institutional workshops, seminars on quality related themes and promotion of quality circles.

f) Documentation of the various programmes/ activities leading to quality improvement.

g) Acting as a nodal agency of the institution for coordinating quality-related activities, including adoption and dissemination of best practices.

h) Development and maintenance of an institutional database to maintain/enhancing the institutional quality.

i) Development of Quality Culture in the institution.

j) Preparation and submission of the Annual Quality Assurance Report (AQAR) as per guidelines and parameters of the national accreditation council.

**IV. Benefits**

IQAC will facilitate / contribute:

a) Ensure a heightened level of clarity and focus in institutional functioning towards quality enhancement.

b) Ensure internalization of the quality culture.

b) Ensure enhancement and coordination among various activities of the institution and institutionalize all good practices.

c) Provide a sound basis for decision-making to improve institutional functioning.

d) Act as a dynamic system for quality change in Higher Education Institutions (HEI).

e) Build an organized methodology of documentation and internal communication.

**V. Composition of the IQAC**

IQAC may be constituted in every institution under the Chairmanship of the Head of the institution with heads of necessary academic and administrative units, a few teachers and a few distinguished educationists, and representatives of local management and stakeholders [6].

The composition of the IQAC may be as follows:

a. Chairperson: Head of the Institution.

b. A few senior administrative officers.

c. Three to eight teachers.

d. One member from the management.

e. One/two nominees from local society, Students and Alumni.

f. One/two nominees from Employers /Industrialists/stakeholders.

g. One of the senior teachers as the coordinator/Director of the IQAC.

### VI. IQAC in Prime University

Recently, the government of Bangladesh (GOB) has taken initiatives to enhance the quality of education at the tertiary level and developed a Higher Education Strategic Plan 2006-2026 aiming to establish a quality assurance culture in the higher education institutions. Accordingly, a new project named Higher Education Quality Enhancement Project (HEQEP) was undertaken jointly by the GOB and the World Bank through the University Grants Commission of Bangladesh. Under this project, Bangladesh Accreditation Council (BAC) was instructed to establish Quality Assurance Cells (IQAC) in 69 universities of Bangladesh; by the end of 2018, will be established to develop functional, practical and transparent systems to ensure quality in teaching, learning and research [5,7]. Prime University (PU) took the pioneering initiative to establish an IQAC under the guidance of the Bangladesh Accreditation Council (BAC). IQAC started its official journey at Prime University late in 2019.

### VII. Recent initiatives in PU

To start with, Prime University has recently undertaken the following steps to convert the conventional system into IQAC based system:

Improving the quality of human resources by recruiting skilled and knowledgeable human resources, training, workshops.

Increasing the global mobility of skilled human resources through higher education, research other academic activities.

It enabled the fastest absorption of new information and efficient implementation through qualified faculty development, club activities, joint research, and up-to-date curricula modification.

Abolishing social and institutional obstacles to economic growth by strict adherence and respect to socio-economic guidance, local and institutional laws.

Encouraging entrepreneurship by imparting different management skills.

### VIII. IQAC inception to operation

The chronological steps of IQAC to be fully functional, following are being undertaken in Prime University:

Physical setup - Employment of competent director and supporting staff; Employment of Director, deputy director, office setup and office staff were done late in 2019.

Additional staff like the Office Manager, the Accountant, the IT Personnel and the Member of Lower Subordinate Staff (MLSS) is recruitment.

QA and Self-Assessment Committee: Creating awareness regarding campus-wide awareness regarding QA and the IQAC, formation of self-assessment committees (SACs) involving all the degree awarding dept is progress. Meanwhile, the IQAC organized several pieces of training for the SACs to give a complete understanding of the SA process and the motivation to start working at their respective departments.

Faculty Training: Initiation of faculty and staff training as proposed in the IQAC proposal. IQAC also started training for faculty members on teaching and learning and curriculum development.

Departmental Initiative: It was observed that several departments took the initiative enthusiastically and arranged programs related to research and development, curriculum, student progress and evaluation, and bridging the gap between academia and industry.

**IX. Challenges**

A few challenges that have been identified from the experience of establishment of the IQAC at Prime University are listed below:

Dual role of faculties: The dual role of knowledge creator and service provider at the same time by the faculty is not easy to maintain, especially by upholding the quality of education and educational service.

Multiple stakeholders: The involvement of stakeholders of different age groups with different levels of motivation and interest and a diverse range of expectations poses a severe challenge in establishing a quality framework at a university.

Lack of motivation: Due to socio-political reasons, there is a lack of motivation among educators. In most universities, there is no reward or recognition for good initiatives, and there is no penalty for wrongdoing either. Generally, the educators are not very keen on going the extra mile or doing something out of the box for the institution's students [4].

Absence of a role model: The university management does not have a role model or example at the national level that can help it understand the role of the IQAC and operational and maintenance processes. Thus, management sometimes doubts the success of such a formal institutional entity.

Long term role of the IQAC: The university management and the educators are not entirely sure about the continuity of the IQAC and the long term role of the IQAC in ensuring the quality of education.

Lack of competent human resources: A severe shortage of talented and experienced human resources to run an IQAC. As the QA is a relatively new approach, faculty members and staff do not have a clear understanding of the role of the IQAC in the long term.

Abundance of data and bureaucracy: There is a concern that a formalized IQAC will generate abundantly (but not fully utilized) data and processes, which will further increase bureaucracy at the operational level. It is essential to understand how the above challenges impact establishing a quality culture in higher education.

**X. Mitigation of the Challenges**

Following critical factors are proposed to mitigate the challenges as necessary for establishing an effective IQAC:

a. Engaging stakeholders in planning and implementation

b. Creating awareness about QA among all stakeholders

c. Following a systematic and time-bound approach

d. Keeping the upper management in the planning and implementation phases

e. Decentralization of activities at department levels

f. Encourage taking ownership of QA activities at department levels

g. Recruitment of competent staff for the IQAC.

h. Learning by doing

i. Financial incentives

**XI. Discussion and Conclusion**

Quality assurance is a by-product of ongoing efforts to define an institution's objectives, have a work plan to achieve them, and specify the checks and balances to evaluate the degree to which each of the tasks is fulfilled. Hence, devotion and commitment to improvement rather than mere institutional control are the basis for devising procedures and instruments to ensure quality. The right balance between the health and growth of an institution needs to be struck. The IQAC has to ensure that whatever is done in the institution for "education" is done efficiently and effectively with high standards. In order to do this, the IQAC will have first to establish procedures and modalities to collect data and information on various aspects of institutional functioning [7].

The coordinator of the IQAC and the secretary will have a significant role in implementing these functions. The IQAC may derive significant support from the already existing units and mechanisms that contribute to the functions mentioned above. The operational features and functions discussed are broad-based to facilitate academic excellence, and institutions may adapt them to their specific needs.

### XII. References

[1] University Grants Commission of Bangladesh, Strategic Plan for Higher Education in Bangladesh: 2006-2026, Dhaka, 2006.

[2] Asian Development Bank, Human Capital Development in South Asia: Achievements, Prospects, and Policy Challenges, 2017.

[3] Lim, D., Quality Assurance in Higher Education in Developing Countries, Assessment and Evaluation in Higher Education, 24(4), 379-390, 1999.

[4] University Grants Commission of Bangladesh, Annual Report -2015, Dhaka, 2015.

[5] Tsinidou, M., Gerogiannis,V., and Fitsilis, P., Evaluation of the Factors that Determine the Quality in Higher Education: An Empirical Study, Quality Assurance in Education, 18(3), 227-244, 2010.

[6] Deolalikar, A. B., Brillantes, A.B., Gaiha, R., Pernia, E.M., and Racelis, M., Poverty Reduction and the Role of Institutions in Developing Asia, The ERD Working Paper Series 10, The Asian Development Bank, 2002.

[7] Monem, M. and Baniamin, H. M., Higher Education in Bangladesh: Status, Issues, and Prospects, Pakistan Journal of Social Sciences, 30(2), 293-305, 2010. [8] Higher Education Quality Enhancement Project (HEQEP), Self-Assessment Manual, 2nd ed, Ministry of Education, 2016.



# বিজ্ঞানী ভালো মানুষের মধ্যে বাস করে

**আবু জামান**
সহযোগী অধ্যাপক, ইইই বিভাগ

মেধা প্রতিটি মানুষের রয়েছে। একটি শিশুর মেধাবিকাশ হয় তার পরিবেশ ও শিক্ষার মাধ্যমে। মেধাবিকাশের জন্য অনেক ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক শিক্ষার দরকার হয় না। শিশুর প্রতিটি মেধাকোষ প্রস্ফুটিত; কোনো না কোনোভাবে। তবে দরকার সঠিক পথে বিকাশ ঘটিয়ে পৃথিবীতে উপযুক্ত ও দক্ষ মানুষ হিসেবে বেড়ে ওঠা।

প্রতিটি শিশুই পরিবার থেকে মৌলিক শিক্ষা পেয়ে থাকে। পরিবারে দিনের পর দিন প্রযুক্তির সংযুক্তি বেড়ে যাওয়ার মাঝেও শিশুকে মৌলিক শিক্ষাসমূহ সঠিকভাবে দিতে হবে যেমন বড়োদের সালাম দেওয়া ও সম্মান করতে শেখা, গরিবদের সহায়তা করা, দুঃখীজনের সেবা করা, মিথ্যা বলতে নিষেধ করা, নিজের কাজ নিজে করতে শেখানো, সময়মতো পড়তে বসানো, খেলার সময় খেলতে দেওয়া ও ধর্মীয় শিক্ষা প্রদান করা। পরবর্তীতে এই মৌলিক শিক্ষাই ব্যক্তি ও সামাজিক জীবনে প্রয়োগ করতে তার জন্য সহায়ক হয়। বাবা-মা হিসাবে শিক্ষার বীজ রোপন করে দিলে একদিন ফুল ও ফল হবেই।

কৈশোর জীবনে শারীরিক বৃদ্ধির পাশাপাশি মানসিকতা বিকাশের জন্য বাবা-মা কে অনেক যত্নশীল ভূমিকা পালন করতে হয়। স্কুলে পড়াশুনা করা, খেলাধুলা করা ও অন্যান্য কাজে দক্ষ করে গড়ে তুলতে হবে; যেমন– নাচ, গান, আবৃত্তি ইত্যাদি। বাচ্চারা গল্প শুনতে পছন্দ করে তাই তাদের সঠিক গল্প শোনানোর মাধ্যমে দেশপ্রেমের সম্যক ধারণা দিতে হবে। এই আধুনিক প্রযুক্তির যুগে কিশোরদের প্রযুক্তি থেকে দূরে রাখা যাবে না। পিতামাতাকে প্রযুক্তিকে নিয়ন্ত্রণের ব্যবস্থা করে তাদের জন্য সুযোগ করে দিতে হবে। মনে রাখা দরকার এই নতুন প্রযুক্তি এ যুগের কিশোরদের জন্যই। এই পর্যায়ে সন্তানদের প্রযুক্তির ব্যবহার নিজ হাতে না দেওয়াই ভালো। বাবা-মাকে বেশি বেশি সময় দিতে হবে সহায়তা করার জন্য।

উচ্চশিক্ষার সময় সন্তানকে বাস্তবধর্মী করে গড়ে তোলার জন্য জোর দিতে হবে। এক্ষেত্রে নিয়মমাফিক অনুশীলনের বিকল্প নেই। আজকের প্রযুক্তি শিক্ষাক্ষেত্রে অনেক সহায়তা প্রদান করে তবে প্রয়োজনের অতিরিক্ত প্রযুক্তি ব্যবহার খুবই ঝুঁকিপূর্ণ। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সম্পূর্ণ প্রযুক্তি নির্ভর হতে হবে, তা না হলে শিক্ষার্জনের ক্ষেত্রে অনেক ফাঁক-ফোকর রয়ে যাবে, যা পূরণের কোনো সময় তার জীবনে নাও আসতে পারে। এজন্য দরকার প্রতিটি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়কে প্রযুক্তি নির্ভর পাঠদান ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকমণ্ডলী। শিক্ষকমণ্ডলীই হলো প্রযুক্তির চালক, না হলে আধুনিক প্রযুক্তিতে মরিচাই ধরবে।

২০২০ সালে করোনা প্রাদুর্ভাব হওয়ায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান অনলাইন শিক্ষার আওতায় চলে যায়। অনলাইনে শিক্ষা গ্রহণের সরঞ্জাম না থাকায় অনেকে শিক্ষার এই মাধ্যমে আসতে পারেনি। দক্ষিণ এশিয় অঞ্চলে শিক্ষা ছাড়া জীবনে উন্নতি করার অন্য কোনো পাথেয় নেই। তাই অনলাইন শিক্ষা ব্যবস্থা আরও জোরদার করা দরকার। অনলাইন শিক্ষাকালে শিক্ষার্থীর মেধার সঠিক বিকাশ হয়নি। অন্যান্য বছরের

তুলনায় ২০২০-২০২১ সালের শিক্ষার্থীদের বিশেষ কাউন্সিলিং এর মাধ্যমে ঘাটতি পূরণ করা সম্ভব, এ ক্ষেত্রে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে।

লকডাউনে ঘরে বসে প্রযুক্তির ব্যবহার শিক্ষার্থীদের মেধা বিকাশের বদলে রক্তমাংসের শরীরটাকে এমন এক যন্ত্রে পরিণত করেছে সেখান থেকে প্রতিটি শিক্ষার্থীকে বের করে নিয়ে আসতে হবে। এক্ষেত্রে মা-বাবা এক পরীক্ষা করতে পারেন, সন্তানের নিকট থেকে প্রযুক্তি যন্ত্রগুলো নিয়ে কয়েকদিনের জন্য লক করে দেখতে পারেন সন্তানের প্রযুক্তিমোহ কতটুকু? এ সময় সন্তানকে বেশি বেশি সময় দিতে হবে যেন আসক্তি কাটিয়ে উঠতে পারে। মনে রাখা দরকার, মোমবাতির বা হারিকেনের আলোতে পড়াশুনা করে মানুষ করা অপেক্ষা আধুনিক প্রযুক্তি নির্ভরশীলতায় পড়াশুনা করানো প্রতিটি সময়ই ঝুঁকিপূর্ণ ও কঠিন। তাই সচেতনতা বেশি জরুরি, নইলে মেধার বিকাশ ঘটবে ভুল ভাবে ও ভুল পথে; যা কাম্য নয়।

সন্তানকে জীবনের সংজ্ঞা শেখাতে হবে, উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা শেখাতে হবে এবং কথা, আচার-আচরণ পর্যবেক্ষণ করতে হবে। মেধার বিকাশ ঘটবেই এবং সাথে সাথে প্রয়োগের দ্বারা সঠিক পথে রাখতে হবে। পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠান মিলে একজন সন্তানের মেধাবিকাশে সহায়ক হিসাবে কাজ করে, বিজ্ঞানী তৈরি করার চেয়ে ভালো মানুষ তৈরি করুন, কারণ 'বিজ্ঞানী ভালো মানুষের মধ্যে বাস করে'।

**"সত্যকে ভালোবাসো কিন্তু ভুলকে ক্ষমা করো।"**
**-ভলতেয়ার**



# প্লেজিয়ারিজম বন্ধে প্রয়োজন আইন প্রণয়ন


## মো. মোস্তাফিজুর রহমান
সহকারী অধ্যাপক, আইন বিভাগ


ইদানীংকালে গবেষণায় চুরি বা Plagiarism বিষয়টি বেশ আলোচনার জন্ম দিয়েছে। সোশ্যাল কিংবা প্রিন্ট মিডয়াগুলোতে এ নিয়ে অনেক ধরনের কথা উঠে আসছে। বাংলদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আশঙ্কাজনকভাবে এর প্রবণতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। প্লেজিয়ারিজমের বাংলা অর্থ হলো 'চুরি' বা 'চৌর্যবৃত্তি'। এর ইংরেজি প্রতিশব্দগুলো হলো: copying, stealing, lifting, illegal use, breach of copyright, bootlegging ইত্যাদি। অক্সফোর্ড ইউনিভার্সিটির ওয়েবসাইটে প্রদত্ত সংজ্ঞানুসারে, প্লেজিয়ারিজম বলতে বুঝায় অন্য কারো কাজ বা লেখা নিজের বলে চালিয়ে দেওয়া। এটা ইচ্ছাকৃত, অনিচ্ছাকৃত অথবা উদ্দেশ্যপ্রণোদিত হতে পারে। অন্য কারো কাজ যেমন: লেখা, গ্রাফিক্স, পরিসংখ্যান, বিবৃতি- নিজের লেখা বা কাজে অন্তর্ভুক্ত করলে সেখানে যথাযথ সূত্র উল্লেখ করতে হয়। কেউ যদি সরাসরি কারো কোনো বাক্য ব্যবহার করে থাকে তাহলে অবশ্যই তাকে কোটেশন মার্ক ব্যবহার করতে হয়। নিয়মানুসারে গবেষণায় একনাগাড়ে সর্বোচ্চ ২৫ শব্দ বা ৪-৫ বাক্য ব্যবহার করা যায়। তবে এজন্য তথ্যসূত্র উল্লেখ করতে হয়। যারা লেখালেখি কিংবা গবেষণা করেন, তারা যখন অন্য কারো লেখা বা তথ্য নিজের লেখায় অন্তর্ভুক্ত করেন, তখন যথাযথ সূত্র উল্লেখ করার বিষয়টি তাদের অবশ্যই মাথায় রাখতে হয়। তা নাহলে এটি একটি গুরুতর academic sin হিসেবে গণ্য হয়। কেউ যদি এই অভিযোগে অভিযুক্ত হয়, তাহলে সে শুধু অকৃতকার্যই হয় না, তাকে বহিষ্কারও করা হতে পারে। পশ্চিমের যে-কোনো নামকরা বিশ্ববিদ্যালয়ে প্লেজিয়ারিজমের জন্য গুরুতর শাস্তির বিধান আছে।

Recently ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষকের বিরুদ্ধে গবেষণায় চুরির অভিযোগ উঠে এসেছে। ২০১৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই দুই শিক্ষকের যৌথভাবে লেখা 'A new dimension of Colonialism and Pop Culture: A case study of the Cultural Imperialism.' শিরোনামের যে লেখাটি বিশ্ববিদ্যালয়ের Social Science Review Centre নামের জার্নালে প্রকাশিত হয় সেটা নাকি শিকাগো ইউনিভার্সিটির জার্নাল 'Critical Inquiry' তে প্রকাশিত ফরাসি দার্শনিক মিশেল ফুকোর 'The Subject and Power' নামের একটি নিবন্ধ থেকে প্রায় পাঁচ পৃষ্ঠার অবিকল নকল। ইউনিভার্সিটি অব শিকাগো প্রেস ২০১৭ সালে লিখিতভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়কে এই চুরির অভিযোগ করে। শুধু এটাই নয়। হাজারো প্লেজিয়ারিজমের ঘটনা ঘটছে প্রতিনিয়ত এ দেশে। বলা যায়, দেশে অন্যান্য চুরির পাশাপাশি গবেষণায় চুরিও সমানতালে চলছে। আর এ ধরনের চুরি বৃদ্ধির মূল কারণ হলো:

১. গবেষণাপত্রের মান যথাযথভাবে যাচাই না করার প্রবণতা;

২. পদোন্নতির জন্য গবেষণার তালিকা দীর্ঘ করার প্রবণতা;

৩. গবেষণাকর্ম পরীক্ষার বাধ্যবাধকতা না-থাকা;

৪. বিচারের ও শাস্তির ব্যবস্থা না-থাকা;

৫. কঠোর পদ্ধতির অভাব;

৬. প্রশাসনিকভাবে নজরদারির অভাব;

৭. Plagiarism ধরা পড়লেও রাজনৈতিক কারণে পার পেয়ে যাওয়ার সুবিধা;

৮. তদারকি, সদিচ্ছা ও জবাবদিহিতার ঘাটতি ইত্যাদি।

গবেষণায় মান নিয়ন্ত্রণ আর তদারকির ব্যবস্থা না-থাকায় ইদানীংকালে সরকারি-বেসরকারি সকল লোকদের পিএইচডি ডিগ্রি করার প্রবণতা অস্বাভাবিকভাবে বেড়ে চলেছে। বিশেষ করে গত প্রায় এক দশকে সরকারি কর্মকর্তাদের মধ্যে পিএইচডি ডিগ্রি করার প্রবণতা দিনদিন বাড়ছে বলে খবরে প্রকাশ। বিশ্ববিদ্যালয়গুলোতেও এমফিল-পিএইচডি পর্যায়ে গবেষক ভর্তি করা হচ্ছে অনায়াসে, যাচাই-বাচাই ব্যতিরেকে।

শুধু কি তাই? মাত্র কয়েক ঘণ্টায় তৈরি হয়ে যাচ্ছে উচ্চশিক্ষার ইন্টার্ন পেপার থেকে শুরু করে গবেষণাপত্র। পানির দরে এসব পাওয়া যাচ্ছে। দেশের রাজধানীর নীলক্ষেত এলাকায় প্রিন্ট ও বাঁধাইয়ের দোকানেও গবেষণাপত্র তৈরি ও বিক্রয় হয়ে থাকে। এমনকি নীলক্ষেতের এ দোকানগুলোতে চুরি করা গবেষণাপত্র তথা থিসিস বিক্রি হয়। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের অনেক শিক্ষার্থী পানির দরে তা কিনে নিজের গবেষণা হিসেবে জমা দেন। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মৌলিক গবেষণাপত্র চুরি করে নতুন থিসিসের রূপ দেওয়া হয়। শিক্ষার্থীরা দোকানে গবেষণাপত্র ছাপাতে ও বাঁধাই করতে এলে সেটার একটি সফট কপি তারা রেখে দেন। ইন্টারনেট থেকেও বিভিন্ন গবেষণার কপি সংগ্রহ করেন। প্রকৃত অর্থে দুর্নীতির ব্যাপকতাই গিলে খেয়েছে আমাদের নীতি ও নৈতিকতা।

শিক্ষার সাথে গবেষণা কথাটি ওতপ্রোতভাবে জড়িত। নতুন জ্ঞান সৃষ্টিতে এর জুড়ি মেলা ভার। দেশে প্রায় সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে এমফিল ও পিএইচডি পর্যায়ে গবেষক ভর্তি করা হয়ে থাকে। কিন্তু কোথাও তথ্যপ্রযুক্তি ব্যবহার করে 'চুরি' ধরার ব্যবস্থা নেই। আর নীতিমালা নেই কোনো বিশ্ববিদ্যালয়ে। এমতাবস্থায় গবেষণায় প্লেজিয়ারিজম ধরার লক্ষ্যে আইন প্রণয়ন জরুরি হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয়গুলোতে প্রায়ই চৌর্যবৃত্তির ঘটনা ঘটলেও চৌর্যবৃত্তির শাস্তি নিয়ে নির্দিষ্টভাবে কিছু বলা নেই। আবার শুধু নীতিমালা করলেই হবে না। নিশ্চিত করতে হবে কঠোর শাস্তি।



## Bangabandhu in the Views of the World

**Bidduth Kumar Dutta**
Assistant Professor, Department of English

Many have mentioned that Bangabandhu was the leader of Bangladesh and an essential leader of South Asia. Some have admired Bangabandhu's prudential leadership, his tenacious personality spellbinds some, and some are astonished to know about his naive lifestyle. Some have considered him as one of the most discussed leaders across the world.

After the assassination of Bangabandhu, who paid their tribute to this great leader were mostly international personalities like world political leaders, journalists, social activists, etc. They gave their statements and commented on Bangabandhu in different newspapers and published publications.

Addressing the Non-Aligned Movement Conference in Algeria in 1973, Bangabandhu said, "Today's world is divided into two parts. One part is the exploiting class; another is the exploited. After the speech Cuban President, Fidel Castro told Sheikh Mujibur Rahman, "Be careful what you say today. A bullet started following you to kill from today." Fidel Castro's words came true two years later.

To speak about Bangabandhu, Fidel Castro, the great revolutionary leader of Cuba, said, "I have not seen the Himalayas, I have seen Bangabandhu. His personality and fearlessness are like the Himalayas. That's how I saw the Himalayas through him." He further said, "In the death of Sheikh Mujib, the exploited people of the world lost one of their great leaders; I lost a friend of a genuinely big heart."

Former Indian Prime Minister Indira Gandhi said, "I am shocked by the news of Sheikh Mujib's death. He was a great leader. His extraordinary general courage was an inspiration to the people of Asia and Africa."

When Mukti Fukura, a Japanese citizen, saw a Bengali, he would say, "Are you a Bengali? But I have seen your victory in Bengali. I have seen Sheikh Mujib. You know, a lion-hearted leader like Sheikh Mujib will not be born in Asia for a long time."

Former President of Iraqi, Saddam Hussein, said, "Bangabandhu Sheikh Mujibur Rahman is the first martyr in the struggle for socialism. That is why he is immortal."

Henry Kissinger said, "A strong and dynamic leader like Awami League leader Sheikh Mujibur Rahman will not be found in Asia in the next 20 years."

The late Palestinian leader Yasser Arafat said, "Mujib's character was characterized by uncompromising leadership and a tender heart."

Egyptian President Anwar Sadat was so saddened by the news of Bangabandhu's death that he lamented, "You killed my friend Mujib with the tank I gave you!" I am cursing myself."

After receiving the news of Bangabandhu's assassination, the West German newspaper said, "Bangabandhu Sheikh Mujib can be compared to Louis XIV. The people were so popular with him that he could claim, like Louis, that I was the state."

"Sheikh Mujib was a wonderful person," the influential British daily The Guardian noted.

The BBC reported that "His army killed Sheikh Mujib, but the Pakistanis were reluctant to kill him."

The Financial Times noted, "Bangladesh would never have been born without Mujib."

On the same day, the Daily Telegraph published from London said, "Millions of people in Bangladesh will consider the heinous assassination of Sheikh Mujib as an irreparable loss."

In his remarks, English MP James Salmond said, "Bangladesh was not only orphaned in the assassination of Bangabandhu, but the world has also lost a great child."

Nobel laureate Wilibant said, "After Mujib's assassination, Bengalis can no longer be trusted. Those who killed Mujib can do anything heinous."

Bangabandhu was called "Poet of Politics" in the April 1971 issue of Newsweek magazine.

"Jesus is dead," Indian radio station Akashvani said in a news review on August 16, 1985. Now millions of people hold the cross and remember him. One day Mujib will be like Jesus."

Opposing the liberation war of Bangladesh, Time Magazine mentioned in an issue on April 5, 1972, "Sheikh Mujibur Rahman's tenure was the first and longest democratic period in the first ten years of independent Bangladesh. After the assassination of Sheikh Mujib, the hero of the freedom struggle and the first elected Prime Minister on 15 August 1975, the democratic rule came to an abrupt end."

**"Education is the premise of progress,**
**in every society, in every family" –Kofi Annan**



# ইগো (Ego)

**মো. আজিজুল ইসলাম**
ডেপুটি লাইব্রেরিয়ান

আমাদের জীবনে যত সম্পর্ক ভাঙে তার ৮০ ভাগ পুনরায় জোড়া লাগে না শুধুমাত্র ইগো'র কারণে। কে এগিয়ে এসে সম্পর্ক জোড়া লাগানোর চেষ্টা করবে এবং কেউ এগিয়ে আসলে তার এগিয়ে আসাকে সম্মান করা হবে কিনা বা কেউ যদি এগিয়ে আসে সে ছোট হয়ে যাবে কিনা এসব চিন্তা অনবরত ঘটতে থাকে; তাদের মধ্যে থাকা এই ইগো'র কারণে। অথচ সম্পর্ক ভাঙার কারণে দুজনেই কিন্তু কষ্ট পায়, ছটফট করে কিন্তু সম্পর্ক মেরামতের জন্য এগিয়ে আসে না।

ইগো হচ্ছে 'নিজের বড়ত্বের প্রতি এক অস্বাভাবিক বিশ্বাস। যার সাথে মিশে থাকে অতি অহঙ্কার এবং আত্মকেন্দ্রিক ও স্বার্থপর উচ্চাকাঙ্ক্ষা।'

ইগো একটি অত্যন্ত নেতিবাচক মানবস্বভাব বা বৈশিষ্ট্য এবং এটা আমাদের সবার মাঝেই কিছু না কিছু মাত্রায় থাকে। ইগো আসলে একজন মানুষকে, সে যতটা বড়ো, তাকে তার চেয়েও অনেক বড়ো হিসেবে ভাবতে শেখায় বা তাকে মনে মনে সেভাবে উপস্থাপন করে।

সৃষ্টির শুরু থেকেই মানুষের মধ্যে ইগো বিরাজমান। এই ইগোর কারণে কত মানুষের জীবন, কত পরিবার, সমাজ, জাতি যে ধ্বংস হয়েছে তার কোনো হিসাব নেই। Ego বা ইগো শব্দটি ইংরেজি হলেও বাংলায় বেশ প্রচলিত। সেই প্রাচীনকাল থেকেই ইগো বাঙালিদের মধ্যে যেন খুব বেশি প্রভাব বিস্তার করেছে! ইতিহাসের পাতা উল্টালে জমিদার শ্রেণির হাজারো দাম্ভিক ঘটনা চোখে পড়বে আর তা তাদের বংশ-পরম্পরায় এখনও অবধি আমাদের সমাজে বিরাজমান।

ঈর্ষা, পরনিন্দা, হিংসা এগুলো আসলে ইগো সৃষ্ট ফল। একজন মানুষ যখন ইগোর শিকার হয় তখন সে অযথাই নিজেকে অন্যদের চেয়ে বড়ো ভাবতে শুরু করে। তার চেয়ে কেউ কোনোকিছুতে ভালো হলে সে কোনো না কোনো ভাবে তার ভুল ধরার চেষ্টা করে। সে যে-কোনো ভাবেই হোক অন্য মানুষকে ছোটো করার চেষ্টা করতে থাকে। আর এর ফলে সাধারণ মানুষ তো তাকে পছন্দ করেই না, কাছের মানুষগুলোও দূরে চলে যায়। ইগো আসলে একটি মানসিক ব্যাধি।

আত্মবিশ্বাস, আত্মসম্মান, আত্মমর্যাদা, জীবনের লক্ষ্য ও আকাঙ্ক্ষা বিষয়গুলো সম্পর্কে পরিষ্কার ধারণা থাকলে আর বিনয়, বিবেকবোধ, নিরপেক্ষ বিচারবোধ থাকলে মানুষের মধ্যে ইগো বা অহংবোধ সহজে প্রাধান্য বিস্তার করতে পারে না।

ধরা যাক, কারও মাঝে জেদ আছে, চেষ্টা আছে, ধৈর্য আছে, বড় হবার সব গুণাবলি আছে এবং কাজ করলে সে সফল হবে এই বিশ্বাসই আত্মবিশ্বাস। আত্মবিশ্বাসী মানুষ নিজের সীমাবদ্ধতা সম্পর্কে ওয়াকিবহাল থাকে। তাই সে যতটা বড়ো হতে চায়, ততটা বড়ো হতে হলে তাকে আরও কতটা কাজ করতে হবে সেটা সে খুব ভালো করে জানে।

আত্মসম্মান (সেল্ফ-রেসপেক্ট) হলো নিজের অবস্থান, যোগ্যতা এবং মর্যাদা অনুযায়ী নিজের সম্মান বজায় রাখা। 'আত্মমর্যাদা' কমবেশি দুটোই ক্ষতিকর, কম হলে হীনমন্যতা ও পরশ্রীকাতরতায় ভোগে আর বেশি হলে অহংকার তৈরি হয়।

ইগোক্রান্ত মানুষের সবচেয়ে বড়ো লক্ষণ হলো, কখনও তারা নিজের ভুল স্বীকার করতে চায় না। অনেক সময়ে তারা তাদের ভুল বুঝতে পারলেও তা স্বীকার করে না। সে অস্বীকার যেমন অন্যদের কাছে করে, তেমনি তাদের নিজের কাছেও করে, মানে গোঁ ধরে বসে থাকে। কেউ যদি তাকে ভুল ধরিয়ে দিতে যায়, তাহলে সে তার ওপর রাগ করবেই করবে।

ইগোক্রান্ত মানুষদের আরও একটি লক্ষণ, তারা যতটুকু জানে তার তুলনায় বেশি জ্ঞানী বলে নিজেদেরকে জাহির করতে চায়। তারা সবসময় অন্যদেরকে বিশ্বাস করাতে চায় যে তারাই বেশি জানে এবং নিজেরাও বিশ্বাস করে যে তারা যে-কোনো বিষয়ে সবচেয়ে বেশি জ্ঞানী। তাদেরকে কখনও যুক্তি দিয়ে তাদের মতের/যুক্তির বাইরে কেউ বোঝাতে পারবে না, মানে তারা কখনও তর্কে হার মানবে না। তারা বোঝেও যে তাদের তুলনায় তাদের সামনের মানুষটির কথা বেশি যুক্তিসঙ্গত ও প্রমাণিত, তারপরও তারা মানবে না।

প্রতিটি কাজে সফলতা এবং ব্যর্থতা থাকে, এটাই স্বাভাবিক। কিন্তু একজন ইগোক্রান্ত মানুষ কখনও ব্যর্থতা মানতে পারে না। তার ধারণা সে যে কাজই করবে সেই কাজে সফল হবেই। একারণে কোনো কাজে ব্যর্থ হলে এমনভাবে ভেঙে পড়ে যে আর ঠিকমতো দাঁড়াতেও পারে না, এমনকি কখনও কখনও বেশি হতাশাগ্রস্ত হয়ে আত্মহত্যা পর্যন্ত করে বসে।

একজন ইগোক্রান্ত মানুষ জীবনে যতই সফল হোক না কেন সে কখনও মানুষের ভালোবাসা, শ্রদ্ধা, সম্মান অর্জন করতে পারে না, মৃত্যুর সাথে সাথে তার সব সফলতা ধুলোয় মিশে যায়।

সকালে অফিসে ঢোকার সময় গেটে দারোয়ানের সালামের উত্তরে হাসি মুখে একটু জিজ্ঞেস করেন, 'কেমন আছ?' দেখবেন তার দুনিয়াটা সেদিন রঙিন হয়ে উঠবে। কিংবা রিকশাওয়ালাকে হাসি মুখে বলেন, 'যাবে ভাই?' দেখবেন সে যদি তখন বিশ্রামও নেয় তবু আপনার এই সম্বোধনের কারণে কষ্ট হলেও আপনাকে নিয়ে প্রখর রোদের মধ্যে বেরিয়ে পড়বে।

শুধু একটু দৃষ্টিভঙ্গি পরিবর্তন করলেই জীবন অনেক সহজ হয়ে যায়। ইগো শুধু আমাদের জীবনকে জটিল থেকে জটিলতরই করে।



## A Short Essay on Legal Education and Mooting

**Md. Ariful Islam**
Assistant Professor, Department of Law

**Introduction:**

Law is the policy. It is a system of rules that a country or a nation recognizes it obligatory for its citizens. It regulates and controls the behaviour of the citizens. The imposition of penalty and punishment enforces the law. Different stakeholders like Judges, Magistrates, Lawyers are directly and professionally concerned with the law. Among them, the Lawyers get special recognition as they solve the day to day problems. They are dedicated to ordinary people, families and people in business to assist them in bringing relief. Lawyers assist the judges in making the perfect decision, assisting ordinary people to uphold their different rights, and ensuring access to justice for all.

A law student must attain some qualities and develop himself by theoretical and practical knowledge of the law. Nevertheless, most of the law schools in Bangladesh are not so designed in such a way so that law students can get practical knowledge of the law. Moreover, some Law students, especially the students of private universities, do not get theoretical knowledge. Most law students have no idea of what will have to be done by them in the Courts practically after completing the program. Memorizing some sections of various laws should not be the aim and job of a law student. They must acquire efficient knowledge. It is stated that practice makes a man perfect. So, proper legal education and the moot court can give a law student proper theoretical and practical knowledge. In a Law school, a law student must get court oriented knowledge and skill. In a teamwork, the students must be given a hypothetical case in their hands, and they must research, frame arguments, prepare briefs, and appear before Judges to argue the case. Thus the students will learn the law then read. Mooting delivers feasible trends to learn the law. Mooting helps a student in understanding the value of teamwork also.

**Legal Education:**

Legal education is the education of law that provides legal knowledge and skills necessary for the legal profession. It also provides a greater breadth of knowledge for academic and professional betterment. Legal education is a tool or a process to understand the law and its practice. Legal education can take the form of a variety of programs, including the following:

1. Primary program in law, Undergraduate or Graduate degree;

2. Advanced program in law, Postgraduate or Doctoral degree;

3. Applied or Specialized program in law, particular degree or certificate for a special area.

**Moot Court:**

Moot Court is a co-curricular activity at many law schools or law institutions. A moot court is like a real court where law students (participants) are made to participate in the staged court proceedings related to a fictional dispute between parties. Mostly moot courts are conducted in a law school where the students are expected to pursue their career in law as lawyers, arbitrators and judges. Hence, they are made to practice to be trained for the future and develop the required skills.

For achieving the required skill and knowledge, the participants are to face different stages of mooting. These are as follows:

1. Moot problem: The participants get a fact or dispute based on fiction in this stage.

2. Written memorial: In this stage, participants make a set of pleadings on behalf of all parties to the dispute. The parties are to prepare pleadings from the prosecution side as well as the defence side.

3. Oral pleadings: In this stage, the participants are to present an argument. The judges evaluate the body language and communication skills of the participants.

**Importance of Legal Education and Mooting:**

Legal education, as well as smoking, has several theoretical and practical importance. These are discussed below.

1. Legal education makes the student and the participants familiar with the legal concept and legal institutions. Students also become equitant with making love or settling disputes and regulating the legal profession structure of government and court extra.

2. Legal education makes the participant understand the law in the context of different social determinants.

3. Legal education and mooting enhance the level of confidence and communication skills of the participants.

4. The participants, as well as teams of the mooting, learn professional tackling.

5. Actually, in moot court practice, required skill and legal knowledge are fully boosted and enhanced.

6. Mooting is very helpful for those students who are looking forward to becoming future lawyers.

**Drawbacks and Prospects of Legal Education and Mooting:**

Unfortunately, that criticism is sometimes made that our present education system is not so practical enough to be generally helpful in solving day to day legal problems.

It is also criticized that law schools do not create efficient graduates. Institution fails to maintain standard and quality of legal education In Bangladesh comparing with the different law schools of different countries. Especially in the case of Professor Syed Ali Naki and others v Bangladesh and others, HCD, 2016) and Bangladesh Bar Council and others v A.K.M. Fazlul Kamir and others, AD, 2017) demarks institutional failure to ensure legal education. Stakeholders like Bangladesh Bar Council, University Grant Commission and different law schools have individual responsibility, but they are not committed. Bangladesh Bar Council legal education and training institute is sometimes found inoperative. As a statuary body, Bangladesh Bar Council should change its position and attitude. As it has authority over law schools in Bangladesh, it can easily play a significant role in developing legal education in law schools.

Moreover, Bangladesh Judicial Administration Training Institute (JATI) in recent times is found sincere. It organizes different training programs for the newly

appointed judges as well as for others. Empowerment through Law of the Common People (ELCOP) is a committed institute for developing legal education performing its responsibility so sincerely. Besides these, different law schools organize different moot court competitions, but those are not satisfactory. Whatever hopefully, the number of the organizer is increasing rapidly. In future, it is hoped that mooting will get a stable platform in every law school.

**Conclusion:**

Only the proper implementation and interpretation of the law can bring justice to society. Law professionals have a significant role in this respect. Formal gathering of legal education, theoretical and practical, can make a graduate professional, and it can also lead law professionals to bring an appropriate remedy for the remedy seeker. So, there is no alternative to gathering proper theoretical and practical knowledge of the law. The law professionals should be adequately trained up. In fine, the stakeholders should understand and realize the contribution of law professionals to society and take initiatives to enhance the quality and standard of legal education in our country.

**"Education is an atmosphere, a discipline and a life"**
**–Charlotte Mason**



# করোনাকালীন শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যসুরক্ষা

**মো. আহমেদুল আজম**
প্রভাষক, শিক্ষা বিভাগ
এবং সহকারী প্রক্টর

করোনা মহামারির বিস্তার সমগ্র বিশ্বব্যাপী একটি অস্থিতিশীল অবস্থা তৈরি করেছে। অনেক দ্রুতগতিতে ছড়িয়ে পড়ার পাশাপাশি অসংখ্য মানুষের প্রাণহানি ও এর প্রতিরোধে ভ্যাকসিন ব্যবস্থা নাজুক হওয়ার পরিপ্রেক্ষিতে আমরা সকলেই এক অনিশ্চিত সময় অতিবাহিত করছি। গণমাধ্যম ও বিভিন্ন মিডিয়ার জন্য প্রতিনিয়ত নানা ধরনের নেতিবাচক সংবাদ আমাদের মনে রেখাপাত করার পাশাপাশি মানসিক স্বাস্থ্যের উপরও বিরূপ প্রভাব বিস্তার করছে। করোনা পরিস্থিতি ক্রমশ দীর্ঘায়িত হওয়ার কারণে আমাদের মধ্যে নানা আতঙ্ক যেমন- নিজের, পরিবারের বা প্রিয়জনের করোনা-আক্রান্ত হওয়ার, করোনাকালে চিকিৎসার সুযোগ না পাওয়ার এবং অন্য রোগে আক্রান্ত হওয়ার ভয়, চাকরি হারানোর ভয়, বেতন কমার ভয়, ব্যবসা হারানোর শঙ্কা, উদ্বাস্তু হওয়ার ভয় ইত্যাদি স্থায়ীভাবে ভর করে আছে।

গত মার্চ ২০২০ থেকে বাংলাদেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে স্বশরীরে শিক্ষা কার্যক্রম বন্ধ থাকার কারণে এর সর্বাধিক ক্ষতিকর প্রভাব পড়েছে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যের উপর। বিশেষভাবে যে সকল শিক্ষার্থীর অনিদ্রা, দুশ্চিন্তা, শুচিবায়ু ইত্যাদি সমস্যা রয়েছে তাদের মানসিক স্বাস্থ্যের উপর এই সমস্যা প্রকট আকার ধারণ করেছে। প্রাক-প্রাথমিক ও প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের উপর নেতিবাচক প্রভাব বেশি পড়েছে ও তাদের মানসিক স্বাস্থ্যই বেশি বিপর্যয়ের সম্মুখীন। শিশুদের জন্য স্কুল শুধু পড়াশোনার স্থানই নয়, তাদের বিভিন্ন ধরনের সৃজনশীল কাজ, খেলাধুলা ও সামাজিকীকরণের এক সূতিকাগার। দীর্ঘ দেড় বছর ঘরবন্দি জীবনযাপন আর অনালাইন ক্লাস যে এই বয়সের শিশুদের জন্য কতটুকু ভয়াবহ পরিস্থিতির দিকে ঠেলে দিয়েছে তা আর বলার অপেক্ষা রাখে না। গ্রামের শিক্ষার্থীদের অবস্থা আরো খারাপ, যেখানে অধিকাংশ শিক্ষার্থী যথাযথ পড়ার সুযোগ পাচ্ছে না। এমন অবস্থায় শিশুদের সুষ্ঠু মানসিক বিকাশে অভিভাবকদের অনেক বেশি দৃষ্টি নিবদ্ধ রাখা জরুরি।

শিশুদের উদ্বেগ ও উৎকণ্ঠার পরিস্থিতি থেকে বিষয়টিকে স্বাভাবিক করে শিশুরা যাতে সতর্ক থেকে আত্মসুরক্ষা নিতে পারে সেভাবে পরিচালিত করতে হবে। বিশেষ করে বাবা-মায়ের সাথে শিশুকিশোর সন্তানদের সম্পর্ক অনেক বেশি সহনশীল ও বন্ধুত্বপূর্ণ করে তুলতে হবে যাতে করে সন্তানেরা অভিভাবকদের কথা শোনে ও তা পালন করে। বাবা-মাকে সন্তানদের কথা অনেক গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে এবং সন্তানদের নিজস্ব চিন্তাধারা, মতামত, পছন্দ-অপছন্দ ইত্যাদি ব্যক্তিকেন্দ্রিক বিষয়গুলোকে স্বীকৃতি দিতে হবে। সন্তানদের সাথে কিছুটা সময় আলাদাভাবে ব্যয় করে তাদের চিন্তাভাবনার সাথে পরিচিত হতে হবে এবং তাদের কথা পূর্ণ মনোযোগ দিয়ে শুনতে হবে। আমাদের সন্তানেরা প্রতিনিয়ত অনেক কিছু শিখে থাকে। তাদের এই শিখন প্রক্রিয়া ক্রমাগত চলমান এবং প্রকৃতি ও পরিবেশ থেকেও তাদের শিখন প্রক্রিয়া অব্যাহত থাকে। তাই তারা এই সময়ে কী কী বিষয় শিখছে তা গভীরভাবে খুঁজে দেখতে হবে। অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেক কিছু ভুল এবং অসম্পূর্ণ থাকে, সেসব বিষয়ে তাদের শেখায় ভুল থাকলে তা সঠিক করে দেওয়ার দায়িত্ব কিন্তু অভিভাবকদেরই।

শিশুসন্তানদের ক্ষেত্রে কিছুকিছু সময় অনেক রাগ বা জেদ দেখতে পেলে অনেক সময় আমরা রাগের কারণ অনুসন্ধান করি না। এমন পরিস্থিতি মোকাবেলায় আমরা তাদের বকাঝকা করি বা ধমক দিয়ে থামিয়ে দেই। এমন সময় অভিভাবকদের উচিত আরও সতর্ক হওয়া এবং রাগ বা জেদের প্রকৃত কারণ খুঁজে বের করা। সেই কারণটি ভালো করে জেনে নিয়ে, তার সাথে রাগ বা বিরক্ত না দেখিয়ে ঠান্ডা মাথায় ভালোভাবে বুঝিয়ে বলা। রাগ বা জেদের পিছনে কোনো যুক্তি সন্তানের কাছে অবশ্যই আছে, সেই যুক্তিটি কতটুকু গ্রহণযোগ্য তা বোঝার জন্য ইতিবাচক মনোভাব নিয়ে তার সাথে আলোচনা করতে হবে। এতে করে সন্তানের মনে সৃষ্ট রাগ বা জেদ যথাযথ মনস্তাত্ত্বিক প্রক্রিয়ার মাধ্যমে সমাধান করা সম্ভব হয়। মহামারির এই সময়ে শিক্ষা প্রতিষ্ঠান থেকে যদি পড়াশোনার ব্যাপারে অধিক চাপ না থাকে, তাহলে তাদের উপরও বেশি চাপ সৃষ্টি করা ঠিক হবে না। 'না' বা 'নেতিবাচক শব্দ' ব্যবহার না করে সেই বিষয়সমূহকে ইতিবাচ-কভাবে উপস্থাপন করলে সন্তানের মানসিকতায় 'ইতিবাচক মানসিকতা' ফুটে উঠবে।

শিক্ষার্থীদের বর্তমান দৈনন্দিন জীবনযাপনে রুটিন অনুসরণ করার চর্চা করতে পারলে ভালো হবে। তাহলে শিক্ষার্থীদের মধ্যে একটি শৃঙ্খলা থাকবে এবং সে নিজেও বুঝতে পারবে যে কত সময় কোথায় ব্যয় করছে। পড়াশোনা ও চিত্তবিনোদনের জন্য আনুপাতিক সময়ের ব্যবহার হচ্ছে কিনা কিংবা ইন্টারনেট বা অনলাইনে কত সময় ব্যয় করছে তা অভিভাবককে অবশ্যই মনিটর করতে হবে। একটানা বসে থাকা অনেক সময় স্থূলতার কারণ হতে পারে বিধায় শরীরচর্চা বা খেলাধুলার জন্য কিছুটা সময় শিক্ষার্থী যাতে ব্যয় করে সেটা লক্ষ রাখতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যম, বিভিন্ন গেম, অ্যাপস কোনটা সে ব্যবহার করছে এবং সেটা ব্যবহারকালীন সময়ে তাদের পাশে থাকতে পারলে ভালো হয়। বর্তমান সময়ে শ্রেণি ও বয়স উপযোগী অনেক ধরনের শিক্ষামূলক কনটেন্ট তৈরি হচ্ছে, সেই কনটেন্টগুলোর সাথে শিক্ষার্থীদের পরিচিত করিয়ে দেওয়া এবং অভিভাবক হিসেবে নিজে সেই বিষয়গুলো জানা জরুরি। তাহলে শিক্ষার্থী সেই শিক্ষামূলক কনটেন্ট ভালোভাবে ব্যবহার করতে পারবে এবং তার শিখন প্রক্রিয়া আরও জোরালো ও শক্তিশালী হবে। সন্তানেরা যাতে অনলাইন মাধ্যমে সুরক্ষিত থাকে সে ব্যাপারে তাদের সাথে খোলামেলা আলোচনা করা দরকার। অনেক সময় অনেক ধরনের অনভিপ্রেত ও অনুপযুক্ত বিষয় সামনে চলে আসলে সেসকল বিষয় কীভাবে মোকাবেলা করতে হবে তা জানাটা জরুরি। এমনকি ইন্টারনেট ব্যবহার করার মাধ্যমে কাদের সাথে মিশছে সেই বিষয়ে গভীর দৃষ্টি দেওয়া প্রয়োজন। স্কুল শিক্ষার্থীদের মধ্যে যাতে 'গ্যাং কালচার' তৈরি না হয় বা বাজে গ্রুপের সাথে মিশতে না পারে সেজন্য অভিভাবকের সতর্ক দৃষ্টি এমন সমস্যা থেকে দূরে রাখতে পারে।

করোনাকালীন সময়ে যেহেতু এখন বাইরে চলাফেরা সীমিত, সেহেতু তাদের ইনডোর গেমসের পাশাপাশি শরীরচর্চা, সঙ্গীত ও ধর্মীয় চর্চার দিকে উৎসাহ দিতে হবে। সন্তানদের সাথে ধর্মীয় আলোচনা ও একসাথে চর্চা তাকে ধর্মীয় রীতিনীতি অনুযায়ী চলতে সহায়তা করবে। তাদেরকে সাথে নিয়ে ঘরের কাজ করা এবং ঘরের কাজে অংশগ্রহণ করানো প্রয়োজন। এমনকি ঘরোয়া পরিবেশে গান ও শরীরচর্চা একসাথে করতে পারেন। সকলে মিলে একটি আনন্দ-উচ্ছল, হাসি-খুশি মুহূর্ত সন্তানের মানসিক ও শারীরিক বিকাশে অনেক শক্তিশালী ভূমিকা রাখবে। এমন সুন্দর মুহূর্তগুলো সন্তানের মনের হতাশা ও আশঙ্কা কাটিয়ে দেবে এবং তাকে ইতিবাচক করে তুলবে।

করোনাকালীন সময়ে টিনেজারদেরও বেশি মানসিক সাপোর্ট প্রয়োজন। টিনেজ বয়সে শিক্ষার্থীদের মানসিক অবস্থার বিষয়গুলো অভিভাবক হিসেবে সকলের জানা প্রয়োজন। তারা যে কঠিন মানসিক প্রক্রিয়ার মধ্যে দিয়ে যায়, সেটাকে আমাদের উপলব্ধিতে আনতে হবে। তাদের মনের অজানা কৌতূহল, আশঙ্কা ইত্যাদি বিষয় যথাযথভাবে মোকাবেলা করে উপযুক্ত সমাধান জানা দরকার। তারা যাতে এই বয়সে ভুল পথে পা না বাড়াতে পারে সেজন্য যথেষ্ট সহযোগিতা অভিভাবকেই দিতে হবে। অজানা বিষয়ে আকর্ষণ থাকা একটি স্বাভাবিক বিষয় কিন্তু সেই অজানা বিষয়ের ইতিবাচক ও নেতিবাচক উভয় দিক তাদের সামনে উপস্থাপন করতে হবে। আমরা সকলেই প্রতিনিয়ত অনেক ভুল করে থাকি। নিজে ভুল করলে ক্ষমাপ্রার্থী হওয়া এবং বিনয়ের সাথে ক্ষমা চাওয়া একটি অনেক ভালো চর্চা। অতীতের করা ভুল পরবর্তীতে বারবার সামনে টেনে তোলা কখনোই ঠিক না। পরিশেষে বলতে চাই, আমরা সকলেই নিজের যত্ন নেবো এবং আমাদের আশেপাশে যারা আছেন তাদের সাহায্য করব। পর্যাপ্ত বিশ্রাম, শরীরের যত্ন, প্রফুল্লচিত্ত ও মানসিক প্রশান্তি এই মহামারির সময়ে আমাদের জীবনযাপনে নিয়ে আনুক শান্তির বারতা।

**"শিক্ষা হল সবচেয়ে শক্তিশালী অস্ত্র, যা আপনি বিশ্বকে পরিবর্তন করতে ব্যবহার করতে পারেন"।**

**- নেলসন ম্যান্ডেলা**

# প্রগতিশীলতা ও আমরা



**মাবিয়া মোমেন**
প্রভাষক, শিক্ষা বিভাগ

প্রগতিশীলতা শব্দটি নামের মতোই গতিশীল। এর অর্থ সময়ের চেয়ে এগিয়ে থাকা। সময়ের চেয়ে এক ধাপ এগিয়ে প্রগতিশীলতা। এটির চর্চা কিন্তু আমরা হরহামেশাই করে থাকি। জেনে আর না জেনে। জেনে করার সুবিধা হলো এটাই যে আমরা নিজে যা সেটি ইতিবাচকভাবে অন্যকে করতেও উৎসাহিত করি। আর না জেনে করার সমস্যাটাই হলো ঠিক তার উল্টো। অর্থাৎ আমাদের সামনে সময়ের চেয়ে এগিয়ে থাকা মানুষকে আমরা বাহ্বা দেওয়ার বদলে খুঁচিয়ে খুঁচিয়ে তার ভিতরের আত্মবিশ্বাসটাকেই ভেঙে গুড়িয়ে দেই। আমরা নিজে বিশ্বাস করি বা না করি, সমাজে কিন্তু এই দ্বিতীয় পদের ব্যক্তির সংখ্যাই সবচেয়ে গরিষ্ঠ।

প্রগতিশীলতার ধারণা সর্বপ্রথম পাই গল্পগুচ্ছ পড়তে গিয়ে। রবীন্দ্রনাথের লেখা গল্পগুচ্ছ এক জেনারেশন আগের ছেলে-মেয়েরাও হয়তো পড়েছে, তবে তা ওই অব্দি। এখনকার ছেলে-মেয়েরা গল্পগুচ্ছের কয়েকটা গল্পের নাম মুখস্থ করে কেবল বিসিএস এর ভাইভায়-স্যার যদি জিজ্ঞেস করে বসেন তাহলে সেটির উত্তর দেবার আশায়। তা সেটিও ধরতে গেলে একদিক দিয়ে বেশ ভালোই। কয়েকটা গল্পের নাম তো জানা থাকল, এটিও বা কতজনে জানে! গল্পগুচ্ছ যখন আমার আব্বু এনে হাতে দিলেন তখন ক্লাস সেভেনে পড়ি মাত্র। সে সময় অনেক বাংলা শব্দেরই মানে জানি না, তাও পড়ে চলি। কিছু শব্দের অর্থবুঝি, আর কিছু ভাবে। এভাবেই নতুন নতুন শব্দের হাত ধরে গুটিগুটি পায়ে এগিয়ে চলা। বইয়ের একটা আলাদা জগৎ আছে, সে জগতে হারিয়ে যেতে পারলে আর কোনো চিন্তা নেই। একবার ডুবে গেলে গভীর পর্যন্ত যাওয়া যায়, তল পাবার দরকার নেই। গভীর জলে সাঁতরে বেড়াতেও তো আনন্দ। ছোটবেলায় যারা পুকুরে ঘণ্টার পর ঘণ্টা জলে ডুবে তিমি- শুশুক খেলেছেন তারা এই উপমাটি ঠিকভাবে মিলিয়ে দেখতে পারবেন।

রবীন্দ্রনাথ ঠাকুরের লেখায় দেখা যায় সে সময় বাড়ির মেয়েদের রাস্তায় বের হওয়া, কলেজে যাওয়া, বাড়িতে আগত অতিথির সাথে কথা বলা– এ সকল কাজই অতি স্পর্ধার পরিচায়ক। এত দুঃসাহস করার মতো প্রাণও সকলের ছিল না। আবার তারই লেখায়, তার গল্পের নায়িকারা ঘর ছেড়ে, ঘোমটা খুলে বাইরে এসে দাঁড়িয়েছে। কখনো হয়তো গোটা সংসারের হাল ধরেছে, কখনো ধরেছে পুরো সমাজের হাল, পুরো সমাজের সেবার্থে। শুধু লেখার কথা বলব না, ইতিহাসের দিকেও যদি তাকাই কবি রবীন্দ্রনাথ ঠাকুরের পিতা দেবেন্দ্রনাথ ঠাকুর নিজেও প্রগতিশীলতার পরিচায়ক। অতিরক্ষণশীলতার মাঝেও তিনি প্রগতিশীলতার স্বাক্ষর রেখেছেন। তিনি তার সকল সন্তানকে একই ছাদের নিচে থাকার আদেশ দিয়েছেন। আবার দেখা যায়, সময়ের পরিবর্তনে তাঁর পুত্রবধূ জ্ঞানদানন্দিনী আলাদাভাবে নিজের সন্তানদের নিয়ে বসবাস করেছেন। এ ব্যাপারে দেবেন্দ্রনাথ ঠাকুর পরোক্ষভাবে সম্মতিও জ্ঞাপন করেছেন। তার এক নাতনি সরলা সেই সময়েই ছেলেদের সাথে তাল মিলিয়ে ফিজিক্সে অনার্স করেছে এবং পিতামহের কাছে কর্মসূত্রে বিদেশে গিয়ে থাকার জন্যও অনুমতি পেয়েছে। সে সময়ে ১১ বছরের মেয়েদেরকেও কুমারী অবস্থায় ঘরে রাখা হতো না, তার আগেই বিয়ে সম্পন্ন হয়ে যেত। আর এখানে সরলার উদাহরণ তো

প্রগতিশীলতার স্পষ্টস্বাক্ষর। সে হিসেবে আমরা বাড়ি বলতে উপমহাদেশে ঠাকুর বাড়ির দিকে তাকালেই ভুরিভুরি প্রগতিশীল পেয়ে যাই। দেবেন্দ্রনাথ ঠাকুর নিজে একজন জমিদার ছিলেন এবং তার জমিদারির দেখাশোনা উত্তরাধিকার সূত্রে রবীন্দ্রনাথ ঠাকুর করেছেন। আমাদের কুষ্টিয়ার শিলাইদহ তাঁর একটি কুঠিবাড়ি আছে, অনেকেই হয়তো গিয়ে থাকবেন। সেখানে গিয়েও রবীন্দ্রনাথ প্রজাদের মধ্যেকার জাতিভেদ মেনে নেননি। হিন্দু, মুসলিম, ব্রাহ্মণ, শূদ্র নির্বিশেষে তিনি সকলকে একই কাতারে বসার আহ্বান জানিয়েছেন এবং নিজেও তাদের সাথে মাটিতে চটের উপরে বসেছেন।

এ তো গেল আগের যুগে প্রগতিশীলতার উদাহরণ। এবার আসি প্রাচীনকাল এবং বর্তমানকালের প্রগতিশীলতার মেলবন্ধনে। যুগে যুগে, সময়ে সময়ে প্রগতিশীলতা সর্বদাই বিরাজমান ছিল, আছে। আগের কালে মেয়েরা বাইরে বের হলেই সেটি অমঙ্গলের অশনিসংকেত দিত, এখনো মেয়েরা যদি নিজে কেনো কাজে হাত দেন সেটিকে সাদরে মেনে নেন কয়জন? আবার যদি ধরে কথাও বলি, সকল ধর্মেই মেয়েদের সম্মান প্রদর্শন এর কথা বলা হয়েছে কিন্তু বাড়বে সেটির প্রকাশ হচ্ছে কয়টি জায়গায়? আমাদের পরিবার হলো শিক্ষার প্রধান এবং প্রথম বিদ্যালয়। স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সময়ের সাথে সাথে একদিন শেষ হয় কিন্তু পরিবারে শিক্ষা চলতে থাকে আজীবন। এক সময় মুখ্য শিক্ষকের ভূমিকা পালন করে মা-বাবা, আরেক সময়ে সেই ভূমিকা পালন করে সন্তানেরা। তাই সুশিক্ষার পাশাপাশি প্রগতিশীলতার মানসিকতা থাকাটাও মুখ্য। পরিবারেই যদি আমরা সঠিক শিক্ষাটা না পাই তাহলে আমাদের শোধরানোর আর কোনো রাস্তা কি খোলা থাকে?

প্রগতিশীলতার সাথে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে আছে পরিবর্তন। পরিবর্তন এসেছে আমাদের ভাষায়। আমাদের দেশেই ২০ বছর আগের চলিত ভাষা এবং এখনকার চলিত ভাষার মাঝে এসেছে বিস্তর পরিবর্তন। টিভি নাটক অথবা সিনেমাগুলো দেখলেই আমরা বুঝতে পারি। আগে আমরা কী ধরনের ভাষায় নাটক দেখতাম আর এখন কী ধরনের ভাষা ব্যবহার করা হয় তাতেও কিছুটা পার্থক্য বোঝা যায়। ২০ বছর আগে আমাদের কথ্যভাষা যেরূপই থাকুক না কেন, বিশ্বের সামনে আমরা চলিত ভাষার রূপটিই বরাবর সামনে এনেছি। কিন্তু এখন আমাদের কথ্যভাষাই আনুষ্ঠানিক রূপ ধারণ করেছে এবং সেটি আপাতভাবে যতই মজাদার মনে হোক না কেন, খুব বেশি মানসম্মত মোটেও নয়। পরিবর্তন এসেছে আমাদের পোশাকে। এখন হয়তো ঘোমটা দেয়ার চল সেভাবে নেই কিন্তু আত্ম-স্বাধীনতার টার্মটা তো আছে। যে যেভাবে পোশাক পরিধান করতে চায় আমরা সেটুকু স্বাধীনতা তো দিতে পারি। কিন্তু এখানেও আছে মতান্তর, ক্ষেত্রবিশেষে ধর্মীয় কটাক্ষ, ক্ষেত্রবিশেষে নিজের জাজমেন্টাল বা কুরুচিপূর্ণ চিন্তা-ভাবনা।

আমরা ক্রমাগত পরিবর্তিত হচ্ছি। ১০ বছর আগের আপনি, আর ১০ বছর পরের আপনির মধ্যে অনেক পার্থক্য। নিজের দিকে তাকিয়ে দেখুন। নিজেকে যাচাই করুন কতটা পরিবর্তন এসেছে আপনার মধ্যে এবং এটিও যাচাই করুন এই পরিবর্তন কি ইতিবাচক? এই পরিবর্তন কি উৎপাদনশীল? এই পরিবর্তন কি কল্যাণকারী? যদি মনে হয় 'হ্যাঁ' তবে আপনাকে অভিনন্দন। আর যদি উত্তর হয় 'না' তবে এখনই ঝেড়ে উঠুন। নিজেকে নতুনভাবে গড়তে শুরু করুন। দেখুন গড়তে কত আনন্দ। কতটা উচ্ছ্বাস। ক্রিয়েটিভিটি বা বাংলায় যদি বলি সৃজনশীলতা, এই যে কিছু একটা তৈরি করার যে প্রতিভা সেটি যেন ক্রমেই লোপ পাচ্ছে। বর্তমান জেনারেশনে যারা আছি, আমরা আমাদের দিনের অধিকাংশ সময় ফোনেই নষ্ট করছি। কিছু সৃজন করার সময় কোথায়? আমাদের আগামীর ভবিষ্যৎ, আমাদের সন্তানদের মননশীলতা বিকাশের লক্ষ্যেই তো আমাদের শিক্ষাব্যবস্থায় সৃজনশীল পদ্ধতির আবির্ভাব ঘটানো হয়েছে।

সে লক্ষ্যটি পূরণ হবে কবে? সৃজনশীলতার জন্য প্রয়োজন অনেকটুকু অলস সময়, অবসর সময়। বেশিরভাগ সময় আমরা ফোনেই পার করে দেই, ফলে অবসরে চিন্তা করার ফুসরত আমাদের নেই। আমরা চলছি সময়ের সাথে তাল মিলিয়ে, থমকে দাঁড়ানোর সময় আমাদের নেই। কাব্যচর্চা , সাহিত্যচর্চা, সংগীতচর্চা, বিদেশি ভাষাচর্চা, চিন্তা-ভাবনা করার সময় আমাদের নেই। মননশীলতার চেয়ে নিজের মাঝে যন্ত্রের পরিচয় দিচ্ছি আমরা আরও স্পষ্টরূপে। কিন্তু এটাই কি আমাদের চূড়ান্ত লক্ষ্য? যদি তা না হয় তবে কিছুটা সময় ইতিবাচক চিন্তায় মনোনিবেশ করি। নিজেকে নতুনভাবে গড়ি, নিজেকে আবিষ্কার করি এক নতুন রূপে।

"সূর্যের মতো দীপ্তিমান হতে হলে প্রথমে তোমাকে সূর্যের মতোই পুড়তে হবে। "

-এ পি জে আব্দুলকালাম



# বাংলাদেশের উচ্চশিক্ষা ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান


## মো. আল-আমীন

প্রভাষক, বাংলা বিভাগ
এবং সহকারী প্রক্টর


শিক্ষা মানুষের মৌলিক অধিকার। রাষ্ট্রের সুষম অগ্রগতিতে শিক্ষার অবদান অগ্রগণ্য কিন্তু যুগোপযোগী অগ্রগতির ক্ষেত্রে মৌলিক শিক্ষা অপেক্ষা উচ্চশিক্ষা প্রত্যক্ষভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মুক্তিযুদ্ধপরবর্তী বাংলাদেশের পুনর্গঠন ও উন্নয়নে উচ্চশিক্ষার প্রয়োজনীয়তা উপলব্ধি করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের উচ্চশিক্ষা কাঠামো নির্মাণ ও বিস্তারে নানাবিধ কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছিলেন; যা পরবর্তীতে আজকের বাংলাদেশের চলমান উচ্চশিক্ষার ভিত্তি হিসেবে বিদ্যমান।

মানবসমাজ তথা আধুনিক সমাজ অগ্রগতির ক্ষেত্রে উচ্চশিক্ষার প্রকৃতি ও মানের উপর অনেকাংশে নির্ভরশীল। উচ্চশিক্ষার ভূমিকা পর্যালোচনা করলে দেখা যায়– জ্ঞানদক্ষ ও দূরদৃষ্টিসম্পন্ন মানবিক সমাজ তৈরির মাধ্যমে আবশ্যক সকল উচ্চতর কাজ সুনিপুণভাবে সম্পন্ন করতে সক্ষম জনগোষ্ঠী গড়ে তোলাই উচ্চশিক্ষার প্রধান উদ্দেশ্য। জাতির ভবিষ্যতের পাশাপাশি জাতীয় অর্থনীতির সাথে তাই উচ্চশিক্ষার প্রত্যক্ষ যোগ বিদ্যমান। জাতীয় অর্থনীতির পরিকল্পনার সাথে সমন্বয়ের মাধ্যমে দেশ ও জাতির ইতিবাচক পরিবর্তনে উচ্চশিক্ষার গ্রহণযোগ্যতা কোনোভাবেই উপেক্ষা করা চলে না। জাতির পিতা তাঁর এক বক্তব্যে উল্লেখ করেন, 'আমাদের শিক্ষাব্যবস্থা (ইংরেজ-পাকিস্তান) এ যাবৎ শুধু আমলাই সৃষ্টি করেছে, মানুষ সৃষ্টি করেনি।' তিনি সেই মানুষ সৃষ্টির উদ্দেশ্যেই মুক্তিযুদ্ধপরবর্তী বাংলাদেশের শিক্ষাব্যবস্থা ও শিক্ষাকাঠামো গড়ে তুলতে সচেষ্ট হন। সমাজস্থ সকল মানুষের জন্য উচ্চশিক্ষার দ্বার উন্মুক্ত করার মাধ্যমে জাতির জনক শিক্ষার্থীদের মেধা বিকাশের সুযোগ করে দেন।

উচ্চশিক্ষায় বঙ্গবন্ধুর গৃহীত পদক্ষেপসমূহ যুগান্তকারী হিসেবে উল্লেখ করা যেতে পারে। প্রথমেই তিনি সিদ্ধান্ত নিলেন প্রাথমিক থেকে উচ্চশিক্ষা অবধি শিক্ষার মাধ্যম হবে মাতৃভাষা বাংলা। মাতৃভাষায় শিক্ষা গ্রহণ ব্যতিত যে-কোনো জাতি প্রকৃতভাবে শিক্ষার ফল ভোগ করতে পারে না তা উপলব্ধি করেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯৭৩ সালের ২৩ ফেব্রুয়ারি প্রশাসনসহ দেশের সকল স্তরে বাংলা ভাষা ব্যবহারের নির্দেশ প্রদানের মাধ্যমে দেশের শিক্ষা ও কর্মকে এক কাতারে দাঁড় করান বঙ্গবন্ধু। উল্লেখ্য, বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠার ক্ষেত্রে বঙ্গবন্ধু ১৯৪৭ থেকে ১৯৫৬ পর্যন্ত যে অনস্বীকার্য ভূমিকা পালন করেন তা সর্বজনবিদিত।

যুদ্ধবিধ্বস্ত দেশে শিক্ষা কাঠামো নির্মাণে বঙ্গবন্ধুকে যে অর্থনৈতিক প্রতিবন্ধকতা স্বীকার করতে হয়েছিল তা তৎকালীন বিশ্বব্যাংকের এক প্রতিবেদনের মাধ্যমে স্পষ্ট হয়ে ওঠে। ৬ হাজার উচ্চবিদ্যালয়ের জন্য প্রয়োজন ছিল ৩ কোটি টাকা। যুদ্ধের ক্ষয়ক্ষতির মধ্যে পুনর্গঠন ভিত্তিতে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে পরিবহনখাতে ৩৮.২ শতাংশ, স্বাস্থ্যখাতে ২.১ শতাংশ এবং শিক্ষাখাতে ৪.৭ শতাংশ। শিক্ষাব্যবস্থাকে ক্ষতির হাত থেকে উদ্ধারের লক্ষ্যে ১৯৭২-'৭৩ বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ দেওয়া হয় ৫১ কোটি টাকা অর্থাৎ শতকরা ৪.৭৮ শতাংশ। এর মাধ্যমে সহজেই উপলব্ধিযোগ্য বঙ্গবন্ধু দেশের শিক্ষা বিস্তারের ক্ষেত্রে কতটা অন্তঃপ্রাণ ছিলেন!

১৯৭২ সালের ২৬ মার্চ দেশের স্বাধীনতা দিবসে দেশবাসীর উদ্দেশ্যে বেতার ও টেলিভিশনে দেওয়া এক ভাষণে বঙ্গবন্ধু উল্লেখ করেন, 'আমার ছাত্র ভায়েরা, যারা মুক্তিসংগ্রামে বীরত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলো, তাদের প্রতি আহ্বান জানাচ্ছি যে, তারা যেন আমাদের বিপ্লবের লক্ষ্যকে বাস্তবায়িত করার জন্যে তাদের কাজ করে যেতে থাকে। আমাদের শিক্ষাব্যবস্থার বিপ্লব সাধনের উদ্দেশ্যে একটি পরিকল্পনা তৈরির নির্দেশ সহ আমি একটি শিক্ষা কমিশন গঠন করতে চলেছি।' অর্থাৎ বঙ্গবন্ধুর দিক-নির্দেশনার মাধ্যমেই ১৯৭২ সালের ২৬ জুলাই ড. কুদরত-এ-খুদা শিক্ষা কমিশন গঠিত হয়। ১৯৭৪ সালের ২৪ মে এ কমিশন প্রতিবেদন দিলে ৩০ মে সেটি চূড়ান্তরূপ লাভ করে। এ কমিশনের সুপারিশগুলোর মধ্যেই বঙ্গবন্ধুর শিক্ষাভাবনার পরিচয় পাওয়া যেতে পারে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের সর্বোচ্চ শিক্ষাস্তর যাতে দেশের কল্যাণে সবিশেষ ভূমিকা পালন করতে পারে সে বিষয়ে সচেতন ছিলেন। দেশের সকল সরকারি বিশ্ববিদ্যালয়সমূহের জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রদান, উচ্চস্তরের পঠন-পাঠন পদ্ধতির পরিবর্তনের মাধ্যমে উচ্চশিক্ষা ব্যবস্থার উন্নয়নে সহায়তা প্রদানসহ উদ্ভাবনী গবেষণাকে গুরুত্ব প্রদানের মাধ্যমে উচ্চশিক্ষার নীতিমালা প্রণয়নে উদ্যোগী হন। উচ্চশিক্ষাকে আন্তর্জাতিক মানে পৌঁছানোর লক্ষ্যে মান নিশ্চিতকরণ ও প্রয়োজনীয় কার্যক্রমসমূহের আবশ্যকতা স্বীকার করে ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রতিষ্ঠা করেন। যা ১৯৭৩ সালের রাষ্ট্রপতির জারিকৃত আদেশক্রম ১০ এর মাধ্যমে উচ্চশিক্ষার সর্বোচ্চ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিধিবদ্ধ হয়। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তৎকালীন ৬ টি বিশ্ববিদ্যালয়ে তাদের কার্যক্রম পরিচালনা করে।

ঐতিহাসিকভাবে দেশের উচ্চশিক্ষার মুক্তপথ চলার প্রধানতম প্রতিবন্ধকতা সৃষ্টি হয় পাকিস্তান আমলে। ১৯৬২ সালে বিশ্ববিদ্যালয়ের মুক্তচিন্তার পথ রুদ্ধ করতে সচেষ্ট হয় সামরিক সরকার। বিশ্ববিদ্যালয়ে হস্তক্ষেপের জন্য আরোপিত কালাকানুন রহিত করে বিশ্ববিদ্যালয়কে মুক্তচিন্তা ও স্বায়ত্বশাসন দিয়ে বঙ্গবন্ধুর অবদানের ফলেই ১৯৭৩ সালের ১৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয় অর্ডিন্যান্স ঘোষিত হয়। সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তিনি চেয়েছিলেন বিশ্ববিদ্যালয়গুলো হোক মুক্ত জ্ঞানচর্চার সূতিকাগার, যা সম্ভব হবে বিশ্ববিদ্যালয়গুলোকে স্বায়ত্বশাসন দেওয়ার মাধ্যমে। সেখানে উল্লেখ করা হয়– 'The university must honor the principle of collegiate equality in its own academic structures.' এর মাধ্যমে ঔপনিবেশিক আমলে সৃষ্ট ও আরোপিত প্রতিবন্ধকতাগুলো নিরসনের মাধ্যমে শিক্ষাব্যবস্থার সংস্কার ও প্রবহমান নদীর ন্যায় শাশ্বত পথচলাকে ত্বরান্বিত করেছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উচ্চশিক্ষা প্রতিষ্ঠান-সমূহের এই স্বায়ত্বশাসনের ফলেই উচ্চশিক্ষা গ্রহণ ও দানে অধিকাংশ সমস্যার সমাধান হয়েছে একথা নির্দ্বিধায় বলা যায়।

বঙ্গবন্ধুর গৃহীত পদক্ষেপসমূহ মুক্তিযুদ্ধপরবর্তী সময়ে দৃষ্টিগোচর হয়েছে সত্য কিন্তু তিনি যে দেশের শিক্ষাব্যবস্থা সম্পর্কে পূর্বেও অনেক ভাবিত ছিলেন তার প্রমাণ মেলে ১৯৭০ এর নির্বাচনের সময় টেলিভিশনে দেওয়া এক ভাষণের মাধ্যমে। সেই ভাষণে তিনি সুস্পষ্ট কিছু প্রস্তাব রেখেছিলেন; যাতে শিক্ষা সম্পর্কে তাঁর দূরদর্শিতার সাক্ষ্য বিদ্যমান। যথা– 'সুষ্ঠু সমাজ ব্যবস্থা গড়ে তোলার জন্য শিক্ষাখাতে পুঁজি বিনিয়োগের চেয়ে উৎকৃষ্ট বিনিয়োগ আর কিছু হতে পারে না', 'নিরক্ষরতা অবশ্যই দূর করতে হবে। পাঁচ বছর বয়সী শিশুদের বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষাদানের জন্যে একটি ক্রাশ প্রোগ্রাম চালু করতে হবে', 'দারিদ্র্য যেন উচ্চশিক্ষার ক্ষেত্রে মেধাবীদের জন্য বাধা হয়ে না দাঁড়ায়, সেদিকে লক্ষ্য রাখতে হবে।'

আজ বর্তমান সময়ে আমরা যে অবৈতনিক শিক্ষা, সর্বজনীন উচ্চশিক্ষার বাস্তবতা উপভোগ করছি তা ছিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রত্যক্ষ অবদানের ফল। ১৯৭০ সালের নির্বাচনপূর্ব এসকল প্রস্তাব বঙ্গবন্ধু স্বাধীন বাংলাদেশে বাস্তবায়ন করতে শুরু করেন। বঙ্গবন্ধু ক্ষমতায় এসে উচ্চশিক্ষা সবার জন্য উন্মুক্ত করে দিলেন এবংশিক্ষাক্ষেত্রে ধনী-গরিব বৈষম্য দূর করলেন। এর ফলশ্রুতিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৭ (ক), ১৭ (খ) ও ১৭ (গ) নং এ সন্নিবেশনের মাধ্যমে রাষ্ট্রীয় বাধ্যবাধকতা সুনিশ্চিত করা হয়।

বঙ্গবন্ধু আমাদের শিক্ষাব্যবস্থার ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। উচ্চশিক্ষা বিস্তারে তাঁর অবদানের ফলে জ্ঞানচর্চা ওমুক্তির পথ অন্বেষণ সুগম হয়েছে। বঙ্গবন্ধুর নির্দেশিত পথ অনুসরণ করে তাঁরই সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে উচ্চশিক্ষায় আন্তর্জাতিক মান বজায় রেখে বাংলাদেশ এগিয়ে চলেছে সমৃদ্ধ সোনার বাংলা নির্মাণের অভিমুখে– একথা নিঃসন্দেহে উল্লেখ করা যায়।

**"তুমি কি মনের সজীবতা ধরে রাখতে চাও, তবে সবকিছুকে সহজভাবে গ্রহণ করতে শেখ।"**

**-টমাসহুড।**

# স্বাধীনতার ৫০বছর: প্রত্যাশা ও প্রাপ্তি



**মো. আলিউল ইসলাম**
সেকশন অফিসার (প্রাক্তন)

**উপস্থাপনা :**

মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ৫০ বছর উদ্‌যাপনের মুহূর্তে নিজেকে বড়ো ভাগ্যবান মনে হচ্ছে। আবার মাঝে মাঝে মনের অজান্তেই বেজে উঠছে জনপ্রিয় কণ্ঠশিল্পী হায়দার হোসেনের গানটি–

কী দেখার কথা কী দেখছি!
কী শোনার কথা কী শুনছি!
কী ভাবার কথা কী ভাবছি!
৩০ বছর পরও আমি স্বাধীনতাটাকে খুঁজছি...।

দেশ স্বাধীন হওয়ার পরেও কেন তিনি স্বাধীনতা খুঁজছেন? তবে কি স্বাধীনতার প্রকৃত স্বাদ এখনও আমরা পাইনি? তাহলে কি স্বাধীনতা কেবল একটি শব্দ?

১৯৭১ সালে বাংলাদেশ যখন স্বাধীনতা লাভ করে, তখন অনেকেই আমাদের দেশটিকে 'অ এঃবংঃ পধংব ভড়ৎ উবাবষড়ঢ়সবহঃ' বলে অভিহিত করেছিলেন। যা অনেকটা ছিল বাংলাদেশকে লক্ষ্য করে ছেড়ে দেওয়া উন্নত দেশের একটি চ্যালেঞ্জের মতো। এই চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড়িয়ে লড়াই করেছি ৫০ বছর। স্বাধীনতার এই ৫০ বছরে আমাদের প্রত্যাশা ও প্রাপ্তি জায়গা কতটুকু তা দেখবার বিষয়।

নিশ্চয়ই শত্রুর মুখে আজ ছাই দিয়ে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে দাবি করতে পারি যে, বাংলাদেশ ধ্বংস হয়ে যায়নি, মাথা তুলে সে বিশ্বের মাঝে বুক ফুলিয়ে উন্নত দেশ হওয়ার দিকেই এগিয়ে যাচ্ছে।

**স্বাধীনতা এই শব্দটি কীভাবে আমাদের হলো :**

'একটি কবিতা লেখা হবে তার জন্য অপেক্ষার উত্তেজনা নিয়ে,
লক্ষ লক্ষ উন্মত্ত অধীর ব্যাকুল বিদ্রোহী শ্রোতা বসে আছে।
ভোর থেকে জনসমুদ্রের উদ্যান সৈকতে–
কখন আসবে কবি? কখন আসবে কবি?

... ... ...

গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শুনালেন তাঁর অমর কবিতাখানি:

'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।
সেই থেকে 'স্বাধীনতা' শব্দটি আমাদের।'
কবি নির্মলেন্দু গুণ

**রক্তের বিনিময়ে স্বাধীনতা :**

'শুধু ভিক্ষা করে কখনো স্বাধীনতা লাভ করা যায় না।
স্বাধীনতা অর্জন করতে হয় শক্তি দিয়ে, সংগ্রাম করে।
স্বাধীনতার মূল্য দিতে হয় রক্ত দিয়ে।'
নেতাজী সুভাষচন্দ্র বসু।

৩০ লক্ষ শহিদের আত্মদান আর ২ লাখ মা-বোনের ত্যাগ-তিতিক্ষা এবং কোটি কোটি বাঙালির আত্মনিবেদন ও সংগ্রামের গৌরবগাঁথা গণবীরত্বের ইতিহাস। ফলে আমরা লাভ করেছি একটি স্বাধীন স্বার্বভৌম লাল-সবুজের দেশ 'বাংলাদেশ'।

**স্বাধীনতার ৫০ বছর (সুবর্ণজয়ন্তী) :**

স্বাধীনতার পর বাংলাদেশকে 'তলাবিহীন ঝুড়ির' দেশ বলে আখ্যা দেওয়া হয়েছিল। স্বাধীনতার ৫০ বছরে এসে দারিদ্র্য আর দুর্যোগের বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশের কাতারে উত্তরণের পথে। এই প্রাপ্তি নিয়েই এবার জাতি স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করছে। ১৯৭১ সালের ২৬ মার্চ বিশ্বের মানচিত্রে নতুন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশের ঘোষণা দিয়েছিল একটি ভূখণ্ড, যার নাম 'বাংলাদেশ'। সবুজ জমিনে রক্তিম সূর্যখচিত মানচিত্রের এই দেশটির স্বাধীনতার ৫০তম বার্ষিকী। একই সাথে বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। তাই উদ্‌যাপনে যোগ হয়েছে নতুন মাত্রা। স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে জাতীয় প্যারেড স্কয়ারে ১০ দিন ব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

তবে সুবর্ণজয়ন্তীর উদ্‌যাপন উপলক্ষে আগামী ১৬ ডিসেম্বর বিজয় দিবস পর্যন্ত বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে।

**তরুণদের চোখে স্বাধীনতার ৫০ বছর :**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের শিক্ষার্থী লিলি সুলতানা মনে করেন যে, ৫০ বছরে অনেক প্রত্যাশা থাকলেও প্রাপ্তি কিন্তু কম নয়। LDC থেকে MDC-তে আছি। অবকাঠামোগত উন্নয়ন হয়েছে স্বপ্নের মতো, যা ৫০ বছর আগের মানুষ হঠাৎ করে বর্তমান সময় দেখলে বুঝবে যে, কি পরিমাণ উন্নয়ন হয়েছে। আগে মানুষ অভাবে

অনাহারে দিন কাটাতো কিন্তু এখন খাবার অপচয় করে। সেই সাথে বিশ্বের সাথে তাল মিলিয়ে এগিয়ে যাচ্ছে আমাদের যোগাযোগ ব্যবস্থা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সাবেক শিক্ষার্থী মো. আব্দুল্লাহ এর মতে,'আমি একজন তরুণ, সেই হিসেবে আমি মুক্তিযুদ্ধ দেখিনি কিন্তু উত্তরাধিকার সূত্রে পাওয়া মহান এক ইতিহাস পেয়েছি, সেই থেকে চাওয়া পাওয়ার হিসাবটা কানায় কানায় মিলে যায় কি সব সময়? তবুও প্রত্যাশার জায়গাটা অপূর্ণ রয়ে গেছে!'

**স্বাধীনতার ৫০ বছরে আমাদের প্রত্যাশা :**

বাঙ্গালি জাতির হাজার বছরের ইতিহাসে নিঃসন্দেহে সবচেয়ে গৌরবময় অধ্যায় আমাদের মুক্তিযুদ্ধ। বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস একদিকে যেমন করুণ, শোকাবহ এবং লোমহর্ষক, ঠিক তেমনি ত্যাগের মহিমায় উজ্জ্বল ও বীরত্বপূর্ণ।

শেরে বাংলা এ. কে. ফজলুল হক ঐতিহাসিক লাহোর প্রস্তাবের মধ্য দিয়ে যে স্বাধীন স্বপ্নের বীজ বপন করেছিলেন, সে বীজকে বাঙালির স্বপ্নে পরিণত করেছিলেন মজলুম জননেতা মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী, যার চূড়ান্ত বাস্তবায়ন ঘটেছে বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে।

মুক্তিযুদ্ধ ছিল একটি জনযুদ্ধ। দেশের সর্বস্তরের মানুষ এই যুদ্ধে অংশগ্রহণ করেন। রাজনৈতিকভাবে এই যুদ্ধকে সার্বজনীন করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সর্বসম্মতিক্রমে একটি 'সর্বদলীয় উপদেষ্টা পরিষদ' গঠন করেন। যার ফলশ্রুতিতে বাংলাদেশ পায় একটি শব্দ ও একটি পতাকা। দেশ স্বাধীন হয়েছে ঠিকই; কিন্তু ভাগ্যের পরিবর্তন ঘটেনি দেশের সাধারণ মানুষের। জীবনযুদ্ধে প্রতিনিয়ত তাদের একমুঠো ভাত যোগাড় করতে হিমশিম খেতে হচ্ছে। এসব দেখার যেন কেউ নেই। সর্বদা সুবিধাভোগীরা নিজেদের স্বার্থ নিয়েই থাকে। কিন্তু আমাদের প্রত্যাশা– কোনো সুবিধাবঞ্চিত মানুষ থাকবে না, থাকবে না কোন অনাহারী। বিশেষ ক্ষমতা কিংবা রাজনৈতিক ক্ষমতার সুবিধা পাবে না কেউ। সমাজ পরিচালিত হবে সচেতন ও বিবেকবান সব মানুষের দ্বারা। এমন প্রত্যাশা আমাদের সাধারণ জনগণের।

**স্বাধীনতার ৫০ বছরে আমাদের প্রাপ্তি :**

৫০ বছরের পথ পরিক্রমায় অর্থনৈতিক ও সামাজিকভাবে বাংলাদেশের অগ্রগতি ঈর্ষণীয়। বিদেশিদের দৃষ্টিতে স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশ ছিল এক তলাবিহীন ঝুড়ি। আর এখন সমৃদ্ধ-স্বনির্ভর বদলে যাওয়া এক বাংলাদেশ। সারা বিশ্বে বাংলাদেশ এখন এক উদীয়মান অর্থনীতির দেশ। যে পাকিস্তানের কাছ থেকে স্বাধীনতা ছিনিয়ে এনেছিল বাংলাদেশ, সেই পাকিস্তানই এখন আর্থ-সামাজিক প্রায় সব সূচকেই পিছিয়ে পড়েছে বাংলাদেশের চেয়ে। দিনে দিনে সামাজিক, রাজনৈতিক কাঠামোর পরিবর্তনের সঙ্গে সঙ্গে পাল্টে গেছে বাংলাদেশের অর্থনৈতিক কাঠামো। বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় ২০৬৪ মার্কিন ডলার। ১৯৭২ সালে দেশের মাথাপিছু আয় ছিল ১২৯ মার্কিন ডলার। স্বাধীনতার ৫০ বছরে আয় বেড়েছে ১৬ গুণ।

অবকাঠামোগত উন্নয়ন হয়েছে; যা-পদ্মা ব্রীজ, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র, বঙ্গবন্ধু ট্যানেল, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১, উড়াল সেতু, মেট্রোরেলসহ বড়ো বড়ো প্রকল্পের কাজ চলমান যা স্বাধীনতার এই

সুবর্ণজয়ন্তীতে স্বস্তির নিঃশ্বাস যোগায়। এই সব অর্জনের আনন্দ আজ আমাদের গর্বিত করেছে, কিন্তু আগামী দিনগুলোতে যদি উন্নয়নের এই প্রবাহ বেগবান রাখা না যায় তাহলে তা হবে লাখো শহিদের মৌন দীর্ঘশ্বাস।

করোনার এই মহামারিতে ৫৪ তম দেশ হিসেবে ভ্যাকসিন দিয়েছে। রোগ-ব্যাধির উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে মানুষের গড় আয়ু আরও বেড়েছে। বিভিন্ন ক্ষেত্রে নারীর পদচারণা বৃদ্ধি পেয়েছে। স্বাক্ষরতার হার বেড়েছে, কমেছে দরিদ্রতা। নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণ করা হয়েছে। স্বাধীনতা পরবর্তী কল্পিত তলাবিহীন ঝুড়ির দেশ বাংলাদেশ, এখন আঠার কোটি মানুষের খাদ্য চাহিদা পূরণ করছে। উপরন্তু সাড়ে এগারো লাখ রোহিঙ্গাকে নিয়মিত তিন বেলা খাওয়ানোর পরও খাদ্য উদ্বৃত্তে পরিণত হয়েছে। নারীর ক্ষমতায়ন, শিক্ষা, বিনামূল্যে বই বিতরণ, মাতৃ ও শিশু মৃত্যু হ্রাস, বিদ্যুতায়নে অগ্রগতি, গ্রামীণ মানুষের জীবনযাত্রা উন্নয়ন, ব্যাংকের রিজার্ভ, রেমিট্যান্স, রপ্তানি আয় প্রবৃদ্ধি দিন দিন বেড়েই চলছে। স্বাধীনতার পর রপ্তানি আয়ের ৭০ (সত্তর) ভাগ ছিল পাটের দখলে। বর্তমানে মোট রপ্তানির ৮২ শতাংশ তৈরি পোশাক খাতের দখলে। ৪০ লাখের বেশি শ্রমজীবী এ খাতের পেশায় নিয়োজিত রয়েছে, যার ৮০ ভাগই নারী শ্রমিক। সেইদিন আর বেশি দূরে নয়, যেদিন বাংলাদেশ আমদানি ব্যয়ের চেয়ে রপ্তানি আয় বেশি হবে। তাই স্বাধীনতার ৫০ বছরে প্রাপ্তির জায়গাটুকু ব্যাপকভাবে বিস্তৃত।

**আগামীর চ্যালেঞ্জেসমূহ :**

আগামীর চ্যালেঞ্জ নিতে হলে বাংলাদেশের মুক্তিযুদ্ধের অন্যতম উদ্দেশ্য রাজনৈতিক স্বাধীনতা ও অর্থনৈতিক মুক্তি নিশ্চিত করতে হবে। সেই উদ্দেশ্যেই ৫০ বছর আগে শোষণ-বৈষম্য-নির্যাতন থেকে আমরা স্বাধীন হয়েছিলাম, আজ দেশের ভেতরের শোষণ-বৈষম্য-নির্যাতন থেকে আমাদের জনগণকে মুক্ত করতে হবে। ৩০ লক্ষ শহিদের স্বপ্নও তাই ছিল। তাই রাজনৈতিক গণতান্ত্রিক অধিকার ও অর্থনৈতিক অধিকার উভয়ই আমাদের অর্জন করতে হবে।

স্বাধীনতার ঊষালগ্নে দেখা বঙ্গবন্ধুর দারিদ্র্যমুক্ত-ক্ষুধামুক্ত-শোষণহীন-সমাজতান্ত্রিক দেশের মহৎ স্বপ্নটি ক্ষমতাসীন দল ছেড়ে দিলেও সাধারণ মানুষ, দেশবাসী জনগণ এবং তার দলের ভেতরে ও বাইরে এখনো থেকে যাওয়া তার লক্ষ লক্ষ অনুসারী ভক্ত নিশ্চয়ই আজও সেই স্বপ্ন ছাড়েননি। সেই স্বপ্নগুলো বাস্তবায়নের সঠিক পথটি না বের করা পর্যন্ত সব শহিদের প্রতি আমাদের ঋণ পূর্ণভাবে পরিশোধিত হবে না। বিশ্বের বুকে আমাদের প্রিয় স্বদেশ শোষণহীন-লুণ্ঠনহীন-দুর্নীতিহীন গণতান্ত্রিক উন্নত স্বচ্ছ এক দেশ হিসেবে আবার মাথা উঁচু করে দাঁড় করানোই হলো বাংলাদেশের আগামীর চ্যালেঞ্জ।

**উপসংহার :**

স্বাধীনতার সুফল অর্জন ও তা জনগণের দ্বারে পৌঁছিয়ে দিতে হলে যেসব সমস্যা রয়েছে তার সমাধান করতে সকলকে বিশেষভাবে সচেতন ও আন্তরিক হতে হবে। খুঁজে বের করতে হবে আমাদের প্রত্যাশিত উন্নতি অর্জিত হচ্ছে না কেন? এসব কারণ খুঁজে বের করে তা দূর করতে হবে। দেশে কল্যাণকামী সকল রাজনৈতিক দলকে ব্যক্তি স্বার্থের উর্ধ্বে দেশের স্বার্থকে স্থান দিতে হবে। প্রতিটি কথা অনুযায়ী আশানুরূপ কাজ করতে হবে। কাজ করতে হবে- স্বাধীনতা, স্বনির্ভরতা, সোনার বাংলা, দারিদ্র্য বিমোচন, সবার জন্য শিক্ষা এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জসমূহ মোকাবেলাসহ নানান ধরনের কর্মসূচি। কাজ করতে হবে অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতি, দুর্নীতি, অব্যবস্থাপনা ইত্যাদি নিয়ে। তবেই হবে দেশ ও দশের উন্নতি, তবেই হবে স্বাধীনতার ৫০ বছরে প্রত্যাশা ও প্রাপ্তি। আসুন আমরা সবাই প্রত্যাশা ওআমাদের প্রাপ্তির জায়গাটুকু ঠিক রাখতে বদ্ধপরিকর হই।

**"কাজ শুরু করাই হলো সফলতার মূল চাবিকাঠি।"**
**-পাবলো পিকাসো**

# চাপা কষ্টের ক্ষুদ্র প্রতিবাদের বহিঃপ্রকাশ




**মিঠুন বাইক**
৫৬তম ব্যাচ, বিএড
আই.ডি: ২১১০১০৩০১০১৭


আমার খুব কষ্ট লাগে যখন দেখি সংবাদের পাতায় বড়ো শিরোনামে লেখা '৬ বছরের শিশু সন্তানকে ধর্ষণ বা স্কুল ছাত্রীকে ধর্ষণ এবং হত্যা'। এ সমস্ত ঘটনা যখনই পাঠ করি তখনই আমার হৃদয়ে প্রতিবাদের আগুন জ্বলে ওঠে। মনে হয় অদৃশ্য যদি কোনো শক্তি থাকতো তাহলে এর বদলা দিয়ে দিতাম। এ কষ্ট না পারি কাউকে বলতে, না পারি সইতে, না পারি এ সুশীল সমাজে কিছু অবদান রাখতে। কারণ এই সমাজের ক্ষুদ্র আমি, আমার ভূমিকা যেন নলকূপের পানি সমুদ্রকে দেওয়ার মতো।

কেন যে নরপিশাচরা নাবালক ছোট্ট ছোট্ট ফুলের মতো শিশুদের ধর্ষণের পর শ্বাস রোধ করে এবং জঘন্যভাবে নির্যাতন করে মেরে ফেলে! তৎক্ষণাৎ আমার মধ্যে একটি প্রশ্ন জেগে উঠে, তাদের হৃদয়ে কি এতটুকু ভালোবাসা নেই, এত নিষ্ঠুর হতে পারে মানুষ যার দরুন তারা অমানবিকভাবে মানুষকে খুন বা হত্যা করতে পারে? তারা কি মানুষরূপী অন্য গ্রহের মানুষ? তাদের কি মা-বোন নেই? আরও এরূপ কতশত প্রশ্ন বুকে চাপা থেকে যায়। এসব ঘটনা আমার হৃদয়কে প্রকৃতপক্ষে খুব ব্যথিত করে এমনকি চোখে জলও পড়াতেও বাধ্য করে। সত্যি বলতে, মানুষ কতটুকু নিষ্ঠুর হলে এমন জঘন্যতম কাজটি করতে পারে!

একজন মা বুকে কত আশার সঞ্চার করে তার রত্নের ধনকে লালন পালন করে। ভবিষ্যতে সেই সন্তান বড়ো হয়ে দেশের মুখ উজ্জ্বল করুক এটাই যে পিতা-মাতার দৃঢ় আশা। এমনি সম্ভাবনাময় কত ছোট্ট মেধাবী ছাত্রী যারা আগামী ভবিষ্যতে দেশের গর্ব কিন্তু তারা হৃদয়হীন, মানবতাহীন, নররূপী পশুর থাবার বলি হচ্ছে। এভাবে ভেঙে যাচ্ছে কত পিতা-মাতার অদূর স্বপ্ন। স্বপ্নের হাতছানি যেন তাদের কাছে তখন বিষাদ হয়ে উঠে। স্বপ্ন হারিয়ে পিতা-মাতার বুকে জ্বলে প্রতিশোধের আগুন কিন্তু সেই আগুনের তাপের প্রখরতা বেশিদিন জ্বলতে পারে না তার আগেই প্রতিশোধের আগুন নিভে যায়।

কারণ একটায় তাদের দারিদ্র্য। তাহলে কি দরিদ্র ঘরে জন্ম নেওয়াই তাদের অভিশাপ ছিল। কত মামলা করেও তারা সঠিক বিচার পাচ্ছে না। যখন এমন জঘন্য ঘটনা ঘটে তার পরেরদিনই সুষ্ঠু বিচারের দাবিতে রাস্তায় কত শত মিছিল হয়, এরূপ ঘটনার পুনরাবৃত্তি রুখবার লক্ষ্যে কত সমাবেশ হয়। কিন্তু সময়ের সাথে সাথে মিছিলে করা আন্দোলন এবং বিচারের দাবিতে টকবক করা তাজা রক্তও ঠান্ডা হয়ে যায়। এ সমস্ত যেন সময়ের নির্মম পরিহাস।

সুষ্ঠু বিচার যেন অমাবস্যার চাঁদ। এ কথা বলার একটিই কারণ তা হলো সুষ্ঠু বিচারের আশায় সন্তানহারা পিতা-মাতা দিনের পর দিন শেষ প্রহর গুনছে। কিন্তু তাতে কী লাভ? নেই কোনো লাভ বরং সমাজে প্রভাবশালীদের হুমকি ও ভয়ে নিজের প্রাণ নিয়ে তখন বাঁচা বড়ো দায় হয়ে পড়ে। তবে আদৌ কি সন্তানহারা পিতা-মাতা সুষ্ঠু বিচার পাচ্ছে? সন্তান হারানোর কষ্ট নিয়ে হয়তো তিনবেলা ঠিকমতো খাবারও খাচ্ছে না সেই দিকে কেউ কি কোনো লক্ষ্য রাখছে। নাড়ির ধন হারানো কত যে বেদনাদায়ক শুধু সেই পিতা-মাতা

জানে যে তার ধনকে হারিয়েছে। তবে কি আমাদের সোনার দেশ কিছু হারায়নি? হ্যাঁ, হারিয়েছে অমূল্য রতন। এই হারানো কি কোনোকিছুর বিনিময় হতে পারে, অবশ্যই না।

বহুদিন ধরে একটি জিনিস আমাকে মর্মাহত করে, তা হলো– ধর্ষণরোধে সরকার কেন ভালো পদক্ষেপ নিচ্ছে না; কেন দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করছে না? আমাদের বিচারব্যবস্থা অর্থের কাছে কেন হার মানছে। যার দরুন, বিত্তশালীদের কাছে বিচার ব্যবস্থা হাতের মুঠোয়। প্রচুর অর্থের বিনিময়ে কঠিন সাজা প্রাপ্ত ব্যক্তি রেহাই পেয়ে যায়। সত্যি বলতে কি, দিন দিন আমাদের মনুষ্যত্ব এবং বিবেকের মর্যাদা হ্রাস পাচ্ছে। মাঝে মাঝে কেন জানি নিজেকে খুব অপরাধী লাগে, যখন আমরা আমাদের মতো মানুষরূপী নরপিশাচদের হাত থেকে ছোট্ট-মণিদের প্রাণ বাঁচাতে ব্যর্থ হই। যারা এমন জঘন্য কাজ করে তাদের কি সৃষ্টিকর্তার প্রতি কোনো ধরনের ভয় নেই? তারা কি এই সত্য জানতে ব্যর্থ যে তাদেরও একদিন এই পৃথিবী ছেড়ে চলে যেতে হবে এবং এ সমস্ত কাজের জন্য সৃষ্টিকর্তার কাছে জবানবন্দি দিতে হবে?

ধিক্কার জানাই সে সমস্ত লোকদের– যারা অমানবিকভাবে ছোট্ট ছোট্ট শিশুদের ধর্ষণ করে এবং হত্যা করে। ধিক্কার জানাই যারা অর্থ-সম্পদের লালসায় পড়ে মানুষকে হত্যা করে।

**"বাহিরের স্বাধীনতা গিয়াছে বলিয়া অন্তরের স্বাধীনতাকেও আমরা যেন বিসর্জন না দিই।" - কাজী নজরুল ইসলাম**



# হিংস্রতা বনাম ভালোবাসা


**মো. আসাদুল ইসলাম**
৫৬তম ব্যাচ, এমএড
আই.ডি: ২১১০১০৩০২০০২


গ্রামের নাম বেনীপুর। গ্রামের পাশ দিয়ে এঁকে-বেঁকে বয়ে চলে গেছে একটি নদী। নদীর নাম ঘাঘট। সেই গ্রামটিতেই আমার জন্ম। যেখানে কেটেছে আমার শৈশব-কৈশোর। বন্যা হলে পানিতে উপচে যায় নদীর দু'কূল। প্লাবিত হয় চারিদিক। পানি আর পানিতে ভেসে ছয়লাব হয়ে যায় গ্রাম থেকে গ্রাম। প্রয়োজনে মানুষ নৌকা বা কলার গাছের ভেলায় এক গ্রাম থেকে অন্য গ্রামে যায়।

নদীর ঘাটের পাশে একটি, দুটি করে দোকান উঠতে উঠতে এখন বাজারে পরিণত হয়েছে। বাড়িতে গেলেই ঘাটের পাড়ের সেই বাজারে যাওয়া হয় প্রায়ই।

সেবার ছুটিতে বাড়িতে গেলাম। ফজরের নামাজ শেষে ফর্সা হয়েছে চারিদিক। ধীরে ধীরে গ্রামের মানুষ কাজে চলে যায়। আবার অনেকেই বাজারে যায় সকালে চা নাস্তা খেতে। কেউবা কোনো বাজার সদাই কিনতে। সকালবেলা একটা প্রয়োজনে বাজারে গেলাম। ততক্ষণে জেগে উঠেছে বাজার। চায়ের কেতলিতে ধোঁয়া উড়ছে। মুদির দোকানের সামনে ভিড় বাড়ছে ধীরে ধীরে। সারারাত জেলেরা নদীতে মাছ ধরে কেউবা বাজারে নিয়ে আসছে। কুশল বিনিময় হলো অনেকের সাথে। গল্প করছিলাম এক মুদি দোকানদারের সাথে। হঠাৎ একজন আমার দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করলেন। বললেন, 'দেখ দেখ কুকুর আর বিড়ালের কি কাণ্ড!'

স্বচক্ষে না দেখলে আসলেই বিশ্বাস করার মতো ঘটনা নয় এটি। আজব এক ঘটনা অবলোকন করলাম সেদিন। একটা কুকুর এসে দাঁড়ালো দোকানের সামনে। কোথা হতে এক বিড়াল এসে কুকুরের স্তনে মুখ লাগিয়ে দুধ পান করা শুরু করল। কুকুরটা দাঁড়ানো থেকে বসে পড়ল আর বিড়ালটা আপন মনে দুধ পান করছিল। আমি ভালোভাবে লক্ষ্য করছিলাম সম্পূর্ণ ঘটনাটি। কুকুরটা এবার শুয়ে পড়ল আর বিড়ালটা আরাম করে যেন তৃপ্তি সহকারে দুধ পান করছিল।

এ ঘটনাটি দেখে আমি অবাক। উপস্থিত সবাই বলছে, 'বেশ কিছুদিন হতে বিড়ালটি এভাবে নির্দিষ্ট সময়ে এসে কুকুরটির দুধ পান করে, আর কুকুরটি সে সময় বিড়ালটিকে মায়ের মতো আদর করে।'

সত্যিই আল্লাহর ইশারা বোঝা বড়ো কঠিন। সারাজীবন দেখলাম কুকুর-বিড়াল চিরশত্রু। বিড়াল যদি কুকুরকে দেখে তাহলে সে ঐ পথ দিয়ে ভুলেও আর যাবে না। আর কুকুর যদি কোনোক্রমে বিড়ালকে সামনে পায় তাহলে শায়েস্তা করার জন্য ধরতে লাফ দেয়। কিন্তু সেদিনের চিত্রটা ছিল সম্পূর্ণ ভিন্ন। কুকুর আর বিড়াল পরস্পরের শত্রুতা ভুলে একে অপরের কাছাকাছি এসে একজন আর একজনকে মায়ের আদর দিয়ে দুধ পান করার সুযোগ করে দিয়েছে। ছিল না তাদের ভিতরে কোনো হিংস্রতা। বরং ছিল পরস্পরের প্রতি মায়ার বহিঃপ্রকাশ।

মনে মনে ভাবছি পশুরা হিংস্রতা ভুলে গেছে আর মানুষ আজ পশুর চেয়েও হিংস্র হয়ে গেছে। একটি পশু অন্য প্রজাতির একটি পশুকে যে কি না তার চিরশত্রু তাকে পরম আদরে কাছে টেনে নিল সব হিংস্রতা ভুলে। কিন্তু মানুষ আজ পশুর চেয়েও কেন জানি নিকৃষ্ট আর হিংস্র হয়ে গেছে। যার ফলশ্রুতিতে মানুষ মানুষকে অন্যায়ভাবে হত্যা করে নির্বিচারে। অন্যের সম্পদ অন্যায়ভাবে দখল করছে। বিবেক বিসর্জন দিয়ে সকল প্রকার অন্যায়ে লিপ্ত হচ্ছে। একজন মানুষের যখন বিবেক বুদ্ধি লোপ পায় তখন সে আর মানুষ থাকে না, সে হয়ে যায় পশুর সমান। এমন কি আল্লাহ বলেছেন– ওরা পশুর চেয়েও নিকৃষ্ট।

**"আমাদের চরিত্র হচ্ছে আমাদের আচার ব্যবহারের ফলশ্রুতি।"**

**-এরিষ্টটল**



# যদি এমন হতো !

**দিপা হেব্রম**
৫৬তম ব্যাচ, এমএড
আই.ডি: ২১১০১০৩০২০০৭

সেদিন বিকেলে বারান্দায় বসে ছিলাম, নজর পড়ল একটি শিশুর উপর। বয়স আনুমানিক তিন কি চার হবে, মাঠে খেলছিল। সাথে তার হয়তো নানি অথবা দাদি ছিলেন। হঠাৎ শিশুটি পড়ে গেল, বৃদ্ধা দৌড়ে এসে শিশুটিকে জড়িয়ে ধরলেন এবং চোখ মুছিয়ে দিলেন। ঠিক তখনই মনে পড়ে গেল আমার খুকির কথা, লোক মুখে শুনেছি খুকির নাকি তিন বছর আগে একটি ছেলে হয়েছে। আমার খুব দেখতে ইচ্ছা করে, ওকে কোলে নিয়ে চুমু খেতে ইচ্ছা হয়, ছোটো ছোটো হাত দিয়ে আমার গাল বুলিয়ে দেবে আর আমি ওকে জড়িয়ে ওর নরম নরম গালে চুমু খাব। ভাবতেই আনন্দে আমার দুচোখে অশ্রু বেয়ে গেল।

আমার বড়ো খোকা বেশ ধনী, সাথে প্রচণ্ড ব্যস্ত মানুষও, ওর ঘরে একটি ছেলে (বয়স- ছয়) আর একটি মেয়ে (বয়স- চার)। ভীষণ মিষ্টি দেখতে আর খুব আদুরে। আমি তখন ওদের বাসাতেই ছিলাম, আমার সাথে ওদের কি ভাব ছিল তা আর বলে বোঝাতে পারব না। খুব মধুর সেই স্মৃতি! কিন্তু মধুর সেই স্মৃতি আমার ভাগ্যে আর বেশিদিন সইল না। কারণ আমার বৌমা খোকাকে বলল যে, আমি বাড়িতে থাকলে তার বাচ্চারা ভালো কিছু শিখবে না, আমি নাকি ঘরের পরিবেশ নষ্ট করছি। বাড়িতে কেউ বেড়াতে এলে আমাকে তার শাশুড়ি বলে পরিচয় দিতে লজ্জা করে। নিত্যদিন কিছু না কিছু ঝামেলা হতে থাকে আর আমার বিরুদ্ধে নানা রকম নালিশ। এক পর্যায়ে খোকাও বিরক্ত হয়ে আমাকে মারধর শুরু করল।

আমার দিন দিন বয়স বেড়ে যাওয়ায় অসুখও বেড়ে গেল, তাই ঔষধ, ডাক্তার দেখানো এগুলোও বেড়ে গেল। এখন আমি সম্পূর্ণই পরিবারের ভারী এক বোঝা। তাই বৌমা আর খোকা মিলে সিদ্ধান্ত নিল আমাকে বৃদ্ধাশ্রমে পাঠাবে। তার আগে আমার খুকিকে জানালো যে, আমাকে ওদের বাসায় রাখবে কি না। কিন্তু খুকির তখন নতুন বিয়ে হয়েছে। ওকে শ্বশুর-শাশুড়ির সাথে থাকতে হয় তাই আমার ঝামেলাটা নিতে চাইল না।

ঠিক হলো, আমার বৃদ্ধাশ্রমে যাবার দিন। আমার জীবনের সেই ভয়াবহ দিনের কথা ভাবতেই এখনও আমার গায়ে কাঁটা দেয়। আমাকে যখন বাসা থেকে বের করছিল, আমি খোকার পায়ে পড়লাম, পা জড়িয়ে কত কান্নাকাটি করলাম, বৌমাকে পা ধরে বললাম, 'মাগো, আমাকে তোমাদের সিঁড়ির নিচে একটু জায়গা দাও, মাত্র একবেলা কিছু খেতে দিলেই হবে আর ডাক্তার দেখাতে হবে না, ঔষধও দিতে হবে না। আমি তো বেশিদিন বাঁচবও না, আর কয়টা দিন ধৈর্য ধরে একটু ঠাঁই দাও।' আমার নাতি-নাতনি আমাকে জড়িয়ে ধরে খুব কাঁদছিল। আমি ওদের বুকে ধরে আকুতি করলাম, ওদের ছাড়া আমি বাঁচতে পারব না। কিন্তু কে শোনে কার কথা। সৃষ্টিকর্তাও আমার থেকে মুখ ফিরিয়েছিলেন সেদিন। ওরা আমাকে নিয়েই গেল বৃদ্ধাশ্রমে। সেই থেকে আজও আমি বৃদ্ধাশ্রমে। সবাইকে খুব মনে পড়ে, দেখতে ইচ্ছা করে। নাতি-নাতনিরা নিশ্চয়ই অনেক বড়ো হয়ে গেছে। আমার কথা কি ওদের মনে পড়ে! হয়তো না। দীর্ঘশ্বাস আমার এখন নিত্যদিনের সঙ্গী। এইসব স্মৃতি জড়িয়ে আমার এক একটা দিন কাটে। আবার বাস্তবতায় ফিরে আসি।

গতকাল এক মজার কাণ্ড ঘটেছে, একটু ছাদে হাঁটতে গিয়েছিলাম, হঠাৎ ইলিশ মাছ ভাজার গন্ধ নাকে চলে আসল, আমার খুব খেতে ইচ্ছা হচ্ছিল। তখন ভাবছিলাম আহা যদি এমন হতো! খোকা, বৌমা এসে আমাকে ওদের বাসায় নিয়ে গেল সবাই আমাকে নিয়ে হৈ-চৈ আর হাসি ঠাট্টা আনন্দে মেতে উঠল, আর খোকা বলল, 'মা আজকে বাজার থেকে পদ্মার ইলিশ এনেছি সরিষা ইলিশ রান্না করো।' আমি আনন্দে দৌড়ে যেতাম রান্নাঘরে; ওদের জন্য রান্না করে দিতাম আর দুচোখ ভরে দেখতাম ওরা মজা করে খাচ্ছে। তারপর কোনো এক সময় পরিবারের সকলে মিলে সমুদ্রে বেড়াতে যেতাম। সবাইকে নিয়ে সমুদ্র পাড়ে হৈ-হুল্লোড় করতাম, আমি সমুদ্রের পাড়ে দাঁড়িয়ে দুচোখ বন্ধ করে সমুদ্রের গর্জন প্রাণ ভরে শুনতাম আর ঢেউগুলো এসে আমার পায়ে আছড়ে পড়ত, যখন পায়ের নিচের বালুগুলো সরে যেতে থাকবে আমার সুড়সুড়ি লাগবে আর আমি খিল খিল করে হেসে উঠতাম। তাই দেখে সকলে হেসে উঠত। আহা... কতই না মজা হতো। কি সব আবোল তাবোল ভাবছি। আমাকে তো ওদের কারো মনেও পড়ে না, একটু খবরই নেয় না আর আমি কি সব ভেবেই চলেছি। কিন্তু আমার মন তো মানে না, কেউ কি আমার মনের কথা বুঝবে না, সৃষ্টিকর্তাও কি জানে না আমি কী চাই? সৃষ্টিকর্তা যদি না জানেন তবে আমাকে বাঁচিয়ে রেখেছেন কেন? আমার এই যন্ত্রণা আর সইতে পারছি না।

মাঝে মাঝে ভাবি আমি কি এতই বোঝা ছিলাম পরিবারের জন্য! আমরা নিজেকে বলি শিক্ষিত কিন্তু আসলেই কি আমরা সু-শিক্ষায় শিক্ষিত? যা আমাদের সমাজ, পরিবার তথা বৃদ্ধ পিতা-মাতার প্রতি সামান্য নৈতিকতা বোধ সৃষ্টি করতে পারে না। আমরা পরিবার থেকেও কি ভালো কিছু শিখছি না– যাতে ভালো মানুষ তৈরি হতে ব্যর্থ না হই। এগুলো আমার অবুঝ মনের একান্ত ভাবনা। খোকার বাবা আজ বেঁচে নেই, যদি থাকতেন তবে মনের কিছুটা কষ্ট ভাগ করতে পারতাম। আজ আমি একা বড়ো নিঃস্ব। আমি বৃদ্ধাশ্রমে থাকতে চাই না, আমি মৃত্যুর আগ পর্যন্ত সবাইকে নিয়ে থাকতে চাই। তাই তো আমার অবুঝ মন বলে 'যদি এমন হতো!'

**"যে চোখ ভাল-মন্দ দু'টোকেই সুস্পষ্ট ভাবে দেখে সেটাই যথার্থ চোখ।"**
**-কুপার।**



# ভুলে যাচ্ছি না তো!

**এনামুল হক নবীন**
৫৫তম ব্যাচ, সিএসই
আই.ডি: ২০৩০৩০১০১০১১

পাকিস্তানের করাচি শহরের মাসরুর বেসের চতুর্থ শ্রেণির কর্মচারীদের কবরস্থানে একজন প্রথম শ্রেণির বাঙালির সমাধিস্থল ছিল এবং এই সমাধির সামনে লেখা ছিলো- 'ইধার শো রাহা হ্যায় এক গাদ্দার' অর্থাৎ বাংলায় যার মানে দাঁড়ায়, 'এখানে শুয়ে আছে একজন বেইমান।' এই সমাধিতে ১৯৭১ থেকে ২০০৬ সাল পর্যন্ত সুদীর্ঘপ্রায় ৩৫ বছর চির নিদ্রায় শায়িত ছিলেন তৎকালীন পাকিস্তান বিমান বাহিনীর একজন অদম্য সাহসী বাঙালি ফ্লাইট লেফটেন্যান্ট।

১৯৭১ সালে পূর্ব পাকিস্তানের বাঙালিদের উপর পশ্চিম পাকিস্তানের অমানবিক শোষণ যখন মাত্রাতিরিক্তে রূপ নেয় তখন কোনোভাবেই মেনে নিতে পারছিলেন না এই অদম্য বাঙালি দেশপ্রেমিক। তাই ইচ্ছে করেই ২ মাসের ছুটি নিয়ে ১৯৭১ সালের পহেলা জানুয়ারি সপরিবারে চলে আসেন ঢাকায়। পহেলা মার্চ ফিরে যাওয়ার কথা থাকলেও দেশের টানে যেতে পারেননি এই অদম্য দেশপ্রেমিক। কিছুদিন যেতে না যেতেই পাকিস্তান হানাদার বাহিনী ২৫শে মার্চ রাতে পূর্ব পাকিস্তানের নিরীহ বাঙালির উপর ইতিহাসের বর্বরতম হত্যাযজ্ঞ অপারেশন সার্চলাইট পরিচালনা করেন। ঠিক সেই কালরাতেই তিনি তার গ্রামের বাড়ি নরসিংদীতে ফিরে যান।

তিনি পাকিস্তান বিমান বাহিনীর একজন ফ্লাইট লেফটেন্যান্ট হয়েও অসীম ঝুঁকি ও সাহসিকতার সাথে ভৈরবে একটি ট্রেনিং ক্যাম্প খুললেন। সেখানে যুদ্ধ করতে আসা স্বাধীনতাকামী বাঙালি যুবকদের প্রশিক্ষণ দিতে থাকলেন। মুক্তিযোদ্ধাদের বিভিন্ন স্থান থেকে সংগ্রহ করা অস্ত্র দিয়ে গড়ে তুললেন একটি প্রতিরোধ বাহিনী।

১৯৭১ সালের ১৪ এপ্রিল পাকিস্তানী বিমান বাহিনী 'স্যাভর জেট' বিমান থেকে তাঁদের ঘাঁটির উপর বোমাবর্ষণ করে। তিনি পূর্বেই এটি আশঙ্কা করেছিলেন তাই ঘাঁটি পরিবর্তনের কারণে ক্ষয়ক্ষতি থেকে রক্ষা পান তিনি ও তাঁর বাহিনী। এরপর তিনি ভারতে যাওয়ার চিন্তা করলেও ব্যর্থ হন। এরপর তিনি সিদ্ধান্ত নেন নিজের কর্মস্থলে ফিরে যাবেন এবং জঙ্গি বিমান দখল করবেন আর সেটা দিয়ে দেশের হয়ে শত্রুর সাথে আকাশপথেই মোকাবেলা করবেন।

১৯৭১ সালের ৯ই মে, পরিকল্পনা মোতাবেক কর্মস্থান পাকিস্তানের করাচিতে ফিরে যান। দেরিতে ফিরে আসার কারণ দর্শিয়ে কর্মস্থলে যোগদান করেন আর খুঁজতে থাকেন মোক্ষম সময় কিন্তু এর মধ্যেই পাকিস্তান বিমান বাহিনীর সকল বাঙালি পাইলটদের গ্রাউন্ডেড করে ফেলেন। কিন্তু এতেও দমে যাননি এই বাঙালি দেশপ্রেমিক। কয়েকজন বাঙালি সহকর্মীদের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেন তার ছাত্র রাশিদ মিনহাজের প্রশিক্ষণের সময় ছিনতাই করবেন টি-৩৩ প্রশিক্ষণ বিমানটি। পাশাপাশি পরিকল্পনা অনুযায়ী ১৯৭১ সালের ১৯ই আগস্ট রাতেই নিজের পরিবারকে ভারতীয় দূতাবাসে পাঠিয়ে দেন।

১৯৭১ সালের ২০ই আগস্ট শুক্রবার ফ্লাইট শিডিউল অনুযায়ী মিনহাজের উড্ডয়নের দিন ছিল। অবশেষে তাঁর হাতে চলে আসলো কাঙ্ক্ষিত সুযোগ। তিনি পূর্ব পরিকল্পনা মতো অফিসে এসে শিডিউল টাইমে গাড়ি নিয়ে চলে যান রানওয়ের পূর্ব পাশে। সামনে পিছনে দুই সিটের প্রশিক্ষণ বিমান টি-৩৩। রাশিদ মিনহাজ এয়ার ট্রাফিক কন্ট্রোল থেকে উড্ডয়নের অনুমতি নিয়ে বিমানে চেপে বসেন এবং বিমানের সামনের সিটে বসে স্টার্ট দিয়ে উড্ডয়নের উদ্দেশ্যে এগিয়ে নিয়ে আসতেই তিনি রানওয়েতে গিয়ে গতিরোধ করার নির্দেশনা দেন। তিনি ছিলেন রাশিদ মিনহাজের প্রশিক্ষক ও সেইফটি অফিসার, তাই ইচ্ছে না থাকা সত্ত্বেও নির্দেশ অনুযায়ী রাশিদ মিনহাজ গতি কমিয়ে দেয় আর এই সুযোগটাই লুফে নিয়ে তিনি পাখায় লাফিয়ে উঠে পাইলটের পেছনের সিটে চেপে বসলেন। রাশিদ মিনহাজের মাস্ক খুলে ক্লোরোফর্ম ভেজা রুমাল চেপে ধরার চেষ্টা চালান। ককপিটে শুরু হয়ে যায় উড্ডয়নরত বিমানে দুজনের ধস্তাধস্তি। এক পর্যায়ে মিনহাজ জ্ঞান হারালেও বিমান হাইজ্যাকড হওয়ার বার্তাটি ঠিকই পৌঁছাতে পেরেছিলেন এয়ার ট্রাফিক কন্ট্রোল রুমে। ঠিক তখনই এয়ার কন্ট্রোল থেকে জানিয়ে দেওয়া হয় টি-৩৩ প্রশিক্ষণ বিমান হাইজ্যাকড হয়েছে। বিমানটি পাহাড়ের আড়ালে থাকায় কেউ দেখতে না পেলেও কন্ট্রোল টাওয়ার তা শুনতে পেল। আর তখনই ওই ঘাঁটি থেকে দুইটি আর পাশের ঘাঁটি থেকে আরও দুটি জঙ্গি বিমান ছিনতাইকৃত প্রশিক্ষণ বিমানকে উদ্ধারের জন্য উড্ডয়ন করে। কিন্তু এতক্ষণে অকুতোভয় সাহসী যোদ্ধা বিমানের নিয়ন্ত্রণ নিয়ে টেক অফ করে ফেলে। এবং জঙ্গি বিমানকে বোকা বানাতে ডানে টার্ন না নিয়ে বামে টার্ন নিয়ে ভারতের দিকে ছুটে চললেন।

রাডার ফাঁকি দেবার জন্য নির্ধারিত উচ্চতার চেয়ে অনেক নিচু দিয়ে বিমানটি চালাচ্ছিলেন তিনি। কিন্তু টি-৩৩ বিমানের পেছনের সিটের নিচে প্যারাসুট না থাকায় সিট অনেক নিচু হওয়ার ফলে পাইলটের দৃষ্টিসীমায় যতটুকু দেখা দরকার তা সম্ভব হচ্ছিল না, তবুও দক্ষ এয়ার অফিসার দক্ষতার সাথে বিমানের নিয়ন্ত্রণ নিয়ে ছুটে চললেন। অন্যদিকে টি-৩৩ বিমানটি রাডারে ধরা না পড়ায় দিশেহারা হয়ে আকাশে উড়ে বেড়াচ্ছিল চারটি জঙ্গি বিমান। ছিনতাইকৃত বিমানটি যখন গন্তব্য থেকে মাত্র ৫০-৬০ মাইল দূরে অবস্থান করছিল ঠিক তখনই ক্লোরোফর্মের ঘোর কাটিয়ে রাশীদ মিনহাজের জ্ঞান ফিরতে শুরু করল। এরই মধ্যে ভারতীয় বিমান বাহিনী পাকিস্তান রেডিওর মাধ্যমে জানতে পারলো বিমান ছিনতাইয়ের কথা আর ছিনতাইকৃত বিমান ভারতের আকাশ সীমায় প্রবেশ করার পরে যাতে পাকিস্তানী জঙ্গি বিমানের আক্রমন থেকে রক্ষা করতে পারে এজন্য কয়েকটি ভারতীয় যুদ্ধবিমান ভারতের আকাশ সীমান্তে টহলও দিচ্ছিল। অন্যদিকে ইজেক্টের জন্য রাশিদ মিনহাজকে রেডিওর মাধ্যমে একের পর এক বার্তা দিয়ে যাচ্ছিল পাকিস্তান এয়ার কন্ট্রোল টাওয়ার। এক সময় মিনহাজের জ্ঞান ফেরার পর ইজেক্ট করতে চাইলে আবার শুরু হয় ককপিটে দুজনের ধ্বস্তাধস্তি। এভাবে কিছুক্ষণ চলার পর দুর্ভাগ্যক্রমে ক্যানোপি খুলে আঘাত হানে বিমানের লেজে আর বিমানের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে জীবন বাজি রাখা এই বাঙ্গালি ফ্লাইট লেফটেন্যান্ট। আর ঠিক তখনই রাশীদ মিনহাজ ইজেক্ট সুইচ টিপতে সক্ষম হন।

অবশেষে ভারতের সীমান্ত থেকে মাত্র তিন মিনিটের দূরত্বে বিধ্বস্ত হয় দেশের জন্য ছিনতাইকৃত প্রশিক্ষণ বিমানটি। ছিন্নবিচ্ছিন্ন হয়ে যায় রাশিদ মিনহাজের শরীর, সেই সাথে শহীদ হন এক লড়াকু দেশপ্রেমিক। যার নাম 'বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান।' মহান মুক্তিযুদ্ধে চরম সাহসিকতা আর অসামান্য বীরত্বের স্বীকৃতিস্বরূপ যে সাতজন বীরকে বাংলাদেশের সর্বোচ্চ সামরিক সম্মান 'বীরশ্রেষ্ঠ' উপাধিতে ভূষিত করা হয় তিনি তাঁদের মধ্যে অন্যতম।

বিমান বিধ্বস্ত হওয়ার পর পাকিস্তানি বাহিনী বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের নিথর দেহ উদ্ধার করে অত্যন্ত অমর্যাদার সাথে পাকিস্তানের করাচি শহরের মাসরুর বেসের চতুর্থ শ্রেণির কর্মচারীদের কবরস্থানে দাফন করে আর দাফন শেষে কবরের সামনে লিখে দেওয়া হয়- 'ইধার শো রাহা হ্যায় এক গাদ্দার।' প্রায় ৩৫ বছর ওখানেই শায়িত ছিল জাতির এই শ্রেষ্ঠ সন্তান। অবশেষে ২০০৬ সালের ২৩শে জুন মতিউর রহমানের দেহাবশেষ পাকিস্তান থেকে বাংলাদেশে ফিরিয়ে এনে ২৫শে জুন পূর্ণ মর্যাদায় পুনরায় দাফন করা হয় শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে।

এই দেশ ত্রিশ লক্ষ শহিদের তাজা রক্তের বিনিময়ে অর্জিত হয়েছে। আমরা এই প্রজন্ম তাঁদের ত্যাগের জন্যই জন্মলগ্ন থেকে স্বাধীন। কিন্তু কালের বিবর্তনে আর সময়ের স্রোতে জীবন বাজি রাখা সাহসী ও লড়াকু সৈনিক শহিদ বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান নামক দেশপ্রেমিকদের -'ভুলে যাচ্ছি না তো!'

**"জীবনের গৌরমময় একটি ঘন্টা নামহীন দীর্ঘ সময়ের চেয়ে শ্রেয়।"**

**-স্কট।**

# গল্প

| | | |
|---|---|---|
| Azmain-ar-rafi (Omi) | : | The Fair Football Match and The Support |
| Falguni Barikder | : | An Ideal Student |
| ওহাবুল ইসলাম | : | সাধারণ থেকে অসাধারণ হয়ে ওঠার এক জীবন্ত গল্প |



## The Fair Football Match and The Support

**Azmain-ar-rafi (Omi)**
43rd Batch, BSc in CSE
ID : 163030101021

On (-February) (-28), ZOAO, Bangladesh football team, defeated Saudi Arabia football team by 2-1 goals. At that time, Saudi Arabian footballers were so outraged that they wanted to kill Bangladeshi footballer captain Mohammad 836 for he had a handsome contribution to beat Saudi Arabia for Bangladesh. In Mika, all supporters of the Bangladesh football team were celebrating their team. Even Mohammad 836, the captain of Bangladesh, was congratulated by his brother, Michael 836, the captain of England. Some Bangladeshi people were outraged that their favourite team Saudi Arabia was lost nearby the Bangladesh football team, and even they said, "Devil of Bangladesh spelt black magic to beat Saudi Arabia."

On (-February) (-01), ZOAO, England football team defeated Bangladesh football team by 2-0 goals. At that time, Bangladesh footballers were so sad but had a sympathy that both of the twice teams played well. England football team congratulated Bangladesh football team for they played well and so Bangladesh football team did it. But those Bangladeshi supporters of Saudi Arabia were outraged and said, "Iblis(Lucifer), the devil of England spelt black magic to beat Bangladesh while they are to be lost nearby Bangladesh by 4-0 goals in the sake of Allah."

On (-January) (-25), ZOAO, England football team was practising. In that time, Azam-bin-Ali, the coach of Saudi Arabia, came to 83N Jackson, the coach of England. 83N had been surprised. In that encounter, 83N asked Azam, "Why did you come to me?"

Azam replied, "I've bought a new proposal for you, and you have to accept it."

"What is that proposal?"

"England have to lose nearby Saudi Arabia by 2-0 goals."

"Why do I accept it?"

"For the sake of Allah, if you do it, you will be so blessed that you will get 44 million pounds in one match while your salary is just only 25 thousand pounds per month."

"For the sake of Allah, we can beat you in that match with the blessing of Allah. And whatever, I am pleased with my salary, and for that, I don't need your money."

"You didn't still accept my proposal. Whatever, your captain, Michael 836, will get our signal."

"Let's see whatever you send a signal."

Azam-bin-Ali left the place.

In that night, Michael 836 got the news that his brother, Mohammad 836, had an accident on Umar Faruq street, and he was taken to Fatima Hospital. Azam-bin-Ali transmitted a call to Michael 836 and said, "Did you get my signal? It's the better time that you take a defeat." Michael 836 went to 83N Jackson and knew what was said to 83N Jackson. Michael 836 promised that he would bring him a win in that match.

On (-January) (-20), ZOAO, Michael 836 went to his brother Mohammad 836 and asked, "Brother, what happened that you had an accident?"

Mohammad 836 replied, " One day, I was walking on Umar Faruq street, but suddenly some terrorist has attacked me and bit me. When they left me, they were saying, "Hail Lucifer! Hail Saudi Arabia!" and ran away."

On (-January) (-19), ZOAO, Michael 836 uploaded a video on a video website, "Triangle-eye". In that video, he said,

"Dear viewers, Now, I am telling you about Saudi Arabia, which country was born to do evil forever. You've known about (-February) (-28), ZOAO, when the Bangladesh football team beat the Saudi Arabia football team by 2-1 goals. But if you want to see that match, you can see that Saudi Arabian footballers fouled ten times; otherwise, Bangladesh could beat Saudi Arabia by 40-0 goals. Saudi Arabia created some traitors of their own countries who loved Saudi Arabia than their own countries in the name of Lucifer, so much that they could sell their own countries. But England doesn't do it, and if you are a Bangladeshi supporter of England, you can serve your country at stake. Many Bangladeshi supporters of England served their Bangladesh in IYTI. Therefore, please pray for England."

For that videos of the "Triangle-eye", there had been 2G views(2 billion views), 1.9G likes and 900M subscribers in the channel named "Michael Crusader", which belonged to Michael 836.

On (-January) (-7), ZOAO, the football match between England and Saudi Arabia started on Christmas day. Abdul-Illah, the Saudi Arabian captain, touched the football first and taking it ahead. But Mark 906, the Englander defender, had taken it and passed it to J03 906, the Englander mid-fielder. He passed it to Michael 836 as the Englander all-rounder. He took it and turned it into the goal. England 1 - Saudi Arabia 0 (time : 1:00). Abdullah passed a football to Saudi Arabian defender Abdul-Jabber -bin-Yousuf passed it to Saudi Arabian striker Hazzaz-bin-Qasim. Bangladeshi supporters of Saudi Arabia was crying, "Ek, Ek". But when the Englander winger Luke 493 took it, passed it to Michael 836 was turning it into the goal, Bangladeshi supporters of England was crying, "Dui, Dui", Englander supporters and American supporters of England, "two, two, Indian supporters of England, "Doo, Doo."

England 2 – Saudi Arabia 0 (time : 1:58). Then, the Englander winger Paul 003 took the ball from the Saudi Arabian defender Mohammad-bin-Aziz and scored it. England 3 – Saudi Arabia 0 (time : 2:40). Then, Englander striker 83N R007 took the ball from the Saudi Arabian defender Abu Umar and scored it. England 4 – Saudi Arabia 0 (time : 3:36). Then, the Englander winger Luke 493 took the ball from the Saudi Arabian mid-fielder Abdur-Razzak-bin-Nassar and turned it to goal. England 5 – Saudi Arabia 0 (time : 4:30). Then, the Englander all-rounder David 907 took the ball from the Saudi Arabian defender Abu Qasim and turned it into the goal. England 6 – Saudi Arabia 0 (time : 5:20). Then, the Englander all-rounder Gordon 709 took the ball from Saudi Striker Khalid-bin-Abu-Usman and turned it into the goal. England 7 – Saudi Arabia 0 (time : 6:00). Then the Englander defender Mark 906 took the ball from the Saudi striker Umaiah-bin-Walid and turned it into the goal. England 8 – Saudi Arabia 0 (time : 7:00). Then, the Englander mid-fielder Matthew 493 turned the ball into the goal. England 9 – Saudi Arabia 0 (time : 8:00). Then, the Englander mid-fielder J03 906 turned the ball into the goal. England 10 – Saudi Arabia 0 (time : 8:30). Then, the Englander defender 493 turned the ball into the goal. England 11 – Saudi Arabia 0 (time : 9:00). Then England gave the goal accordingly.

Finally, England 55 – Saudi Arabia 0 (time 45 : 00), where Michael 836 : 10, Paul 003 : 5, David 907 : 5, Gordon 709 : 5, Luke 493 : 5, J03 906 : 5, Mark 906 : 5, Matthew 493 : 5, Jack 493 : 5 and 83N R007 : 5. First-half ended.

In the second half, Michael 836 turned the ball into goal 55 times. In the injury time, the Saudi goal-keeper Abu-Hassim-bin-Qalam had fouled and eaten two goals by David 907. The Saudi striker Khalid-bin-Abu-Usman made an effort to turn

the ball into the goal at the last 30 seconds, but the Englander goal-keeper J03 R09 protected it and sent it to mid-fielders. In that time, Michael Caesar from England prayed for England in church, Abir Aaronovitch from Bangladesh and Luke Barsky from India in Mosques and Sonia Shovonosky from Israel in the synagogue. All supporters of England around the world were crying, "One hundred twelve, one hundred twelve"; in India, "Ek-so-bara, Ek-so-bara".

Finally, England 112 – Saudi Arabia 0 (90:00) where Michael 836 : 65, David 907 : 7, Paul 003 : 5, Gordon 709 : 5, Luke 493 : 5, J03 906 : 5, Mark 906 : 5, Matthew 493 : 5, Jack 493 : 5 and 83N R007 : 5. Full-time ended.

Lastly, 4 billion people were celebrating the victory of England. And Azam-bin-Ali had been arrested for an attempt to fix a match.



## An Ideal Student

**Falguni Barikder**
57th Batch, MEd
ID: 212010302010

There was a boy, Aron, who was not good at studies, and his friends teased him. One day, he was agitated for that incident, and then Aron told his parents about it. His parents said to him, "you have to improve in studies and listen to your teachers to be an ideal student." Day by day, he started improving in his studies. Then gradually, he became an outstanding student and started teasing his friends in return. He grew up and became a great scientist, and his entire family became proud of him. He remembered his parents telling him that if he could become an ideal student, he could achieve great things in life. If someone listens to his elders' advice and pays attention to what they say, and gives respect to everyone, he can become an ideal human being too. So, then he also inspired young people to start following the advice of the elders.



## সাধারণ থেকে অসাধারণ হয়ে ওঠার এক জীবন্ত গল্প


**ওহাবুল ইসলাম**
৫০তম ব্যাচ, এম.এ, ইংরেজি
আই.ডি: ১৯১০১০১০২০০৬


বাই ফ্যাং লি– একটি নাম। জন্ম চীনে। শিক্ষা, অর্থ-সম্পদ, বিত্ত-বৈভব ছাড়াও যে মানুষ অনন্য শিখরে পৌঁছাতে পারে– বাই ফ্যাং লি তার এক উজ্জ্বল দৃষ্টান্ত। ভোগে সুখ নয়-ত্যাগেই প্রকৃত সুখ– তা আবার প্রমাণ করে গেলেন তিনি। মানবতার চেয়ে বড়ো ধর্ম আর নেই।

একজন রিকশাচালক বাই ফ্যাং লি; বসবাস করতেন পুরাতন এক জীর্ণ-শীর্ণ বস্তিতে। তাঁর কোনো পরিবার বা আত্মীয়স্বজন ছিল না। কিন্তু তিনি কখনও একাকিত্ব বোধ করতেন না। কারণ, তাঁর চারপাশের সবাই তাকে ভালোবাসতো। কোনোরূপ স্বার্থ ছাড়া সকলের উপকার করতেন তিনি। যা আয় করতেন ইচ্ছে করলে তা দিয়ে নিজে ভালোই চলতে পারতেন। কিন্তু নিজের জন্য সামান্য রেখে বাকি সবই মানুষের উপকারে বিলিয়ে দিতেন এই মহান মানুষটি। পরোপকারে আনন্দ পেতেন তিনি। তিনি তাঁর আয়ের বেশির ভাগই দিয়ে দিতেন তিয়ানজিনের একটি এতিমখানায় যেখানে ৩০০ এতিম শিশু থাকত। এতিমখানাটি একটি স্কুল পরিচালনা করত; যেখানে দরিদ্র এবং এতিমখানার শিশুরা পড়ত। ১৯৮৭ সালে বয়স যখন ৭৪, রিকশা চালানোর কষ্টদায়ক পেশা ছাড়তে বাধ্য হন ফ্যাং লি। তেইজিন শহর ছেড়ে ফিরে আসেন নিজ শহরে এবং সিদ্ধান্ত নেন বাকি জীবন এখানেই কাটাবেন।




*বাই ফ্যাং লি-মানুষ আজও তাকে শ্রদ্ধার সাথে স্মরণ করে*

একটি ঘটনা তাঁর জীবনের মোড় ঘুরিয়ে দেয়– একদিন তিনি বিশ্রাম নিচ্ছিলেন। তিনি দেখলেন ছয় বছরের ছোট্ট এক বালক এক বৃদ্ধ মহিলার মুদি মাল বহন করছে। ছেলেটির অনেক কষ্ট হচ্ছিল, তারপরও সে ছিল প্রত্যয়ী। কাজ শেষ হলে সে কিছু টাকা পেত এবং স্রষ্টাকে ধনবাদ দিত। ছেলেটির মুখে সবসময় এক টুকরো হাসি লেগেই থাকত। মার্কেটে যেসব মহিলারা আসত ছেলেটি সবারই কাজ করে দিতো এবং প্রত্যেকবারই কিছু টাকা পেত। কিছুক্ষণ পর বাই ফ্যাং লি দেখলেন ছেলেটি

ময়লা-আবর্জনার মাঝে কি যেন খুঁজছে। একটুকরো ময়লা রুটি খুঁজে পেয়ে খুব খুশি হলো। যতটা সম্ভব পরিষ্কার করে ছেলেটি রুটির টুকরো মুখে দিলো। তাঁর কাছে মনে হলো স্বর্গ থেকে আসা এক টুকরো রুটি। এই দৃশ্যটি বাই ফ্যাং লির হৃদয়ে নাড়া দিলো। তিনি ছেলেটির কাছে গেলেন এবং নিজের খাবার ছেলেটিকে দিয়ে দিলেন। বাই লি ছেলেটিকে জিজ্ঞেস করলেন, 'তুমি কেন তোমার টাকা দিয়ে খাবার কিনলে না?' ছেলেটি বলল, 'আমার আয়ের টাকা দিয়ে আমার ছোট্ট বোনদের জন্য খাবার কিনব- আমার জন্য না।' বাই লি আবার জিজ্ঞেস করলেন, 'তোমার পিতা-মাতা কোথায়?'

ছেলেটি বলল, 'আমার পিতা-মাতা প্রতিদিন ময়লা-আবর্জনা থেকে কাপড় আলাদা করতেন কিন্তু এক মাস আগে তারা হারিয়ে গেছেন। তাই নিজেকে এবং ছোট দুটো বোনকে বাঁচাতে আমাকে কাজ করতে হয়'। বাই লি ছেলেটিকে তাঁর বোন দুটিকে নিয়ে আসতে বললেন। বাই লি আর নিজেকে ধরে রাখতে পারলেন না– কান্নায় ভেঙে পড়লেন যখন তিনি ৪-৫ বছরের মেয়ে দুটিকে দেখলেন। মেয়ে দুটি ছিল অনেক শুকনো-রোগাটে এবং নোংরা-ময়লা কাপড় পরিহিত। বাই ফ্যাং লি শিশু তিনটিকে তিয়ানজিনের এতিমখানায় দিয়ে দিলেন। তিনি এতিমখানার ম্যানেজারকে বলে দিলেন যে, তিনি তাঁর আয়ের সব টাকা এতিমখানায় দিয়ে দিবেন যেন ছেলে-মেয়েরা খাওয়া-দাওয়া এবং পড়াশুনা করতে পারে।

৭৪ বছর বয়সেই আবার রিকশা চালানো শুরু করেন। দিনরাত ২৪ ঘন্টা রিকশা চালিয়ে যা পেতেন (কোনোভাবে খেয়ে-পরে) প্রায় সব টাকাই খরচ করে দিলেন তিয়ানজিন ইয়াওহোয়া মিডল স্কুলের ৩০০ দরিদ্র শিশুর লেখাপড়ার জন্যে। ওরা স্কুলে পড়তে পারছে এতেই তৃপ্তি এ বৃদ্ধের। ২০০১ সালে বয়স যখন ৯০, শেষবারের মতো তিনি টাকা নিয়ে গেলেন। বললেন, 'আর পারছি না রে। সব শক্তি শেষ।' স্কুলের শিক্ষার্থী আর শিক্ষকরা চোখের জল ধরে রাখতে পারলেন না। এই ১৭ বছরে স্কুলের ওই শিক্ষার্থীদের জন্যে ফ্যাং লি দিয়েছিলেন সর্বমোট ৩ লাখ ৫৪ হাজার ইউয়ান যা বাংলাদেশি মুদ্রায় ৪৩ লাখ ৮৭ হাজার ৮০৪ টাকা।

২০০৪ সালে তাঁকে চীন সেন্ট্রাল টেলিভিশন (সিসিটিভি) দ্বারা ২০ জনের মধ্যে সেরা নির্বাচিত করা হয় যারা চীনের হৃদয় স্পর্শ করতে পেরেছিলেন।

২০০৫ সালে বাই ফ্যাং লিকে হাসপাতালে পাঠানো হয় এবং সেখানে তাঁর ফুসফুসের ক্যানসার ধরা পড়ে। তাঁর স্বাস্থ্যের অবস্থা অবনতি হতে থাকে এবং একই বছর তিনি ৯৩ বছর বয়সে মারা যান। আজীবন মানুষ তাকে স্মরণ করবে তাঁর অসামান্য অবদানের জন্য। বাই ফ্যাং লি-এর জীবনের গল্পটি লিখতে গিয়ে কখন যে চোখের জলে ভিজে গেছি -তা জানি না।


# কবিতা (ফিরে দেখা)

শামসুর রাহমান : স্বাধীনতা তুমি

সুফিয়া কামাল : পল্লীস্মৃতি

# স্বাধীনতা তুমি

শামসুর রাহমান



স্বাধীনতা তুমি
রবিঠাকুরের অজর কবিতা, অবিনাশী গান।
স্বাধীনতা তুমি
কাজী নজরুল ঝাঁকড়া চুলের বাবরি দোলানো
মহান পুরুষ, সৃষ্টিসুখের উল্লাসে কাঁপা–
স্বাধীনতা তুমি
শহীদ মিনারে অমর একুশে ফেব্রুয়ারির উজ্জ্বল সভা
স্বাধীনতা তুমি
পতাকা-শোভিত শ্লোগান-মুখর ঝাঁঝালো মিছিল।
স্বাধীনতা তুমি
ফসলের মাঠে কৃষকের হাসি।
স্বাধীনতা তুমি
রোদেলা দুপুরে মধ্যপুকুরে গ্রাম্য মেয়ের অবাধ সাঁতার।
স্বাধীনতা তুমি
মজুর যুবার রোদে ঝলসিত দক্ষ বাহুর গ্রন্থিল পেশী।
স্বাধীনতা তুমি
অন্ধকারের খাঁ খাঁ সীমান্তে মুক্তিসেনার চোখের ঝিলিক।
স্বাধীনতা তুমি
বটের ছায়ায় তরুণ মেধাবী শিক্ষার্থীর
শানিত কথার ঝলসানি-লাগা সতেজ ভাষণ।
স্বাধীনতা তুমি
চা-খানায় আর মাঠে-ময়দানে ঝোড়ো সংলাপ।
স্বাধীনতা তুমি
কালবোশেখীর দিগন্তজোড়া মত্ত ঝাপটা।
স্বাধীনতা তুমি
শ্রাবণে অকূল মেঘনার বুক
স্বাধীনতা তুমি পিতার কোমল জায়নামাজের উদার জমিন।
স্বাধীনতা তুমি
উঠানে ছড়ানো মায়ের শুভ্র শাড়ির কাঁপন।
স্বাধীনতা তুমি
বোনের হাতের নম্র পাতায় মেহেদীর রঙ।
স্বাধীনতা তুমি বন্ধুর হাতে তারার মতন জ্বলজ্বলে এক রাঙা পোস্টার।
স্বাধীনতা তুমি
গৃহিণীর ঘন খোলা কালো চুল,
হাওয়ায় হাওয়ায় বুনো উদ্দাম।
স্বাধীনতা তুমি
খোকার গায়ের রঙিন কোর্তা,
খুকীর অমন তুলতুলে গালে
রৌদ্রের খেলা।
স্বাধীনতা তুমি
বাগানের ঘর, কোকিলের গান,
বয়েসী বটের ঝিলিমিলি পাতা,
যেমন ইচ্ছে লেখার আমার কবিতার খাতা।




# পল্লীস্মৃতি

সুফিয়া কামাল

বহুদিন পরে মনে পড়ে আজি পল্লী মায়ের কোল,
ঝাউশাখে সেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল
কুলের কাঁটার আঘাত সহিয়া কাঁচা পাকা কুল খেয়ে,
অমৃতের স্বাদ যেন লভিয়াছি গাঁয়ের দুলালী মেয়ে
পৌষ পার্বণে পিঠা খেতে বসে খুশীতে বিষম খেয়ে,
আরো উল্লাস বাড়িয়াছে মনে মায়ের বকুনি পেয়ে।
চৈত্র নিশির চাঁদিমায় বসি' শুনিয়াছি রূপকথা,
মনে বাজিয়াছে সুয়ো দুয়োরাণী দুখিনি মায়ের ব্যথা।
তবু বলিয়াছি মার গলা ধরে, "মাগো, সেই কথা বল,
রাজার দুলালে পাষাণ করিতে ডাইনী করে কি ছল!
সাতশত' সাপের পাহারা কাটায়ে পাতালবাসিনী মেয়ে,
রাজার ছেলেরে বাঁচায়ে কি করে পৌঁছিল দেশে যেয়ে।"
কল্পপুরীর স্বপনের কাঠি বুলাইয়া শিশু চোখে
তন্দ্রদোলায় লয়ে যেত মোরে কোথা দূর ঘুমলোকে
ঘুম হতে জেগে বৈশাখী ঝড়ে কুড়ায়েছি ঝরা আম
খেলার সাথীরা কোথা আজ তারা? ভুলিয়া গেছি নাম।
নববর্ষার জলে অবগাহি কভু পুলকিত মনে
গান গাহিয়াছি মল্লার রাগে বাদলের ধারা সনে;
শিশির সিক্ত শেফালী ফুলের ঘন সৌরভে মাতি'
শারদ প্রভাতে সখীগণ সাথে আনিয়াছি মালা গাঁথি'।
পল্লী নদীর জলে ভাসাইয়া মোচার খেলার তরী,
কাঁদিয়া ফিরেছি সাঁঝের আলোতে পুতুল বিদায় করি'।
আগামী দিনের আশা-ভরসার কত না মধুর ছবি
ফুটিয়া উঠেছে আঁখির পাতায় ডুবেছে যখন রবি।

# কবিতা

| | | |
|---|---|---|
| আলম তালুকদার | : | আমার আছে জয়বাংলা |
| অধ্যাপক ড. মো. জাহিদ হোসেন খান | : | জাতির পিতার জন্মশতবার্ষিকী |
| Prof. Mahboob Ul Alam | : | Becoming a Big Rose |
| মুহাম্মদ আবুল হোসেন | : | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম মৃত্যুবার্ষিকীতে |
| আলমগীর হোসেন | : | অপ্রত্যাশিত করোনা |
| Sanjeda Nasrin | : | Make Your Happiness |
| মো. ওবায়দুল্লাহ | : | মা |
| খাদিজা আক্তার | : | আলোর আভাস |
| মার্জিয়া আক্তার মনি | : | অবুঝ |
| মো. জসীম উদ্দীন সীমান্ত | : | চিন্তা |
| খাদিজা জামাল | : | সুখী পরিবার |
| রায়হান হাবিব | : | নস্টালজিক |
| আব্দুর রহমান | : | স্বাধীনতা আমার |
| মো. মনজুরুল হক | : | অভিযোগগুলো বলা হবে কি না জানি না |
| আর সি বি রাজ | : | শুধুই তুমি |
| রিংকু চন্দ্রভৌমিক | : | গুণী কে? |
| মোসতাইন করিম মোজাদ্দেদ | : | ঘুষখোর ও করোনা |
| সানোয়ার হাসান | : | স্তব্ধ সময় |
| মো. সাইফুল ইসলাম | : | মহামারি রোগ |
| সানোয়ার হাসান চৌধুরী সজিব | : | অনর্থ বাঁচা |



# আমার আছে জয়বাংলা

আলম তালুকদার
প্রাক্তন পরিক্ষা নিয়ন্ত্রক

আমার আছে জয়বাংলা তোমার আছে কী?
জয় বাংলার শক্তি কেমন? সেই কথাটি বলতে এসেছি।
জয় বাংলা শ্লোগান আমার
শক্তি যেন বুলেট বোমার
টেকনাফ হতে তেঁতুলিয়া
জয় বাংলা শ্লোগান গিয়ে
ঘরে ঘরে দুর্গ গড়ে
ভয়াবহ একাত্তরে একাত্তরে!

জয় বাংলা উচ্চারণে সাহস আসে প্রতিক্ষণে
মাঝে মাঝে শত্রুসেনার বুলেট খেয়েছি
হঠাৎ করে যুদ্ধাহতের খবর পেয়েছি
মরতে মরতে কপাল গুণে বেঁচেও গিয়েছি!
আজকে ভাবি কেমন করে সেসব কষ্ট সহ্য করেছি!
আমার ছিল জয়বাংলা তোমার ছিল কী?
একাত্তরের অত্যাচারের একটু কথা বলতে এসেছি।

জ্বালাও পোড়াও মানুষ মারা
হাসতে হাসতে করছে তারা
নারী পুরুষ নির্বিশেষে
মারছে তারা হেসে হেসে
আর্মি ক্যাম্পে আটক করে
অত্যাচারে অত্যাচারে
করছে মানুষ হত্যা!
একাত্তরের বাংলাদেশে, সাহস ছিল অনেকখানি
অভাব নিরাপত্তার!
সেই সময়ে আমার ছিল বেতাল সাহস বয়স ছিল অল্প
আজকে যখন বলছি কথা কত সহজ স্বাধীনতা!
কথা শুনে মনে হচ্ছে রূপকথারই গল্প!

আমার ছিল জয় বাংলা তোমার ছিল কী?
সেই কথাটি সবার সামনে বলতে এসেছি
তিরিশ লক্ষ শহীদ হলো রক্ত নদী বয়ে গেল
সবুজ জমিন রক্ত মাখা শহীদ ভাইয়ের রক্তে আঁকা
যে পতাকা রক্ষা করতে একাত্তরে যুদ্ধ করেছি
কতরকম কষ্ট সয়েছি লাখো প্রাণের বিনিময়ে বিজয় এনেছি
কেমন করে দেশটা পেলাম বলতে এসেছি।

আমার আছে জয় বাংলা তোমার আছে কী?
সত্যি কথা কষ্ট ছাড়া হয় না কিছু এই কথাটি বলতে এসেছি
আমার দেশে যুদ্ধ করে বিজয় এনে প্রমাণ করেছি
স্বাধীন করে স্বাধীন দেশে বুক ফুলিয়ে বলতে পেরেছি
সোনার বাংলা আমি তোমায় ভালোবেসেছি।

**"আমাদেরকে সোনার দেশের**
**সোনার মানুষ হতে হবে"।**
**-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**



# জাতির পিতার জন্ম শতবার্ষিকী


**অধ্যাপক ড. মো. জাহিদ হোসেন খান**
বিভাগীয় প্রধান, সিভিল ইঞ্জিনিয়ারিং


হে বীর মৃত্যুঞ্জয়ী মহীয়ান
বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান।

নির্যাতিত নিপীড়িত বাঙালি জাতির তরে
জন্মেছিলে তুমি, এই পৃথিবীর পরে।
ক্ষণজন্মা হে মানব, তুমি স্বাধীনতা দিলে এনে
পরিত্রাণ পেল অভাগা জাতি, শান্তির পরশ এলো মনে।

ধ্বংসপ্রাপ্ত দেশকে গড়তে মাঠে ঘাটে তোমার বিচরণ
জাতিকে করলো উজ্জীবিত প্রাণে মনে এলো শিহরন।
দুখী মানুষের মুখে হাসি ফোটাতে, স্বপ্ন তোমার সোনার বাংলা
সেই লক্ষ্যে পৌছাতে, অবিরাম তোমার পথচলা।

হে বিজয়ী বীর, পাহাড়ের মতো দৃঢ় তুমি নীতিতে অবিচল
হেলাতে পারেনি কোন ভয় তোমাকে, থেকেছো নিশ্চল।
জেল ফাঁসিকে তুচ্ছ জেনেছো, করোনি জীবনের মায়া
তোমার মাঝে দেখেছি আমরা, মহামানবের ছায়া।

সময় তোমাকে দেয়নি খুনিরা গড়তে স্বপ্নের সোনার দেশ
জাতিকে করেছে পিতৃহীন রাখেনি কোনো অবশেষ।
নিঃশেষ করতে পারেনি তোমায়; আছো তুমি হৃদয়ে
কোটি বাঙালির অন্তরে তুমি রয়েছো আজও জড়িয়ে।

জন্ম শতবার্ষিকীতে করি এই অঙ্গীকার
বঙ্গবন্ধুর সোনার বাংলা হবে মোদের অহংকার।
যুগ যুগ বেঁচে থাকবে তুমি, বাংলার আকাশ বাতাসে
হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি তুমি, গর্বে মোদের বুক ভাসে।
মানবতার মহান নেতা শোষিতের করতে ত্রাণ
এই পৃথিবীতে এসেছিলে হে বীর, শেখ মুজিবুর রহমান।

## Becoming a Big Rose



Prof Mahboob Ul Alam
Head, Department of Bangla

If we were to a far-off country
It would be an emotional fantasy

We could feel our full extent
The young breeze would blow by our faces
And we would bejewel
Your veil would balloon in the air
And your dignified grace would unveil
We could remain in breath to breath

You would have a lot of go
And become generous
And try to gee me up
And we get off together
For a while, we would become one
Within a great beatitude
In the deepest balmy privateness
And we could begin to hobnob
And that would vastly look for
Delighted imagination of a fair madness
And solitary silence
I could be burnt in the fire of your politeness
The edge of your saree would kiss
Your fair-footed egg
The softness of virgin twins could swim in the air
And ourselves could become a big rose
In a flower-bed
And we could pluck roses
From each other

What a gorgeous play it would be



# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম মৃত্যু-বার্ষিকীতে

মুহাম্মদ আবুল হোসেন
সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ (প্রাক্তন)

চলে গেছ তুমি আজি জানি না কোন্ অজানায়
তবু তম অমর নাম রইবে স্মৃতির পাতায়!
রবে ধ্রুবতারা-সম চির জ্যোতির্ময়!
প্রিয় মোর, রণিবে প্রাণে সতত স্মরণ-বীণায় ॥

রবির কিরণে যেমন জগৎ ও জীবন জাগে
জেগেছিল দেশবাসী তব প্রেম-অনুরাগে!
তোমারেই ভালোবেসে, তোমারই ইশারায়
মরণকে করেছে বরণ ভালোবেসে দেশমাতায়॥
তাই রবে তুমি চিরদিনই সংগ্রামী-চেতনায়!
প্রিয় মোর, রবে লাল-সবুজের জ্বলজ্বলে পতাকায়॥

সারারাত পুড়ে পুড়ে, নেভে দীপ রাত্রিশেষে
আলোক বিলিয়ে পায় কালিমা অবশেষে!
তবুও প্রদীপ ও ধূপ, নিজেরে বিলিয়ে যায়
তোমারও জীবন যেন তাদেরই মতন হায়!
তাইকরেছ ভুবন জয় ত্যাগের এ মহিমায়!
প্রিয় মোর, লিখা রবে তব নাম সোনার হরফে তাই॥

বলেছিলে 'ভালোবাসি' ছিল তাই প্রত্যয়
তোমারে বধিতে পারে নেই কেহ বাংলায়!
সেই-সে ভুলের-খেয়ায়, অন্ধ-ভালোবাসায়
দিয়েছ অসীমে পাড়ি মরণ-আঁধারে হায়!
তাই স্মরি সে নিঠুর-স্মৃতি কাঁদে হৃদি বেদনায়!
প্রিয় মোর, কাঁদিবে আশিক-জন যুগ-পরম্পরায়॥

# অপ্রত্যাশিত করোনা



**আলমগীর হোসেন**
প্রভাষক, সিএসই বিভাগ

করোনা তুমি ঘৃণিত পুঁজিবাদের
আবারও নতুন উত্থান,
তুমি নিঃস্ব হয়ে যাওয়া
মধ্যবিত্তের সীমাহীন হাহাকার।

তুমি হাজারও ছাত্রের
ঝরে যাওয়া কষ্ট,
তুমি আগুনে দগ্ধ হওয়া
অভিভাবকের মনপোড়া গন্ধ।

তুমি উত্তাল জনসমুদ্রে
অবিরত একচোখা জনশূন্যতা,
তুমি অগ্নিঝরা উত্তপ্ত রাজপথে
আগমনী শীতের কুয়াশা।

করোনা তুমি রঙ্গিন চোখে
জেগে ওঠা স্বপ্নের অন্তহানি,
তুমি কোটি মানুষকে হতাশায়
ডোবানো বুকফাটা আহাজারি।

তুমি গরিবের পেটে
অবিরত অবাধ্য পদাঘাত,
তুমি শুভ্র ক্ষুধার্ত শ্রমিকের
হৃদয়বিদারি করুণ আর্তনাদ।

তুমি ভূমিকর্ষকের মোটা স্বপ্নে
জ্বালিয়েছ রক্তিম শিখা,
তুমি লাঙ্গল-জোয়াল ছেড়ে রিকশার হ্যান্ডেল ধরা
জীবনবৃত্তে এঁকেছ দুর্দশার রেখা।

করোনা তুমি সদা স্থিতিশীল
ঘাম-ঝরানো শ্রমের মূল্যে,
তুমি উৎকণ্ঠিত তীব্র ঢেউ
লাগামহীন উর্ধ্বগতি দ্রব্যমূল্যে।

তুমি টিকে থাকা
সামাজিক উৎসবের ক্ষান্তি,
তুমি বয়ে যাওয়া জ্ঞানতৃষ্ণায়
অবারিত ছুটির ক্লান্তি।

তুমি হয়েছ আত্মঘাতী
শিশুর মেধা বিকাশে,
তুমি মেতেছো নিয়ন্ত্রণহীন মাদকাসিক্তে
বর্ধিত যুব-সমাজের জন্যে।

করোনা তুমি বিদ্বেষপূর্ণ বাল্যবিয়ের
স্ফীত প্রবাহের রাশি,
তুমি অনাহারে নিমজ্জিত পুষ্টিহীন
অসহায় দারিদ্র্যের বাঁশি।

তুমি মরণব্যাধি সমাজের
চিত্ত বিনোদনের অভাব,
তুমি জ্ঞানশূন্য বেষ্টিত
গুজব সৃষ্টিকারীর স্বভাব।

তুমি প্রকট জীবনহানি
সর্দিকাশি-জ্বরে সিক্ত ব্যক্তির,
তুমি করুণাহীন করুণ রূপ
তোমাতে পরিব্যাপ্ত আত্মিক শক্তির।

করোনা তুমি গর্জে ওঠো
শিক্ষা প্রতিষ্ঠানের বিল্ডিংয়ে,
তুমি রুগ্ন শরীরে অদৃশ্য হয়ে যাও
অফিস-আদালত, গার্মেন্টস আর
শপিংমলের চত্বরে

তুমি বুনেছ স্বজনের মধ্যে
বিষাদের বিষাক্ত বিষ,
তুমি সৃষ্টি করেছে সারি সারি লাশের
অগ্রিম সমাধি সৌধ।

তুমি ছড়িয়েছ বাতাসে
লাশের গন্ধের মাখন,
তুমি জুগিয়েছে প্রিয়জনের বিয়োগে
ভাড়া করা লোকের আগমন।

করোনা তুমি নিষ্ঠুর নগরীর
দুগ্ধ শিশু ফেলে রাখা মা,
তুমি বৃদ্ধ পিতার নগ্নদেহ পালিয়ে
উল্লাসে উৎফুল্লে চলা সন্তান।

ভুক্তভোগীর ত্রাণ মেরে,
তুমি নিয়ন্ত্রণহীন জনশূন্যতা
ধাপে ধাপে গাড়িঘোড়া আটকিয়ে।

তুমি আষ্টেপৃষ্ঠে জড়িত
বিদেশি শব্দের অভিধানে,
তুমি মর্মার্থহীনা মানব
তবুও চেষ্টাময়ী ব্যর্থ শব্দে।

করোনা তুমি সম্প্রদায়ের জর্জরিত
লকডাউনের গান,
তুমি অবাধে-আনন্দে চলো
অ্যাম্বুলেন্সের ঝুটা লাল বাতি জ্বালিয়ে।

তুমি মরুভূমির বুকে
ফেলা রাখা আহত দেহের বোঝা,
তুমি অক্সিজেনে পূর্ণ গোলককে অক্সিজেনহীনতায়
স্বজনের বিলাপের ক্রন্দন।

তুমি প্রতিবন্ধীর
প্রতিবন্ধকতা ও বিহ্বলতার পক্ষী
তুমি শত শত মানুষের
আলসেমি ও কর্মহীনতার সাক্ষী।



## Make Your Happiness

**Sanjeda Nasrin**
52nd Batch, LLM (2 year)
ID: 193050104011

When you feel Clumsy in life
go where you feel alive.
It can be a mother's lap,
or beautiful nature
It will give you joy
and make you a fresher.

Life is easy, not so hard,
you are only a guest in the world

Make your happiness
Don't feel bad,
There is no time for feeling sad.

Love yourself and use your time.
You will be a legend.
This is the promise of God,
to humanity.

# মা



**মো. ওবায়দুল্লাহ্**
৫২তম ব্যাচ, এল.এল.বি (অনার্স)
আই.ডি: ১৯৩০৫০১০১০১৪

ভালোবাসি মায়ের হাতের দুধ ভাত খেতে,
ভালোবাসি মায়ের সাথে স্কুলে যেতে।
ভালোবাসি মায়ের বকুনি খেতে,
ভালোবাসি মায়ের হাতে পিঠা খেতে।
ভালোবাসি মায়ের সাথে পথ চলতে,
ভালোবাসি মায়ের দুহাতে আদর খেতে।
ভালোবাসি মায়ের নির্দেশ মানতে,
ভালোবাসি মায়ের হাসি দেখতে।
ভালোবাসি মায়ের চরণ ধরতে,
ভালোবাসি মায়ের বদনে তাকিয়ে থাকতে।

# আলোর আভাস



**খাদিজা আক্তার**
৫২তম ব্যাচ, এলএলএম (২ বছর মেয়াদি)
আই.ডি: ১৯৩০৫০১০৪০১০

তুমি কি সেই বৈশ্বানর
যে জীবনে দিয়েছো তমিস্রা
সেই লহরি খেলে হৃদয়ে
আচম্বিতে সেই ব্যগ্র মন;
বিন্দুমোচন যে নেত্র
ঈষৎ শিহরিত হয় কলেবর
দীপ্তিমান সেই আলোক শিখা,
যা হয়েছে আজ উপাখ্যান
উন্মূলন করব তোমায়
হর্ষের দিয়েছ যবনিকাপাত
তোমার মনে কেন এত অসূয়া,
কোপন তুমি অতি
সহসা তোমার এই পদার্পণ
শূন্য হয়েছে আমার মন।
মনস্তাপ আমার ঘুচবে
মনোরফ আমায় ডাকবে
হাত বাড়িয়ে স্পর্শ করব আমি
আশার পূর্বাভাস,
উন্মোচিত হবে তখন
আলোর আভাস।



# অবুঝ

**মার্জিয়া আক্তার মনি**
৪৮তম ব্যাচ, সিএসই
আই.ডি: ১৮২০৩০১০১০০৫

ছোটোবেলা, আহারে!
কি মধুর জীবনই না ছিল।
যখন প্রথম এসেছি এই ভবে
কী যত্নই না করেছিল আমারে
আর আমি কী না অবুঝ
বুঝতামই না যত্নটা আবার কী
আস্তে আস্তে যখন আমি হলাম একটু বড়ো
বুঝতে পারলাম কেউ আছেন
যিনি আমায় বাসেন অনেক ভালো
ভালোবাসার মানে আমি বুঝি নাই কো তখন
বয়সের ফারাক জানতাম না তো তখন
কাকে বলে ভালোবাসা কাকে বলে যত্ন
বড়ো হতেই গেলাম ঢুকে পড়ালেখার ফাঁদে
জীবন আমার উৎসর্গ করলাম
বই কলমের মাঝে।



## চিন্তা

**মো. জসীম উদ্দীন সীমান্ত**
পিএ টু রেজিস্ট্রার

সাতাশ পেরিয়ে জীবনের তরে,
আটাশে পদার্পণ পৃথিবীর বুকে।

সাতাশের দীর্ঘ সময়ে,
একাকিত্বের ছাপ ছাড়েনি জীবনে।

ছ'য়ের সেই জীবন আজও মনে পড়ে,
একা হারিয়ে গিয়েছিলাম শহরের অলিতে-গলিতে।

মা বাবার আদরের সন্তানটি
খেয়েছে একা, থেকেছে একা, শিখেছে একা,
বাঁধনহারা মানিক রতনের
ছ'য়ের সেই সময়ে কোনো কূল ছিল না।

মনে পড়ে বারোর সেই সময়,
বাসা ছেড়ে বন্ধুমহল মেতে উঠতাম আড্ডায়।

কীসের গোসল, কীসের খাওয়া, কীসের লেখাপড়া,
খেলাধুলায় কাটিয়ে দিতাম সারাবেলা।

বিদ্যুৎ যাওয়া মানে ছিল, কখন জমা হবো,
চেনা সেই চার রাস্তার মোড়ে, সবাই জড়ো হতো।

বারো পেরিয়ে ষোল এর জীবন
চিন্তা ভাবনায় নেই কোনো মন।

ঠাঁই নেই, কোথাও কূলও নেই, একেই বলে বাস্তবতা,
মেনে নিয়ে ভাবছিলাম, এটাই বুঝি জীবনের শিক্ষা।

ষোল থেকে ছাব্বিশে, বয়সটা হয়ে গেল বেশি,
গায়ে কোনো ভাঁজ পড়েনি, চিন্তায় ডুবে থাকি।

মা বাবা কাছে নেই, মনে হয় দূর প্রবাসী,
মাঝে মধ্যে আবেগের বশে, এ জীবনটা মিছেমিছি।
ভাবনার এ জগতে সবাই ভাবতে থাকে,
স্বপ্নকে বুকে নিয়ে কেউ হাসে আর কেউ কাঁদে।

জীবনের শিক্ষাগুলো পড়বে সবার মনে,
কি পাগলামিটাই করেছিলাম, ভাবনায় আসবে বসে জানালার কোণে।

দীর্ঘ এ সময়ে, কি পেয়েছি জীবনে,
ফলাফল শূন্য, চিন্তায় রাতের আঁধারে।

তিক্ত এ জীবনে সবই সৃষ্টির ইচ্ছা,
আশা রাখলাম সবই হবে, মনের এই কল্পনা।

বাস্তবতাকে মেনে নিয়ে জীবন যুদ্ধে চলা,
ক্ষণিকের এই পৃথিবীতে কেন এত চিন্তা চিন্তা চিন্তা ?



# সুখি পরিবার

**খাদিজা জামাল**
৫২তম ব্যাচ, এলএলবি (অনার্স)
আই.ডি: ১৯৩০৫০১০১০৪১

আমরা দুটি ভাই ও বোন
সুখি পরিবার
আম্মু আমার সবার প্রিয়
পাপা জীবন যে আমার।

দাদু আমার চোখের মণি
মুরুব্বি বলে তাকেই মানি
আমি হাতের লাঠি যে দাদার।

আমেনা বেজায় দুষ্ট
তার কারণে হচ্ছি নষ্ট
জানি না কপালে কী আছে আমার।

শিল্পী কেবল খাও বলে
ইচ্ছে করে যাই চলে
ভুলে আদর যে সবার।

বুয়া ডাকে ম্যাডাম আমায়
তার মতো মন নিচে যেতে চায়।
যখন ডাকি আর আলী
আম্মু বলে আনো তো লাঠি।

ভয়ে আমার যায় যে প্রাণ
ব্যাট খেলার সাধ হয় খান খান।

যেই লিখতে গেলাম সমুদ্র তটে!
আর অমনি বে-খেয়ালি সমুদ্র জলে
ধুয়ে নিল, মুছে গেল সব ভূ-পৃষ্ঠ থেকে।
থাক তুই মনেই থাক, মনের রাজ্যেই
লিখে রাখি তোকে।

দেখাতে যখন পারিনি কাউকে,
তাই কাউকে নামটিও বলবো না মুখে।
সবার আক্ষেপ ইস! একটু হলেই তো জানা যেত।
ঢেউটা না হয় একটু পরেই ধুয়ে নিত
কি এমন ক্ষতি হতো তাতে?
জানেন, সত্যি বলতে কি
আমার কিছুই করার ছিল না
যদি প্রশ্ন করা হয়?
আমি বলব নীরবতাই শ্রেয়।
লাইক কমেন্টের রিপ্লাইও নয়।
দুঃখ কি আমার মনে কম হয়?
কাউকেই আমার ভালোবাসার
নামটা লিখে দেখানো গেল না।

# নস্টালজিক



**রায়হান হাবিব**
৫৩তম ব্যাচ, সিএসই
আই.ডি: ২০১০৩০১০১০৮৪

কুয়াশার জলরঙা এক শরতের সকাল,
কেবলই ঘুম ভেঙেছে

শিউলি ফুলের ভাবনাময় যাতনাময় ঘ্রাণ
টিনের চালে পড়া কুহেলিকার টুপটাপ শব্দ
পাকা ধানের হেমন্তের অপেক্ষা; যেন আকাঙ্ক্ষা
ফিরে পেতে নব প্রাণ।
সে প্রাণের অশেষ স্পর্শ!
অবিচলিত উচ্ছ্বাসে শেষের কবিতার স্নান;
বরাবরই করেছি আত্মস্থ।
একি ফিরে দেখা?
নাকি কেবলই ফিরে যাওয়ার প্রতারণা!

এক বসন্তের বিকেলে, আধো সমীরণে
বসে আছি নিরালে, কনক্রিটে মোড়া দেয়ালে
মিঠে মিঠে রোদ জানালা দিয়ে এসে পড়েছে
বইয়ের তাকের আড়ালে–
মাঠকে মাঠ মটরশুটির স্নিগ্ধ কোমল বিছানা,
শর্ষে ফুলের হলুদের সমারোহ,
খুবলে খেয়েছি তার সারা দেহ।
কোকিলের ডাক; সুর মিলিয়েছে পাড়ার ছেলেরা,
হয়েছি নির্বাক।

নজরুল, রুবেল, রাশেদ ভাই, পিনো সমাহার
ওদের ভালোবেসেছি শতরূপে শতবার।
'বাড়ি আসলে ঠ্যাঙ ভেঙে দেবো'

মায়ের মুখে শুনেছি যে কতবার!
একি কেবলই ফিরে দেখা?
নাকি ফিরে যাওয়ার তীক্ষ্ণ ছলনা!
হায়! এ-য কেবলই যাতনা।

এক বাদলায়,
বসে আছি এক প্রাণে বাহির পানে চেয়ে, বারান্দায়।
অন্ত:পুরে গান বেঁধেছে,
'যদি মন কাঁদে চলে এসো এক বরষায়।'
এ মন, সমুদ্র-বন-মৃত্তিকা যেখানেই ধায়,
কেবলই ফিরে যেতে চায় সেই সুধাময় গাঁয়।
শায়িত হতে চায়, অন্তিমযাত্রায়–
বাল্যকালে যে মৃত্তিকা লেগেছে আমার গায়।



## স্বাধীনতা আমার

**আব্দুর রহমান**
৫২ তম ব্যাচ, এল.এল.বি (অনার্স)
আই.ডি: ১৯৩০৫০১০১০৫১

স্বাধীনতা আমার
শেখ মুজিবুর রহমানের বলিষ্ঠ কণ্ঠের দান।
স্বাধীনতা আমার
ছাত্রদের বিক্ষোভ অদম্য সংগ্রামের মান।
স্বাধীনতা আমার
কাল রাতে হায়নাদের থেকে পায়নি তো কেউ ছাড়।
স্বাধীনতা আমার
বাংলার লক্ষ সন্তানদের বুকের তাজা রক্তের উপহার।
স্বাধীনতা আমার
লাখো মা-বোনদের ইজ্জতের প্রতিদান।
স্বাধীনতা আমার
বিদ্রোহী কবির জাগরণে লেখা কবিতা আর গান।
স্বাধীনতা আমার
হৃদয়ে ধারণ দেশ-প্রেম মুখে লাল-সবুজের স্লোগান।
স্বাধীনতা আমার
হৃদয় জুড়ে বাংলাদেশ আমি বাংলা মায়ের সন্তান।

# অভিযোগগুলো বলা হবে কি না জানি না



**মো.মনজুরুল হক**
৫১তম ব্যাচ, বিএড
আই.ডি: ১৯২০১০৩০১০০৫

তুই জানিস না মা বাড়িতে গিয়েও আগের মতো তোকে
খুঁজে যাই, বারান্দায়, দেউড়ির বেড়ার ফাঁকে।
তুই যেমনটি কচুশাক বা লাউশাক বা সরিষা শাক
ভর্তা বা ভেজে দিতি সেই আষাঢ়ের বৃষ্টির সময়।
সেই যে স্বাদ, এখন আর নেই, কেউ দেয় নারে মা
আর দিলেই তোর হাতের বেগুন ভর্তার মতো নয়।
সেই ইলিশের ঝোলের কথা তোর মনে আছে?
গমের রুটির ধাপড়ার সাথে কুশোরের গুড়, মশুরের ডাল।
কিছু আছে কিছু নেই মা, কিন্তু তোর হাতের সেই স্বাদ
খুঁজে ফিরি সারা জমিনে, কেন এমন হয় মা?
মা তুই কি শুনতে পাস তোর কবরের কাছে গিয়ে
কত কথা, কত অভিযোগ, কত অভিমান করি?
বুকের পাঁজর ভেঙে যায় তোকে দেখাতে পারি না।
তোর মতো আর কে আছে মা? তোর মতো ভালোবাসে কে?
আমার স্পষ্ট মনে আছে, ভরা বর্ষায় একবেলা
আতপ চালের ভাত, আরেকবেলা লালগমের রুটি।
চুলার ধারে সেই সন্ধ্যা অবধি অপেক্ষা আর অপেক্ষা
সে অপেক্ষা এখন আর নেই কিন্তু আছে অনেক।
যেদিন তুই চলে গেলি সেদিন থেকেই বুঝেছি কষ্টের
তিমিরে লাল রং কাকে বলে, চিনেছি কেউ করে না।
জেনেছি তোর মতো আর কেউ ভালোবাসবে না
বুকে আগলে রাখবে না, আদর করবে না কান্না করবে না।
মা তোরা তো এমনি, তোর সাথে না করা যায় তুলনা
না দেওয়া যায় ভাগ, না ভোলা যায়, না করা যায় রাগ।
তোর কি মনে আছে? আমাদের ঘরের চাল দিয়ে
বৃষ্টির পানি পড়তো, আমি শক্ত করে জড়িয়ে থাকতাম।
তোর সাথে আমার অনেক কথা সব মনের ডায়েরিতে
লিখে রেখেছি হাজারো বেদনা বিধুর সে লেখনী।
আমি কিছুই ভুলিনি সব যত্ন করে রেখেছি আমার
মনের আলমারিতে ন্যাপথলিনের ভাঁজে ভাঁজে।
একদিন আবার দেখা হবে, কথা হবে,
আমার অভিযোগগুলো বলা হবে কি না জানি না...।



# শুধুই তুমি

**আর সি বি রাজ**
৫৩তম ব্যাচ, এম.এ, ইংরেজি
আই.ডি: ১৪

আমি ভালোবেসে পাগল হয়েছি
শুধুই তোমার জন্য,
যদি এই জন্মে পাই তোমারে
তবেই তো আমি ধন্য।
তুমি আছ সবুজ শ্যামলে
পথে ঘাটে রাস্তায়,
তুমি মহৎ, তুমি দয়ালু
তাই তোমার দয়া বিলিতেছে সস্তায়।
তুমি মোরে দিয়েছো জন্ম
পারবো কি আমি করতে
তোমার আদেশ কত কর্ম!
হে প্রভু, জ্ঞান দাও মোরে
দাও মোরে শক্তি,
তোমার প্রতি রাখতে পারি যেন
চিরকাল শ্রদ্ধা ও ভক্তি।
তুমি মোর প্রভু
সর্ব কারণের কারণ তুমি
তুমিই সৃষ্টিকর্তা।
হে আমার প্রভু, দয়ার সাগর
তোমার সৃষ্ট জীব, কতই না সুন্দর
তার চেয়ে তুমি মনোমুগ্ধকর!
তাই তোমার সৃষ্টিকে নয়
তোমাকেই চাই!
এর জন্য বল
কোনখানে যাই?
তোমায় পাবার আশায়
খুঁজেছি তোমায়,
দয়া করো প্রভু
দেখা দাও আমায়।
না পেলে তোমায়
এ জীবনই বৃথা,
ক্ষমা করো, দয়া করো প্রভু
দাও মোরে দেখা!

# গুণী কে?



**রিংকু চন্দ্র ভৌমিক**
৫৫তম ব্যাচ, বিএড
আই.ডি: ২০৩০১০৩০১০১০

শিক্ষা ও জ্ঞান
একই কথা নয়,
মূর্খ লোকও জ্ঞানী হয়
কর্মেই পরিচয়।

ধর্ম থেকেও কর্ম বড়ো
নয়তো কথা মিছে,
শিক্ষিত ও স্বশিক্ষিত ধরন
বুঝে কয়জন লোকে।

ডজন কয়েক সার্টিফিকেট নিলেই
হয় না শিক্ষিত লোক,
ঘুষের কবলে নিরীহ মানুষ
শিক্ষিত রক্তচোষা জোঁক।

আচার-আচরণ মার্জিত যার
জ্ঞানী স্বশিক্ষিত তিনি,
বর্তমানে শিক্ষিত লোক দেখে
বিস্মিত হই আমি।

ভারী ভারী ডিগ্রিধারী
কথার নেই কোনো মাপকাঠি,
মনের ভিতরে গভীর ক্ষত
উপরে সং সাজানো পরিপাটি।

জ্ঞানী লোকের নেইকো কদর
অর্থ আছে যার,
সম্মান, অগ্রাধিকার সব কাজেতেই
আচার হোক বা অনাচার।

শিক্ষা-জ্ঞান সবই তুচ্ছ
কালো টাকা করেও দান!
এই সমাজের মাথা তিনি
উচ্চ আসনে বিরাজমান।

সার্টিফিকেট নয় জ্ঞান অর্জন
যেদিন লক্ষ্য হবে সবার,
পরিবর্তন হবে চলতি ধারা
মানী লোকে মান পাবে, জাতির অহংকার।

# ঘুষখোর ও করোনা



**মোসতাইন করিম মোজাদ্দেদ**
২য় বর্ষ, বাংলা
আই.ডি: ২০১০১০২০১০১৬

করোনাতে ঘুষখোরদের মাথায় পড়েছে হাত,
লকডাউনে ঘুষ না খেলে জুটবে কেমনে ভাত!
করোনাতে নিত্যদিনের রোজগারটা বন্ধ,
চোখ থাকতেও কী সরকার এদিকটাতে অন্ধ!

বেতনের সাথে ঘুষও পেতাম ব্যাপার ছিল না মন্দ,
অফিসটা হঠাৎ বন্ধ হওয়ায় করছি দ্বিধাদ্বন্দ্ব!
ফাইল সই করে আসত টাকা চিন্তা ছিল না,
ইদ আসায় শুধু বেতন পেলাম ঘুষটা দিলো না!

এদিকে বউ বায়না করেছে শপিং করবে চুটিয়ে,
কী যে করি শ্বশুর আব্বা ডাইনিটা দিলো জুটিয়ে!
সারাদিনই ঘ্যানর ঘ্যানর কপাল আমার মন্দ,
হাত পেতে বেতন নিলেও উপরি পাওনাটা যে বন্ধ!

এখন শুধু কেমন করে বউকে যে বুঝাই,
আমি হলাম ঘুষখোর হারাম টাকা খাই!
ঘুষ ছাড়া চলে না সংসার বড়লোক হতে চাই,
করোনা আমায় বাঁশ মেরেছে ঘুষের দেখা নাই!

## স্তব্ধ সময়




**সানোয়ার হাসান**
৫০তম ব্যাচ, আইন বিভাগ
আই.ডি: ১৯১০৫০১০১০৩৮


সময় এখন থমকে দাঁড়ায় প্রশ্ন করবে বলে,
এখন কেন বসে আছো ব্যস্ততা সব ভুলে?
সময়ের সাথে তাল মিলিয়ে চলছে কত মানুষ!
আমরা এখন বদ্ধ ঘরে প্রহর গুণী নতুন।
একদিন সব ঠিকই ছিল ছিলাম না ঠিক আমরা!
কেমন করে অন্ধকারে বদলে যাচ্ছো তোমরা?
দিনগুলো সব রঙিন ছিলো, ছিলাম আনন্দে!
হঠাৎ করেই অন্ধকারে গেলাম সবাই ভেসে।
নতুন দিনের স্বপ্ন দেখে লড়ছি দিবারাত্রি!
কবে যে আবার সুস্থ হবে আমার শহর বাড়ি!
এই শহরের পথগুলো সব আমার কত চেনা,
এই শহরেই আজকের আমি নিজেই অচেনা।
যে শহরের মানুষগুলো সব থাকতো মিলেমিশে,
জীবন থেকে জীবন আজ আছে অনেক দূরে।



## মহামারি রোগ


**মো.সাইফুল ইসলাম**
৫১তম ব্যাচ, ইইই
আই.ডি: ১৮৩০৩০৩০১০২৪


কুয়াশার বৃষ্টি, নিদারুণ সৃষ্টি,
শীতের এই কঠিন রাতে,
পথশিশু আছে যারা, পায় না কিছুই তারা,
সারাদিন হাত পেতে পেতে।
নাই তার বিছানা, নাই তার ঠিকানা,
রাস্তার ধুলার মাঝে,
নাই তার বস্ত্র, শীত যেন অস্ত্র,
অসহায় সবার কাছে।
পেট তার শূন্য, ক্ষুধা তার জন্য,
কষ্টরা চলার সাথী,

হাত পেতে ভিক্ষা, কেউ দেয় ধিক্কা,
যেন সে বড়ো অপরাধী।
ডাস্টবিনের ময়লাতে, খাবার খোঁজে দুই হাতে,
গন্ধ তার নাকে আসে না,
পচা খাবার ছিল তাতে, কুকুর মুখ দিলো তাতে,
ভেদাভেদ তারা বোঝে না।
পথশিশুর কান্না, কারো কানে যায় না,
মানবতার হয়েছে ফাঁসি,
বিবেকের দরজায়, ডিজিটাল তালা রয়,
চারিদিকে করে হাসাহাসি।
শিশু আর পশু মিলে, ডাস্টবিনে খাবার খেলে,
খুশি হয় ক্যামেরার চোখ,
একটুও ভাবি না, বিবেক তো নড়ে না,
ধরেছে এক মহামারি রোগ।



## অনর্থ বাঁচা


**সানোয়ার হাসান চৌধুরী সজিব**
৫০তম ব্যাচ, এলএলবি (অর্নাস)
আই.ডি: ১৯১০৫০১০১০৩৮

বেঁচে থাকার দায়ে অদৃশ্য এক কারাবাস।
নর্দমার ভাগাড়ে রাজত্ব করে বসবাস
ক্ষুধায় অস্তিত্ব রক্ষায় দাপটে তাচ্ছিল্য বোধ,
কি জানি কবে বাড়ি ফিরবে সুবোধ!
চারদিকে হাহাকার, মানবিকতার চিৎকার
কবে হবে আমাদের মানবতার বোধ
দূষণের দৃশ্যপটে অস্বাভাবিক ক্রোধ।
কে আপন কে পর নাই কারো কেনো খোঁজ!
চারদিকে অনাচার, শুধুই মৃত্যুর সমাচার
অসহায়ত্বের চিৎকার বেঁচে থাকার অধিকার,
সময়ের অভিমুখে প্রয়োজন সদয় আচরণ
দেয়ালে ঝুলছে মৃত্যুর প্রেসক্রিপশন।
চিৎকারগুলো শুনে ফেলা ভীষণ প্রয়োজন।
এখনই সময় পূর্ণ আবর্তন,
সাজানো স্বপ্নে অভিলাষে ভরা নিকেতন!

## ছড়া (ফিরে দেখা)

রবীন্দ্রনাথ ঠাকুর : মনে পড়া

# মনে পড়া



**রবীন্দ্রনাথ ঠাকুর**

মাকে আমার পড়ে না মনে।
শুধু কখন খেলতে গিয়ে
হঠাৎ অকারণে
একটা কী সুর গুনগুনিয়ে
কানে আমার বাজে,
মায়ের কথা মিলায় যেন
আমার খেলার মাঝে।
মা বুঝি গান গাইত, আমার
দোলনা ঠেলে ঠেলে;
মা গিয়েছে, যেতে যেতে
গানটি গেছে ফেলে।
মাকে আমার পড়ে না মনে।
শুধু যখন আশ্বিনেতে
ভোরে শিউলিবনে
শিশির-ভেজা হাওয়া বেয়ে
ফুলের গন্ধ আসে,
তখন কেন মায়ের কথা
আমার মনে ভাসে?
কবে বুঝি আনত মা সেই
ফুলের সাজি বয়ে,
পুজোর গন্ধ আসে যে তাই
মায়ের গন্ধ হয়ে।
মাকে আমার পড়ে না মনে।
শুধু যখন বসি গিয়ে
শোবার ঘরের কোণে;
জানালা থেকে তাকাই দূরে
নীল আকাশের দিকে
মনে হয়, মা আমার পানে
চাইছে অনিমিখে।
কোলের 'পরে ধরে কবে
দেখত আমায় চেয়ে,
সেই চাউনি রেখে গেছে
সারা আকাশ ছেয়ে।


# স্মৃতিচারণমূলক রচনা

এফ. নাহিদ হক : স্মৃতিতে কন্ট্রোলার স্যার

# স্মৃতিতে কন্ট্রোলার স্যার


## এফ. নাহিদ হক
উপ-পরিচালক, সি আর এইচ পি


নূর হোসেন তালুকদার স্যার। পরীক্ষা নিয়ন্ত্রক শাখার (Controller of Examinations) প্রধান। আমরা তাই আড়ালে ডাকতাম কন্ট্রোলার স্যার বলে। আমাদের কন্ট্রোলার স্যার। এই ম্যাগাজিন 'দি রে' এর সাবেক সম্পাদক। ২০২০ সালে ৮ই জুলাই বুধবার নভেল করোনা সংক্রমিত হয়ে রাজধানীর একটি হাসপাতাল থেকে চিরতরে ছেড়ে চলে যান আমাদের। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন।


*নূর হোসেন তালুকদার*

তাঁর মৃত্যু সংবাদ ছিল আমাদের কাছে অত্যন্ত বেদনাদায়ক। স্যার নেই? এত প্রাণবন্ত হাসিখুশি মানুষটি নেই?চলে গেলেন আমাদের ছেড়ে পরপারে? ও পরম করুণাময়, ও দয়াময় তুমি দয়া করো। শোক সইবার শক্তি দাও আমাদের।

আমরা তখন সবাই লকডাউনে যে যার বাসায়। স্যারের মৃত্যু সংবাদটা পেয়ে যেন মন মানে না। একে ফোন দেই, তাকে ফোন দেই। কেউ একজন বলে দিক– 'কী বলছেন এসব? ভুল শুনেছেন আপনি। ওনার সঙ্গে তো এই মাত্র কথা হলো। ভালো আছেন স্যার।আর দুদিন পর সুস্থ হয়ে বাড়ি ফিরবেন।' কিন্তু না। কেউ তা বলেনি। সবাই দীর্ঘশ্বাস ফেলেছে। কেউ কেউ সামলিয়েছে কান্নার বেগ।

সত্যিই খুব প্রাণবন্ত মানুষ ছিলেন যাকে বলে Jolly minded. অত্যন্ত স্নেহ করতেন আমাদের। এই ম্যাগাজিন প্রকাশের সুবাদে তাঁর সাথে কাজ করার সুযোগ হয়েছিল আমার। ভালো কাজের বেশ মূল্যায়ন করতেন তিনি। আমাদের উৎসাহ দিতেন সাহিত্যে লেখালেখির জন্য। আমরাও উদ্যমী হতাম তার অনুপ্রেরণা পেয়ে। আমার খুব মনে আছে কখনও কোনো মিটিং চলছে হয়তো। আমরা যারা জবাবদিহিতায় আছি ঘামছি দরদর করে। এই বুঝি কাজে কোনো ত্রুটি পাওয়া গেল। পরিবেশ থমথমে। অমনি স্যার এমনভাবে বিষয়টিকে উপস্থাপন করে দিতেন, মুহূর্তে হালকা হয়ে যেত পরিবেশ। আর আমরা যেন হাঁফ ছেড়ে বাঁচতাম। কতবার যে এমনটি হয়েছে! আবার মিটিং বা কোনো সমাবেশ শুরুর অপেক্ষায় হয়তো বসে আছে সবাই। মিটিং এর সভাপতি আসলেই শুরু হবে মিটিং। অমনি স্যার শুরু করতেন মজার মজার কথা আর কৌতুক। সবাই হাসতে হাসতে গড়াগড়ি। অতঃপর একটা উৎফুল্ল মন নিয়ে সবাই শুরু করত সমাবেশ। এ সবই ছিল তালুকদার স্যারের অবদান।

একাধিক পরিচয়ে পরিচিত ছিলেন স্যার। প্রাইম ইউনিভার্সিটিতে যোগদানের আগে জাতীয় গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ছিলেন তিনি।

তিনি ছিলেন জনপ্রিয় ছড়াকার ও বাংলাদেশ শিশু সাহিত্যিক ফোরামের উপদেষ্টা। ছিলেন বইপ্রেমী সৃজনশীল একজন মানুষ। সাহিত্যিক অঙ্গনে আলম তালুকদার নামে পরিচিত ছিলেন তিনি। শিশু সাহিত্যের প্রায় সব শাখায় তার স্বতঃস্ফূর্ত বিচরণ ছিল। তাঁর প্রকাশিত গ্রন্থসংখ্যা ৮০। রম্যসাহিত্য রচনাতে তাঁর ছিল সমান আগ্রহ। 'চাঁদের কাছে জোনাকি' ছড়ার বইয়ের জন্য ২০০০ সালে অগ্রণী ব্যাংক শিশু সাহিত্য পুরস্কারে ভূষিত হন তিনি। পালক অ্যাওয়ার্ড, জয়নুল আবেদিন পুরস্কার, কবি কাদির নওয়াজ পুরস্কার, পদক্ষেপ সাহিত্য পুরস্কার, সাহস পুরস্কার, স্বাধীনতা সংসদ পুরস্কার, পশ্চিমবঙ্গের চোখ সাহিত্য পুরস্কারসহ বহু পুরস্কারে ভূষিত হয়েছেন তিনি। তাঁর প্রথম বই 'ঘুম তাড়ানো ছড়া' প্রকাশিত হয় ১৯৮২ সালে। তাঁর ছড়ার উল্লেখযোগ্য বই হচ্ছে 'খোঁচান ক্যান', 'চাঁদের কাছে জোনাকি', 'ডিম ডিম ভূতের ডিম', 'ঐ রাজাকার', 'যুদ্ধে যদি যেতাম হেরে', 'বাচ্চা ছড়া কাচ্চা ছড়া', 'ছড়ায় ছড়ায় আলোর নাচন', 'জাদুঘরের ছড়া', 'ছড়ায় ছড়ায় টক্কর', 'ছড়াসমগ্র' প্রভৃতি। তাঁর লেখা শিশুতোষ গল্পের বইয়ের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, 'মহাদেশ বাংলাদেশ উপমহাদেশ', 'শিশুদের শিশুটামি', 'অবশিষ্ট মুক্তিযোদ্ধা', 'নাই দেশের রূপকথা', 'ভূতের সঙ্গে ভূত আমি', 'কিশোর সমগ্র' প্রভৃতি।

বেশ ক'টি গ্রন্থও সম্পাদনা করেছেন তিনি। সেগুলো মধ্যে রয়েছে, 'শহীদ মুক্তিযোদ্ধা নাজমুল আহসান স্মারক গ্রন্থ', 'জাদুঘর বিচিত্রা', 'টাঙ্গাইল জেলার স্থান নাম বিচিত্রা', 'ছোট ছোট উপাখ্যান হাসিতে আটখান'।

তাঁর সবচেয়ে বড়ো পরিচয় তিনি ছিলেন একজন বীর মুক্তিযোদ্ধা। কাদেরিয়া বাহিনীর হয়ে মুক্তিযুদ্ধে সরাসরি অংশ নেন তিনি।

১৯৫৬ সালের ১ জানুয়ারি টাঙ্গাইলের ঘাটাইলে জন্মগ্রহণকারী এ মানুষটি মৃত্যুকালে স্ত্রী ও তিন সন্তানসহ বহু গুণগ্রাহী রেখে যান।

স্যার, আজ আপনি নেই। তবে আপনি আছেন বহু মানুষের হৃদয়ে। বিশ্ববিদ্যালয়ের করিডরে আমাকে দেখলে আপনার উচ্চঃস্বরে ভারী কণ্ঠে 'কী খবর নাহিদ?' আজও আমার কানে ভাসে। বক্তৃতা শেষে আপনার 'কাউকে না দিয়ে বাদ সবাইকে ধন্যবাদ' আমরা আজও মনে করি। যারা আপনার সাথে কাজ করেছে আপনার প্রসঙ্গ এলে আজও তাদের চোখের কোনা ভিজে উঠে। আপনার শাখার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রককে পাঠানো আপনার শেষ অফিসিয়াল এসএমএসটি তিনি আজও সযত্নে সংরক্ষণ করে রেখেছেন স্যার। ভালো থাকবেন স্যার। পরম করুণাময়ের কাছে প্রার্থনা তিনি আপনাকে জান্নাত দান করুন। পরম শান্তিতে কাটুক আপনার চিরনিদ্রার জীবন।

ভালো থাকবেন স্যার। অনেক ভালো।

# রম্যরচনা

| | | |
|---|---|---|
| সংগৃহীত | ঃ | আইনস্টাইনের রসবোধ |
| মো. ইলিয়াস হোসাইন আল-মাহমুদ | ঃ | চাকুরির ইন্টারভিউ |

# আইনস্টাইনের রসবোধ

-সংগৃহীত

পৃথিবীর সর্বকালের সেরা বিজ্ঞানী আইনস্টাইনের রসবোধ ছিল অত্যন্ত উঁচুমাপের। ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন কখনো সরল সহজ, তীক্ষ্ণ ব্যঙ্গাত্মক, ভীষণ রসিক এবং প্রায় সবসময়ই প্রচণ্ড ভুলোমনা।

বিজ্ঞানীদের বিজ্ঞানী যাকে বলা হয়, সেই অ্যালবার্ট আইনস্টাইনের কয়েকটি রসবোধসম্পন্ন ঘটনা উল্লেখ করা হলো:

১. আইনস্টাইনের এক সহকর্মী একদিন তাঁর টেলিফোন নম্বর চাইলেন। আইনস্টাইন তখন একটি টেলিফোন বই খুঁজে বের করলেন এবং সেই বই থেকে তাঁর নিজের নম্বরটা খুঁজতে লাগলেন। সহকর্মী তাকে বললেন, 'কী ব্যাপার, নিজের টেলিফোন নম্বর মনে নেই আপনার?'

আইনস্টাইন বললেন, 'না। তার দরকারই বা কী? যেটা আপনি বইতে পাবেন, সেটা মুখস্থ করে মস্তিষ্ক খরচ করবেন কেন?'

২. আইনস্টাইনের কাছে একবার আপেক্ষিকতার সহজ ব্যাখ্যা জানতে চাওয়া হলো। উত্তরে আইনস্টাইন বললেন, 'আপনার হাত একটা জ্বলন্ত চুলার উপর ধরে রাখুন, মনে হবে এক ঘণ্টা পার হয়ে গেছে। কিন্তু একজন সুন্দরী মেয়ের পাশে একঘণ্টা বসে থাকুন, আপনার কাছে মনে হবে মাত্র এক মিনিট পার হলো, এটাই আপেক্ষিকতা।'

৩. মানুষ মাত্রই কি ভুল হয়? নিজের ভুলভ্রান্তি নিয়ে কী ভাবতেন আইনস্টাইন?

১৯৩৫ সালে প্রিন্সটন ইউনিভার্সিটিতে তাঁকে প্রশ্ন করা হয়েছিল, 'পড়াশোনা ও গবেষণার জন্য আপনার কী কী দরকার?' আইনস্টাইন বললেন, 'একটা ডেস্ক, কিছু কাগজ আর একটা পেনসিল। সঙ্গে দরকার বড় একটা ডাস্টবিন, যেখানে আমার সব ভুল করা বা ভুলে ভরা কাগজগুলো ফেলব!'

৪. অনেকের কাছে অঙ্কের সমার্থক শব্দ হলো– আতঙ্ক! একবার ১৫ বছর বয়সি এক তরুণী আইনস্টাইনের কাছে সাহায্য চাইল। গণিত বিষয়ে তার বাড়ির কাজ বা হোমওয়ার্ক সে সঠিকভাবে করতে পারছিল না। আইনস্টাইন ওই তরুণীকে বলেছিলেন, 'গণিতের সমস্যা নিয়ে খুব বেশি দুশ্চিন্তা করো না। তোমার কাছে গণিত যতটা কঠিন, আমার কাছে গণিত তার চেয়েও কঠিন।'

৫. গুজব আছে, সুন্দরী অভিনেত্রী মেরিলিন মনরো আইনস্টাইনের প্রতি দুর্বল ছিলেন। তাই একদিন মনরো আইনস্টাইনকে বিয়ের প্রস্তাব দিলেন এইভাবে, 'চলুন না, আমরা বিয়ে করে ফেলি? তাহলে আমাদের সন্তানেরা হবে সৌন্দর্য ও জ্ঞানে পৃথিবীর শ্রেষ্ঠ সন্তান। ওরা দেখতে হবে আমার মতো আর বুদ্ধিতে আপনার মতো।'

আইনস্টাইন তৎক্ষণাৎ বললেন, 'আর যদি উল্টোটা হয়? দেখতে যদি হয় আমার মতো, আর বুদ্ধিতে আপনার মতো!'

# চাকুরির ইন্টারভিউ



**মো. ইলিয়াস হোসাইন আল-মাহমুদ**
৫৬তম ব্যাচ, এমএড
আই.ডি: ২১১০১০৩০২০০

দুইজন লোক গেল চাকরির ইন্টারভিউ দিতে; প্রথমজন আগেই প্রশ্নকর্তাকে ঘুষ দিয়ে রেখেছিল!

প্রশ্নকর্তা প্রথমজনকে প্রশ্ন করলেন, আপনি ডগ বানান করুন।

প্রথমজন বলল : DOG

প্রশ্নকর্তা: সাবাস!

এরপর প্রশ্নকর্তা দ্বিতীয়জনকে বললেন: আপনি নিউমোনিয়া বানান করুন।

দ্বিতীয়জন বলল : এটাতো পারি না।

প্রশ্নকর্তা দ্বিতীয়জনকে বললেন: আপনি নিউমোনিয়া বানান করতে পারেননি, তাই আপনার চাকরি হলো না। প্রথমজনের চাকরি হয়ে গিয়েছে।

দ্বিতীয়জন বলল: মানি না এই ইন্টারভিউ। আপনি আমাকে কঠিন বানানটা ধরেছেন আর ওকে খুব সহজ বানান ধরেছেন।

প্রশ্নকর্তা এবার বললেন, 'আচ্ছা ১৯৭১ সাল নিয়ে প্রশ্ন করব, আপত্তি আছে নাকি?' দুই চাকুরিপ্রার্থীই বলল, 'না স্যার।'

প্রশ্নকর্তা প্রথমজনকে প্রশ্ন করলেন : ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে কত মানুষ মারা গেছেন বলতে পারেন?

প্রথমজন বললেন : জি স্যার, ৩০ লক্ষ।

প্রশ্নকর্তা: সাবাস!

এরপর দ্বিতীয়জনকে প্রশ্ন করলেন: আপনি ১৯৭১ সালে যে ৩০ লক্ষ মানুষ মারা গেল, তাদের নাম বলুন।

দ্বিতীয়জন বেহুশ!

# ভ্রমণকাহিনি

মো. আশরাফ আলী : আমার দেখা আইসল্যান্ড
মোহাম্মাদ সানোয়ার হোসেন : মাস্কাটের ডায়েরি

# আমার দেখা আইসল্যান্ড



**মো. আশরাফ আলী**
পরীক্ষা নিয়ন্ত্রক

সবাই বলে স্বপ্নের দেশ আমেরিকা। কিন্তু, আমার দেখা আইসল্যান্ড শুধু স্বপ্ন নয়– কর্ম, শিক্ষা (বইপড়া), পরিবেশ, উন্নয়ন, খেলাধুলা, সাংস্কৃতিক চর্চা, মানুষকে ভালোবাসা, সাম্য, মৈত্রী, একতা ও সহমর্মিতার ঐকান্তিক আদর্শে উদ্বুদ্ধ হয়ে দেশপ্রেম ও উন্নয়নের বাস্তব মডেল হিসেবে খ্যাত। কোথাও দুর্নীতির কোনো ছোঁয়া নেই, অর্থনৈতিক উন্নয়নের সকল সূচক উর্ধ্বগামী, দূষণমুক্ত পরিবেশে সুখী জীবন-যাপনের সকল প্যারামিটার পৃথিবীর মধ্যে সর্বোচ্চ মানের। মাথাপিছু বইপড়া এবং সুখী মানুষের সংজ্ঞায় পৃথিবী সেরা আইসল্যান্ড। লাইব্রেরিগুলো দিনরাত ২৪ ঘণ্টা খোলা থাকে এবং সবসময় অধ্যয়নরত বিপুল সংখ্যক পাঠক পাওয়া যায়। প্রাপ্ত পরিসংখ্যান মতে, আইসল্যান্ডে ২০১৮ সনে নতুন টাইটেলে ১৪৫০ টি বই প্রকাশিত হয়েছে। সরকারি পৃষ্ঠপোষকতা থাকায় প্রতি ১০ জন মানুষের মধ্যে একজন অন্তত ১ টি বইয়ের লেখক এবং পাঠক ১০০% মানুষ। আইসল্যান্ডে ক্রিসমাস উদ্‌যাপিত হয় বই উপহার দিয়ে। এ সময়ে পালিত উৎসবের নাম **"জোকাবলাফ্লাড বা বইয়ের বন্যা।"**

প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি, দিগন্ত বিস্তৃত আকাশ, মেঘ এবং সাগরের জলরাশি যেকোনো মানুষকে আকৃষ্ট করে। বছরব্যাপী পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে ভ্রমণপিপাসুদের কলরব ছোট্ট এ দ্বীপরাষ্ট্রকে মুখরিত করে রাখে। উপভোগের জন্য আছে আকাশছোঁয়া ওয়াচ টাওয়ার, দৃষ্টিনন্দন অবকাশ যাপন কেন্দ্র / রিসোর্ট, আগ্নেয়গিরির নিকটস্থ এলাকায় গরম পানিতে গোসল করতে সর্বক্ষণ ব্যস্ত থাকা পর্যটকদের জন্য বিশেষ আকর্ষণ। আইসল্যান্ডকে বলা হয় **"ল্যান্ড অব অপরচ্যুনিটি।"** দেশটির মূলমন্ত্রই হলো শুধু কাজ আর কাজ। পৃথিবী নামক গোলকে বাংলাদেশের বিপরীতে অবস্থান আইসল্যান্ডের। ইউরোপের ক্ষুদ্রতম দ্বীপরাষ্ট্র খ্যাত দেশটির আয়তন ১,০৩,০০০ বর্গ কিলোমিটার, জনসংখ্যা ৩,৫৬,৯৯১ জন এবং মাথাপিছু আয় প্রায় ৫৫ হাজার মার্কিন ডলার (২০১৯ সনের পরিসংখ্যান অনুযায়ী)। ১৯৪৪ সনে দেশটি ড্যানিশ শাসন থেকে স্বাধীনতা লাভ করে এবং আমেরিকা সর্বপ্রথম দেশটিকে স্বীকৃতি দেয়। প্রায় ৮০% মানুষ খ্রিস্টান ধর্মাবলম্বী, মুদ্রার নাম আইসল্যান্ডিক রুনা, অতিমাত্রায় ঠান্ডা থাকা সত্ত্বেও আইসক্রিম এবং অন্যান্য কোল্ড ড্রিংকস খেতে ছোটোবড়ো সবাই অভ্যস্ত। দেশজুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা আগ্নেয়গিরির অগ্নুৎপাত থেকে Energy আহরণ করে সারাদেশে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করে সার্বিক উন্নয়নের গতি বেগবান রাখা অত্যন্ত সহজ হয়েছে।

রাশিয়া বিশ্বকাপ ফুটবল ২০১৮-তে যে ক্ষুদ্র দেশটি দুর্দান্ত প্রতাপে চরম পরাক্রমশীল আর্জেন্টিনা, নাইজেরিয়া ও ক্রোয়েশিয়ার বিরুদ্ধে লড়েছে সেই দেশটি ঘুরে আসার সুযোগ হয় আমার সেপ্টেম্বর-২০১৪এর শেষ সপ্তাহে।

উন্নয়ন সহযোগী UKAID, SDC এবং DANIDA - এর সহযোগিতায় আন্তর্জাতিক এনজিও Swisscontact- এর পরিচালনায় বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন 'Agribusiness for Trade Competitiveness (ATCP)' ব্রান্ডনেইম (Katalyst)-এর PD হিসেবে কাজ করতে গিয়ে উক্ত ব্যতিক্রমী সুযোগ আমি পাই। বিষুবরেখিক উষ্ণ এলাকার অধিবাসী হিসেবে উত্তর মেরুসংলগ্ন প্রায় চিরতুষারের এদেশের ভূ-প্রকৃতি ও জনমানুষের সঙ্গে



পরিচিতি ও মেলামেশা ছিল এক অবিস্মরণীয় অভিজ্ঞতা। পৃথিবীর অন্যতম ছোট কিন্তু বৃহত্তম মাছের দেশ আইসল্যান্ড। আধুনিক জ্ঞান ও প্রযুক্তি নির্ভর Environmental Friendly Development এবং Sustainable Development এর অর্পূব নিদর্শন আইসল্যান্ডের মৎস্যশিল্পের বৈপ্লবিক প্রসার স্বচক্ষে দেখার সুযোগ আমি মনেপ্রাণে উপভোগ করেছি। ২৪/০৯/২০১৪ তারিখে আন্তর্জাতিক আইসল্যান্ড ফিসারিজ এক্সিভিশন এবং অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে যোগদান করি। আইসল্যান্ডের মৎস্য ও কৃষিমন্ত্রী H.E. Sigurdur Ingi Johnnsson (এক্সিভিশনের উদ্বোধক), আইসল্যান্ড ফিশারিজ ইন্ডাস্ট্রির সভাপতি Mr. Olafur Ragnar Grimmsson,পৃথিবীর ৩২ টি দেশের পাঁচ শতাধিক প্রতিনিধির সাথে মিথষ্ক্রিয়ার মাধ্যমে পৃথিবীর সর্বাধুনিক ফিশারিজ টেকনোলজি সম্পর্কে ধারণা নেয়ার দুর্লভ সুযোগ হয়। ২৫/০৯/২০১৪ তারিখ অপরাহ্নে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্যগণ MATIS-এর উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সাক্ষাৎ করেন। MATIS হলো একটা স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান; যেখানে সামুদ্রিক মাছ ও অন্যান্য খাদ্যসহ বিভিন্ন কৃষি উৎপাদনের মূল্য সংযোজন, গুণগত মান বৃদ্ধি, নতুন নতুন উদ্ভাবন, প্রক্রিয়াকরণ, বাজারজাতকরণ এবং উৎপাদন ও ব্যবসায় প্রসারে আধুনিক প্রযুক্তিগত প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা করে থাকে।

উক্ত সফর থেকে কীভাবে একটা ক্ষুদ্র জাতি স্বল্পসংখ্যক জনবল এবং উন্নত প্রযুক্তির মাধ্যমে বিশাল জলরাশি সমৃদ্ধ মৎস্যসম্পদ আহরণ ও বিপনন করে জিডিপি-র সিংহভাগ আয় করছে-তা উপলব্ধি করার সুযোগ হয়। সমুদ্র থেকে মাছ আহরণ করে জাহাজ থেকে একদিকে ফ্রেশ মাছ, অন্যদিকে শুঁটকি মাছ এবং অন্যদিকে মাছের খাদ্য প্রস্তুত করে অল্প কয়েকজন দক্ষ শ্রমিকের সাহায্যে মূলত প্রযুক্তির মাধ্যমে কীভাবে পণ্য বাজারজাত এবং রপ্তানি করার বিরাট

কর্মযজ্ঞ সম্পন্ন হচ্ছে তা নিজ চোখে না দেখে বিশ্বাস করা যায় না। মূল্য সংযোজনের এমন বিরল দৃষ্টান্ত (OFFAL MANAGEMENT) বাংলাদেশে প্রয়োগ করতে পারলে মৎস্যসম্পদ থেকে জিডিপি-র অবদান কয়েকগুণ বৃদ্ধি করা সম্ভব।

২৬/০৯/২০১৪ তাং ESKJA নামক স্থানে Electrifying Fishmeal Company, Grindavik-এ fishing Town ও Iceland College of Fisheries পরিদর্শন করি। ২৭/০৯/২০১৪ তারিখে Haustak নামক স্থানে আইসল্যান্ডের সর্ববৃহৎ Fish Drying Facility পর্যবেক্ষণ করার সুযোগ হয়। ২৮/০৯/২০১৪ ও ২৯/০৯/২০১৪ তারিখ haustak hf, Stolt Sea Farm, HB Fish Meal Facilities, SkagInn, Marel HB Grande- সহ আইসল্যান্ডের অত্যাধুনিক ফিসারিজ শিল্প ও প্রসেসিং ইউনিটগুলো সরেজমিনে পরিদর্শন করে নতুন উদ্ভাবন সম্পর্কে জ্ঞানার্জন হয়। বিশেষায়িত এসব প্রতিষ্ঠানের প্রযুক্তি/উদ্ভাবন অনুসরণ করে পৃথিবীর বহুদেশের মতো বাংলাদেশ লাভবান হওয়ার সুযোগ আছে।

আইসল্যান্ডে বিদ্যমান বিশাল জলবিদ্যুৎ উৎপাদনের কাঠামো ও ভূ-গর্ভস্থ নবায়নযোগ্য জ্বালানির প্রায় অশেষ মজুদের ভিত্তিতে মাথাপিছু হিসেবে পৃথিবীর সবচেয়ে বেশি বিদ্যুৎ উৎপাদিত হয়। বিশ্ব শান্তিসূচক অনুযায়ী আইসল্যান্ড পৃথিবীর মধ্যে সবচাইতে শান্তিপূর্ণ দেশ। উপকূল রক্ষীবাহিনী ন্যাটো চুক্তির মোড়কে দেশটির নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত। এখানে যুক্তরাষ্ট্রের বিমানঘাঁটি বিদ্যমান। আইসল্যান্ডে উপকূল রক্ষীবাহিনীর বাইরে কোনো আনুষ্ঠানিক সামরিক বাহিনী নেই। এদেশে Air Force এবং রেলওয়ে নেই। মানুষের অপরাধ প্রবণতা প্রায় নেই বললেই চলে। পুলিশ বন্দুক ছাড়াই ডিউটি করে। এদেশের সামাজিক ও রাজনৈতিক স্থিতিশীলতা অতি উচ্চমাত্রার। জাতিংসঘের মানবউন্নয়ন সূচকে আইসল্যান্ড সারা পৃথিবীতে প্রথম (২০০৭-২০০৮)। তেমনি প্রখ্যাত ইকনোমিস্ট পত্রিকার হিসেব অনুযায়ী (২০১১) আইসল্যান্ডের জীবনের উৎকর্ষ সারা পৃথিবীতে ২য় শীর্ষতম। রেলপথ না থাকায় পরিবহনের প্রধান মাধ্যম সড়ক - যার দৈর্ঘ্য প্রায় ১৩ হাজার মাইলের বেশি। আইসল্যান্ডে মাথাপিছু গাড়ির মালিকানা পৃথিবীতে সবচেয়ে বেশি। প্রতি দেড় ডজন মানুষের জন্য এ দেশে একটি গাড়ি রয়েছে। রাজধানী রিকজাভিকে যাওয়ার পথে প্রায় জনবিরল সড়কের দু'ধারে প্রত্যক্ষ করেছি আইসল্যান্ডের পরিবেশবান্ধব ভূ-প্রকৃতি। রিকজাভিক আইসল্যান্ডের সবচাইতে বড় শহর - যেখানে দেশের এক-তৃতীয়াংশ লোকের বাস। কেফলাবিক বিমান বন্দর থেকে রিকজাভিক এর দূরত্ব ৫০ মাইল। যাওয়ার পথে দু'জায়গায় থেমে কাছ থেকে ভূ-গর্ভস্থ বাষ্প ধোঁয়ার মতো ভূমির উপরে কুণ্ডলী পাকিয়ে উঠতে দেখেছি। এদের ঘিরে রয়েছে উষ্ণ প্রস্রবণ! যেখানে পর্যটকদের সঙ্গে আইসল্যান্ডিরা পা ডুবিয়ে শীতের পরিমণ্ডলে উষ্ণতার অনুভূতি পেয়ে অনাবিল আনন্দ উপভোগ করে থাকে।

রিকজাভিকে যখন পৌঁছেছি তখন স্থানীয় সময় রাত প্রায় ১২.০০টা। অথচ বাইরে আলো ছড়ানো চারিদিকে। রিকজাভিক সমুদ্রের পাড়ে অবস্থিত প্রায় ৩ দিকে পানি ঘেরা এক শহর। রাত ১২.০০ টায় দিনের আলোর মতো ঝলমলে পরিবেশে স্বাস্থ্যসমৃদ্ধ মানুষ জন উদ্বেগহীনভাবে সমুদ্র পাড়ে হাঁটছেন। কেউ কেউ সড়ক পথের কয়েক স্থানে পরম যত্নে সৃজিত বাগানে বসে আছেন এবং ছড়ানো ছিটানো রেস্তোরাঁতে বসে রাতের খাবার খাচ্ছেন। কল-কাকলী মুখরিত পরিবেশে কোনো জটলা নেই, ভিড় নেই, কারও সঙ্গে কারও বিবাদ নেই, প্রকৃতির প্রদত্ত অফুরান সম্পদের পরশে সবাই জীবনকে সৃষ্টির আশীর্বাদ হিসেবে উপভোগ করছেন। রিকজাভিকের এ প্রকৃতি অনুগত মানবিক পরিবেশ আমাদের মনকে স্পর্শ করেছে।

বিস্ময়ের সঙ্গে ভেবেছি কেমন করে বৈভবের ভিত্তিতে নির্মোহভাবে নিজের অনুভূতিকে ছড়িয়ে দিয়ে নিজেকে সুযোগ-সমৃদ্ধ মানুষ হিসেবে সবাই ভাবতে পারে। রাত ১২.৩০টার দিকে পূর্ব নির্ধারিত একটি হোটেলে আমরা উঠেছি। তখনও ঘুমাতে যাওয়ার কোনো আকর্ষণ বাইরের রোদেলা রাতের পরিবেশে আমরা অনুভব করিনি। হোটেলের ম্যানেজার সুদেহী মহিলা আমাদের বলেছেন ঘুমাতে হলে জানালার সকল ভারি পর্দাগুলো টেনে নিও। আমি পর্দা টানতে গিয়ে জানালা সংলগ্ন একটি চেয়ারে বসে রাতের মাধুরীময় দৃশ্য দেখেছি। পরদিন হোটেলে উন্মুক্ত টেবিল থেকে নিজেদের নাস্তা ও কফি নিজেরা গুছিয়ে নিয়ে সড়ক পাড়ের খোলা টেবিলে বসে ধীরে ধীরে খেয়েছি।

রিকজাভিক থেকে আমাদের পরবর্তী গন্তব্য ছিল আরকানাইজ। যাওয়ার পথে কয়েক জায়গায় উষ্ণ প্রস্রবণ সমুদ্রের পাড় ঘেঁষে সড়ক পথকে ভূমি আর ঢেউ দোলানো জলরাশির মাঝখানের সীমা রেখা হিসেবে আকাশ ছড়ানো নীলের পটে দেখে ধীর ছন্দে এগিয়েছি। পথে কোনো লোকালয়ের আভাস দেখিনি। কেবল কয়েকটি সীমা চিহ্নিত খামারে চড়তে থাকা মেষশাবক ও ঘোড়া দেখে এসব এলাকায় মানুষের বাসের নিশানা পেয়েছি। যে দৃশ্যগুলো সবচেয়ে বেশি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছে তা হলো– সড়ক পথের পরিচ্ছন্নতা, কোথাও কোনো আবর্জনা এমনকি কাগজ বা প্লাস্টিকের টুকরোও নেই। পাশের ছোটো-বড়ো গাছগুলোর ওপর পরম যত্নের ছোপ আইসল্যান্ড জুড়ে মানুষের গাছগাছালির পরিচর্যা করার এক মোহনীয় দৃশ্য আমাদেরকে অবাক করেছে। পথিমধ্যে এক রেস্তোরাঁয় সুহাসিনী সেবিকা বললেন যে, 'সারা আইসল্যান্ডে কয়েক বছর আগ থেকে গাছ লাগানোর এক বিরাট সামাজিক কার্যক্রম হাতে নেয়া হয়েছে।' যেতে যেতে দূরে সাগরে ভাসা ধীর গতির মাছ ধরার জাহাজ দেখেছি। আমাদের বলা হয়েছে যে, পৃথিবীর সবচাইতে বেশি তাজা সামুদ্রিক মাছ মানুষকে একমাত্র আইসল্যান্ডের রেস্তোরাঁগুলোই খাওয়াতে সক্ষম। এ উক্তির বিপরীতে যথেষ্ট প্রমাণ স্বাদে বা দৃষ্টিতে আমরা আইসল্যান্ডে ভোগ করেছি। একই মহাসড়ক ধরে আরকানাইজ থেকে পরদিন আমরা গিয়েছি বাউলা। বাউলা থেকে বেশ কয়েকটি সুড়ঙ্গ বা টানেলের ভিতর দিয়ে পৌঁছেছি বলনদুসে। পথে দেখেছি পাহাড়ের পটে হিমশৈল আর জলপ্রপাত। আকাশের নীলের নিচে জল স্পষ্ট পটভূমিকায় হিমশৈলগুলো পাহাড়ের উপত্যকা ধরে নেমে আসা রোধে ঝলমল হিমবাহ বা বরফের প্রবাহ আমাদের মনকে করেছে প্রকৃতি আকুল। পৃথিবীর অন্য কোথাও প্রকৃতির এক পটে অমলিনভাবে মিলানো নিপুণ শিল্পীর তুলিতে তুলে ধরা এমন দৃশ্য আগে কখনও দেখিনি।

Grindavik College of Fisheries-এ ঢুকে দেখলাম এক অসাধারণ দৃশ্য। কলেজ ভবনটি আধুনিক স্থাপত্যরীতির সাথে গথিক ও আর্কিটেকচারের অতুলনীয় সঙ্গম। দেখে মনে হয় রাজার বাড়ি। মাঠে ফুটবল খেলছে ছাত্ররা। মাঠটির কোথাও কোনো কাঁদা নেই, ছাল উঠা দূর্বা নেই। এখানে কর্মমুখী শিক্ষা দেওয়া হয়। শিক্ষকের পেছনের দেয়ালে কয়েকটি হোয়াইট বোর্ড। বাম পাশে একটা স্ট্যান্ডিং বোর্ডও আছে। বোর্ডগুলো এবং কক্ষের দেয়ালগুলো ভরে আছে নানা স্টিকারে। এ স্টিকারগুলোতে ফুটিয়ে তোলা হয়েছে প্রাণিজগতের নানা দিক ও মহাকাশের নানা খণ্ড। বাগানে গিয়ে দেখলাম গার্ডেনিং অর্থাৎ গাছ রোপন, পরিচর্যা, মাটি প্রস্তুত, গাছের উপকারিতা ইত্যাদি শিখানো হচ্ছে, কোনো কক্ষে গান বাজনা, কোনো কক্ষে রান্না-বান্না, কোনো কক্ষে মাছের পোনা উৎপাদন, কোনো কক্ষে ইনকিউবেটরের মাধ্যমে মুরগির বাচ্চা ফোটানো আবার কোনো কক্ষে ম্যাপের মাধ্যমে ভূগোল শিক্ষা দেয়া হচ্ছে। একটি কক্ষে দেখলাম বড়ো প্রজেকটরে ইউটিউবে ভিডিও দেখানো হচ্ছে। শিক্ষার্থীদের সবার হাতেই আইপ্যাড। প্রিন্সিপাল জানালেন, 'ঐ আইপ্যাড কলেজ থেকেই দেয়া হয়। এগুলো বিশেষভাবে কাস্টমাইজড করা, যেন ছাত্র-ছাত্রীরা খেলার ছলে নানা বিষয়ে ধারণা পেতে পারে। সাগরে কি কি প্রাণী

আছে বা আমাজন জঙ্গলে কোন কোন  আদিবাসী আছে– এসবের ধারণা ভিডিওর মাধ্যমে দেয়া অধিক সহজ। ভিডিওর মাধ্যমে মহাকাশ সম্পর্কেও তারা ভালো ধারণা অর্জন করে। জাতিসংঘ অধিবেশনের কিছু ভাষণও তারা শিক্ষার্থীদেরকে এভাবে শুনিয়ে থাকেন। নতুন প্রযুক্তি, নতুন যন্ত্রপাতি, এগুলোর মাধ্যমে হাতে-কলমে ছাত্র-ছাত্রীদেরকে কর্মমুখী শিক্ষা দিয়ে থাকেন। প্যারেন্টস ডে, ক্যাম্পিং ডে, ল্যাঙ্গুয়েজ ক্লাস, ফিজিকাল এডুকেশন, মিউজিক ক্লাস এসব বিষয় নিয়ে অধ্যক্ষের সাথে বহু কথা হলো। ক্যাম্পিং ডে-তে শিক্ষার্থীদেরকে দাঁত ব্রাশ থেকে শুরু করে লাইফ স্কিলগুলো শেখানো হয়। প্রতিটি বিষয়ের জন্য তারা বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ অধ্যাপকগণের পরামর্শ নিয়ে থাকেন - যারা প্রায়ই ভিডিও কনফারেন্সের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সাথে কথা বলে থাকেন এবং শিক্ষকদেরকে দিক-নির্দেশনা দেন।

**আইসল্যান্ডের অভিজ্ঞতার আলোকে বাংলাদেশে করণীয় কতিপয় পদক্ষেপের সুপারিশ :-**

(১)  আইসল্যান্ডের মাছ ধরা, সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণের শৈলী অনুসরণ করে আমরা আমাদের সম্প্রতি ক্রমাগতভাবে বৃদ্ধি পাওয়া মৎস্যসম্পদ থেকে সর্বাত্মক উপযোগ গ্রহণ করতে পারি। বঙ্গোপসাগরে সামুদ্রিক মাছ আহরণ ও সংরক্ষণ, আহরিত মৎস্য প্রক্রিয়াজাত ও রপ্তানিকরণ প্রক্রিয়া আমরা আইসল্যান্ডের অভিজ্ঞতার আলোকে উন্নততর ও অধিকতর ফলপ্রসূ করতে পারি। এ লক্ষ্যে আমাদের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য উন্নয়ন কর্পোরেশন এবং বেসরকারি সংস্থাসমূহ আইসল্যান্ডের যথাযথ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে দ্রুত বিশেষজ্ঞ দল পাঠাতে পারেন। একই সঙ্গে আমাদের কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ) এবং অন্যান্য সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ তাদের মৎস্য বিভাগে কর্মরত শিক্ষক ও গবেষকদের আইসল্যান্ডের সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সহযোগিতামূলক কার্যক্রমে যুক্ত করতে পারেন।

(২) আইসল্যান্ডে প্রকৃতির অমলিন পরিবেশ আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য চেতনাবোধ জাগ্রত করতে সহায়ক। আমরা আমাদের দেশে অভাবের তাড়নায় কিংবা প্রাচুর্য প্রাপ্তির আশায় প্রকৃতিকে যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করিনি। ফলশ্রুতিতে, নিজেদের জীবনকে প্রকৃতির আশীর্বাদের নিলয় হিসেবে গড়ে তুলতে পারিনি। আইসল্যান্ডের সামাজিক চেতনাবোধ আমাদের দেশের প্রাকৃতিক আশীর্বাদকে যুগ যুগ ধরে জিইয়ে রাখার খোরাক দিতে পারে।

(৩) আইসল্যান্ডে জাতি, ধর্ম ও বর্ণ নির্বিশেষে সামাজিক সমতার অবিচ্ছেদ্দীয় অংশ হিসেবে গণ্য। নারী-পুরুষের সমতা ও মুক্ত চালচলন দৃশ্যমান সকল মানুষকে সমান অধিকারী হিসেবে পূর্ণমাত্রায় সামাজিক বিকাশ তাদের পছন্দ। আইসল্যান্ডসহ অন্যান্য স্ক্যান্ডিনিভিয়ান দেশসমূহে দৃষ্ট ও অনুসৃত Gender Equality/Women Empowerment সংক্রান্ত নীতিমালা ধর্মীয় অনুভূতি বজায় রেখে (কতিপয় ব্যতিক্রম বাদে) অনুসরণযোগ্য।

(৪) আইসল্যান্ডে শ্রমস্বল্পতা বিদ্যমান থাকা সত্ত্বেও আমরা এখনও সেখানে আমাদের মানবসম্পদ রপ্তানির পদক্ষেপ নেইনি। আইসল্যান্ডের কর্তৃপক্ষীয় ব্যক্তিদের সঙ্গে আলোচনাক্রমে আমাদের ধারণা হয়েছে যে, সেদেশের নির্মাণ ও সেবা খাতে তারা আমাদের দেশ থেকে শ্রমিক নিতে আগ্রহী। এ লক্ষ্যে আইসল্যান্ডের সরকার এবং সেখানকার ব্যক্তি উদ্যোগের সঙ্গে বাংলাদেশের সরকারি ও বেসরকারি পর্যায়ে আলোচনা ও সমঝোতা হওয়া দু'দেশের জন্যেই কল্যাণকর হবে বলে আমাদের ধারণা। প্রাসঙ্গিকভাবে স্মরণ করা যেতে পারে যে, আইসল্যান্ডে স্বাস্থ্যসেবা এবং শিক্ষা ব্যক্তিগত পর্যায়ে ব্যয় মুক্ত।

(৫) পুঁথিগত বিদ্যার বিশাল ক্ষেত্র অর্থাৎ বই পড়ার মাধ্যমে মানুষের সূক্ষ্ম ও সৃজনশীল মানসিকতাকে বিকশিত করে গার্হস্থ্য জীবনের সঙ্গে নিবিড় ও অবিচ্ছেদ্য বন্ধন রচনা করা যায়। অন্যদিকে, জাতির বেকারত্ব দূরীকরণে মানুষের প্রয়োজনভিত্তিক বৃত্তিমূলক শিক্ষা আবশ্যক। কাজেই, সুখী-সমৃদ্ধ ভবিষ্যৎ গঠনের অঙ্গীকারে যুগের প্রয়োজনে বৃত্তিমুখী বা কর্মমুখী শিক্ষার বাস্তব রূপায়ণ করে স্বনির্ভর বাংলাদেশ গড়ার অভয় মন্ত্র উন্মোচন করা আইসল্যান্ডের অভিজ্ঞতা থেকে অর্জন করা সম্ভব।

**"ভ্রমণ মানুষকে জ্ঞান অর্জন করতে সাহায্য করে। তাই প্রতিনিয়ত ভ্রমণ করতে থাকুন"।**

**-জেফারসনস্**

# মাস্কাটের ডায়েরি



**মোহাম্মাদ সানোয়ার হোসেন**
ব্যাচ -৫৭তম ব্যাচ, বিএড
আই.ডি: ২১২০১০৩০১০০৭

আরব উপদ্বীপে অবস্থিত মধ্যপ্রাচ্যের দেশ ওমানের রাজধানীর নাম মাস্কাট। ওমানের উত্তরে ওমান উপসাগর, পশ্চিমে আরব আমিরাত ও সৌদি আরব, দক্ষিণ-পশ্চিমে ইয়েমেন এবং দক্ষিণ-পূর্বে আরব সাগর।

ওমান ১০০% মুসলিম অধ্যুষিত ও অসংখ্য নবী রাসুলদের জন্মভূমি। হযরত আইয়ুব (আ.), হযরত ইউনুস (আ.), হযরত ইমরান (আ.), হযরত সালেহ (আ.) সহ অসংখ্য নবী ও রাসুলগণের পুণ্যভূমি হচ্ছে ওমান। হযরত সোলায়মান (আ.) জিনের মাধ্যমে রানি বিলকিস এর সিংহাসন ওমান থেকে জেরুজালেমে নিয়ে গিয়েছিলেন এবং পরবর্তীতে তাকে বিয়েও করেছিলেন। সেই রানি বিলকিস এর প্রাসাদ ও শাদ্দাতের বানানো বেহেশত আরাম নগরীও এই ওমানে অবস্থিত। বিখ্যাত সাহাবি হযরত ওয়াইজ কারনী (র.) ওমানের সর্ব-দক্ষিণের শহর সালালাহর মাটিতে সমাহিত আছেন।

ওমানের দেশটির ভূমির ক্ষেত্রফল ৩,০৯,৫০১ বর্গ কিলোমিটার এবং জনসংখ্যা মাত্র ৪৫,৯৩,০০০জন। এদেশের মাথাপিছু আয় ২৬,২১০ ইউ.এস.ডলার (২০১৯ সালের হিসাব অনুযায়ী)। মুদ্রার মান সৌদি, কাতার বা আরব আমিরাতের সমতুল্য।

ইতিহাস থেকে জানা যায় ৮ হিজরি/৬৩০ খ্রিস্টাব্দে মহানবি হযরত মুহাম্মাদ (স.) এর লিখিতপত্র মারফত দাওয়াত পেয়েই তৎকালীন ওমানি শাসকদ্বয় ইসলাম ধর্ম গ্রহণ করেন। মহানবি (স.) ওমানবাসীর জন্য দোয়া করেন যেন তারা সারাজীবন শান্তিতে থাকেন এবং কোনো বহিঃশত্রু দ্বারা আক্রান্ত না হয়। সেই দোয়ার বরকতে ওমান একটি শান্তির দেশ এবং সকলের সাথেই সুসম্পর্ক রেখে হাজার বছর ধরে বসবাস করছে এবং এই দেশে অন্য কোনো পরাশক্তির, কারো সামরিক ঘাঁটি নেই। এইদেশ প্রতিবেশী কোনো দেশের সাথে আজও কোনো যুদ্ধে জড়ায়নি। প্রতিবেশী দেশ ইয়েমেনে ২০০৪ সাল থেকে গৃহযুদ্ধ চলছে কিন্ত ওমানে তার কোনো প্রভাব নেই। ইয়েমেন ও সৌদি আরবের মধ্যে ২০১৫ সাল থেকে যুদ্ধ চলছে কিন্তু ওমান তার নিরপেক্ষ অবস্থান এবং উপসাগরীয় সকল দেশের সাথে সুসম্পর্ক ধরে রেখেছে।

আধুনিক ওমানের প্রতিষ্ঠাতা মরহুম সুলতান কাবুস বিন সাইদ (১৯৪০-২০২০)। তিনি একজন উচ্চশিক্ষিত শাসক ছিলেন। তিনি Sufflock England থেকে গ্রাজুয়েশন শেষ করে ব্রিটিশ Royal Military Academemy Sandhurst এ ভর্তি হন এবং থেকে ডিগ্রি অর্জন করে কিছুদিন ব্রিটিশ সেনাবাহিনীতে চাকুরি করেন। ১৯৬৪ সালে দেশে ফিরে তিনি ইসলামি শরীয়াহ আইনের উপর পড়াশুনা করেন। ১৯৭০ সালে তিনি ক্ষমতা গ্রহণ করেন এবং ১০ জানুয়ারি ২০২০ পর্যন্ত আমৃত্যু সুলতান হিসাবে দ্বায়িত্ব পালন করেন। তিনি শিশুকালে ভারতে পড়াশুনা করেছেন এবং ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি শংকরদয়াল শর্মা তার শিক্ষক ছিলেন। ১৯৯৬ সালে প্রেসিডেন্ট শংকরদয়াল শর্মা ওমান সফরে আসলে সুলতান প্রটোকল ভেঙে

বিমানের সিঁড়ি দিয়ে উঠে যান তার শিক্ষাগুরুকে স্বাগত জানাতে এবং তাকে বিমান থেকে নামিয়ে নিয়ে এসে গাড়িতে উঠিয়ে নিজেই গাড়ি চালিয়ে রাজকীয় অতিথিশালায় পৌঁছে দেন এই নিরংহকারী মানুষটি।

২০১৪ সালের ৩০শে জুলাই আমি সহ মোট ৭ জন শিক্ষক হযরত শাহজালাল বিমান বন্দর থেকে নতুন কর্মস্থল বাংলাদেশ স্কুল মাস্কাটে যোগদানের উদ্দেশ্যে সকাল দশটায় বাংলাদেশ বিমানে যাত্রা শুরু করি। এটি একটি বিরতিহীন ফ্লাইট ছিল এবং আমরা মাত্র চার ঘণ্টা যাত্রা শেষে মাস্কাট বিমান বন্দরে অবতরণ করি। বিমান থেকে সিঁড়ি দিয়ে রানওয়েতে নামতেই মরুর দেশ ওমানের দুপুর বেলার উত্তপ্ত হাওয়া প্রায় ৪০-৪২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা আমাদেরকে সতর্ক করে দেয়। ইমিগ্রেশন এর আনুষ্ঠানিকতা শেষে বাইরে আসলেই বাংলাদেশ স্কুল কর্তৃপক্ষ আমাদেরকে অভ্যর্থনা জানান এবং আমাদেরকে আমাদের জন্য নির্ধারিত বাড়িতে নিয়ে যাওয়া হয়। স্কুল কর্তৃপক্ষ একনাগাড়ে দুইদিন আমাদের খাদ্য ও পানীয় সরবরাহ করেন তারপর আমরা মেস সিস্টেমে খাওয়া-দাওয়া শুরু করি।

আগস্ট ০১, ২০১৪ আমরা স্কুলে যোগদান করি। বিশাল স্কুল ক্যাম্পাস ও স্কুল সংলগ্ন বাস্কেটবল ও ফুটবল খেলার মাঠ। উফবীপবষ টক কারিকুলামের অধীন শিশু শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত এখানে পড়ানো হয়। বড়ো বড়ো শীততাপ নিয়ন্ত্রিত ও সিসিটিভি ক্যামেরাযুক্ত শ্রেণিকক্ষ এবং প্রতি শ্রেণিতে ছাত্রসংখ্যা তখন সর্বনিম্ন ৪০ জন ছিল। ২০১৪ সালে এই স্কুলে প্রায় দুই হাজার ছাত্র-ছাত্রী ছিল কিন্তু বর্তমানে স্কুলে অর্ধেক ছাত্রছাত্রীও নেই। কোভিড মহামারির কারণে অনেক অভিভাবক চাকুরি হারিয়ে পরিবার নিয়ে দেশে ফিরে গেছেন। ছাত্র-ছাত্রীদের বেশিরভাগই বাংলাদেশি প্রবাসী এবং শিক্ষকদের ৬০% ভারতীয় প্রবাসী। ভারতীয় গৃহিণীরা স্বামীর সাথে এদেশে এসে চাকুরি খুঁজতে থাকে এবং বাংলাদেশ স্কুল কর্তৃপক্ষ কম বেতনে অনভিজ্ঞ শিক্ষকদের নিয়োগ দিয়ে থাকে। বাংলাদেশ থেকে প্রফেশনাল শিক্ষক আনতে গেলে দ্বিগুণ বেতন সহ অন্যান্য খরচ দিতে হয়।

আমি একজন গণিতের শিক্ষক এবং বেশির ভাগ সময়ই বোর্ডে লেখালেখি করতে হয়। বাংলাদেশের ইংলিশ মিডিয়াম স্কুলগুলোতে সবসময়ই সাদা বোর্ডে মার্কার দিয়ে লিখেছি যাতে পরিবেশ দূষণ হয় না। অথচ এখানে চক দিয়ে ব্ল্যাক বোর্ডে লিখতে গিয়ে খুবই সমস্যা হয়, প্রতিদিন ৪/৫ টি ক্লাশ নিতে গিয়ে গত ছয় বছরে বিনে পয়সায় যে পরিমাণ চক পাউডার খেয়েছি তা দিয়ে হয়তো একটি ঘর চুনকাম করা যাবে!

২০১৪ সালের ডিসেম্বরে শীতকালীন ছুটিতে দেশে গিয়ে স্ত্রী ও ৩ বছরের কনিষ্ঠ ছেলেকে মাস্কাটে নিয়ে আসি ও দুই রুমের একটি বাসা ভাড়া করি (ভাড়া চল্লিশ হাজার টাকা)। বাসাটি স্কুল থেকে প্রায় বিশ কিলোমিটার দূরে। তখন এদেশে বাসা ভাড়া খুবই বেশি ছিল বর্তমানে কোভিডের কারণে বাসাভাড়া ৩০%-৪০% কমে গেছে। এখন স্কুল থেকে মাত্র ৩০০ মিটার দূরে ত্রিশ হাজার টাকায় দুই রুমের বাসায় থাকছি।

এই দেশের গুণগান গেয়ে শেষ করা যাবে না। গত সাত বছরে এদেশে কোনো দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটেনি। বাসা ভাড়া কমেছে। শুধুমাত্র কাঁচা শাক-সবজির দাম ওঠা-নামা করে। কিন্তু চাল, ডাল, তেল, মাছ, মাংস, গ্যাস, পেট্রোল ২০১৪ সালে যা দেখেছি এখনো তাই আছে। রমজান মাসে কোনোকিছুর দামই বাড়ে না বরং গাড়ি ও নিত্য ব্যবহার্য ইলেক্ট্রনিক্সের উপর চলে মূল্যহ্রাসের ছড়াছড়ি। রমজানে বাজারে কোনোকিছুরই অভাব হয় না বরং সরবরাহ আরও বেড়ে যায়। গভীর রাত অবধি নারীপুরুষ নির্বিঘ্নে সুপার মার্কেট এ

শপিং করে; কোনো চোর ডাকাত বা পকেট মারের কোনো বালাই নেই। কেউ যদি বাসার দরজা বন্ধ করতে ভুলে যায় কোনো সমস্যা নেই– কেউ তা স্পর্শও করবে না। বাসার সামনে খোলা জায়গায় বেশিরভাগ নতুন নতুন গাড়ি মাসের পর মাস পার্ক করা থাকে কেউ ফিরেও তাকাবে না। অথচ সবচেয়ে উন্নত দেশ যুক্তরাষ্ট্রে ২০১৯ সালে ৭,২১,৮৮৫ টি গাড়ি চুরি হয়েছে। কিছুদিন পূর্বে আমার মোবাইল ফোনটি এক মার্কেটের টয়লেটে ফেলে আসি ঘন্টাখানেক পরে মনে পড়লে খুঁজতে যাই। টয়লেটে না পেয়ে কাস্টমার সার্ভিসে খোঁজ করি। দেখি সেখানে কেউ ফোনটি জমা দিয়ে গিয়েছে। রাস্তাঘাটে বা মসজিদের গেটে কোনো ভিক্ষুক নেই। ফিতরা ও কোরবানির গোশত দানের জন্য কাউকে খুঁজে পাওয়া যায় না। আমরা স্কুলের নিম্ন কর্মচারী ও কলিগদের মধ্যে কোরবানির গোশত বিতরণ করি।

ওমানে দেশি-বিদেশি নাগরিকদের কোনো ইনকাম ট্যাক্স দিতে হয় না। শুধুমাত্র ১৫% কর্পোরেট ট্যাক্স দিতে হয়। গাড়ি-বাড়ি কেনার জন্য ব্যাঙ্ক লোন নিলে মাত্র ৩%-৪% সুদ দিতে হয়। গাড়ি, ইলেক্ট্রনিক্স সবই ট্যাক্স ফ্রি। নতুন গাড়ি কেনা এখানে সবচাইতে সহজ। মোটামুটি চাকুরি করেন বা ছোটখাট ব্যাবসা করেন এবং ড্রাইভিং লাইসেন্সধারী এমন যে কেউ কোনো ডাউন পেমেন্ট ছাড়াই পাঁচ বছর ব্যাপী ৬০ টি মাসিক কিস্তিতে ২০/৩০ লাখ টাকার গাড়ি নিতে পারে। ড্রাইভিং লাইসেন্স না থাকলে কেউ গাড়ি কিনতে পারে না। এখানকার মন্ত্রীরা নিজেরাই গাড়ি চালায়; কোনো ড্রাইভার দেয় না সরকারের পক্ষ থেকে। অনেক সুবিধাবাদীরা এভাবে কিস্তিতে গাড়ি কিনে ২/৩ বছর পরে গাড়ি এয়ারপোর্টে পার্ক করে দেশে চলে যায় আর ফেরত আসে না। ফলে ব্যাংক বা কোম্পানিগুলোর অনেক লোকশান হয়। আমি যখন গাড়ি কিনতে গিয়েছিলাম এখানকার টয়োটা ডিলার 'SAUD BHAWAN' একথা বলেছে। আমি বলেছিলাম তোমাদের এই সিস্টেম না বদলালে প্রবাসীরা এটা করতেই থাকবে।

এদেশের ছেলেমেয়েদের লেখাপড়া সারাজীবনের জন্য ফ্রি। উচ্চশিক্ষার জন্য বিদেশে গেলেও সরকার সব খরচই বহন করে। জনগণের জন্য চিকিৎসা ফ্রি। স্বল্পখরচে প্রত্যেক নাগরিক গাড়ি-বাড়ি করার সুবিধা পেয়ে থাকে। স্কুল পাশ করলেই নাগরিকদের চাকুরির সুবিধা তো আছেই। যারা মুসলমানদের সমালোচনা করে কথায় কথায় ইউরোপ-আমেরিকার উদাহরণ টানে বা সেইসব দেশে নিরাপদ ভেবে বসতি স্থাপন করছে তারা জানেই না নিরাপত্তা ও ন্যায়বিচার থাকলে এই সমস্ত উপসাগরীয় দেশগুলো যেমন ওমান, কাতার, বাহরাইন ও কুয়েতেই আছে। এদেশের মানুষ শান্তিতে ঘুমাচ্ছে, ঘুরছে, সস্তায় কেনাকাটা করছে, ঘুষ-দুর্নীতি নেই বললেই চলে, অফিস-আদালতে হয়রানি নেই। হাতে হাতে ড্রাইভিং লাইসেন্স বা গাড়ির রেজি. করা যায়; ২য় দিনে যাওয়ার দরকার নেই, তো আর কি চাই?

এদেশের সমাজ ও শাসন ব্যবস্থা দেখলে হযরত উমর (রা.) এর শাসন কালের কথা মনে পড়ে।

কোভিডের কারণে এদেশের অর্থনৈতিক অবস্থা আগের মতো নেই। তেলনির্ভর এদেশের অর্থনীতি। তেলের দাম পড়ে গিয়েছে। এত বছর কোনো ভ্যাট ছিল না। জুন ০১, ২০২১ থেকে দ্রব্যমূল্য ও সার্ভিসের উপর ৫% ভ্যাট বাসানো হয়েছে প্রথমবারের মতো। এদেশে আমাদের কোনো ইনকাম ট্যাক্স দিতে হয় না।

তবে এইদেশে চিকিৎসা ব্যয় এবং ওষুধের মূল্য অনেক বেশি। ওষুধের দাম আমাদের দেশের তুলনায় ১৫/২০ গুন। একটা প্যারাসিটামল ট্যাবলেটের দাম বাংলাদেশের প্রায় পাঁচ টাকার সমান। যাদের মেডিক্যাল ইন্সুরেন্স আছে তাদের কোনো সমস্যা নেই। আমরা কোনো মেডিক্যাল ইন্সুরেন্স পাই না।

রাজধানী মাস্কাট হতে বিশাল মরুভূমি পার হয়ে এক হাজার কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে বন্দর নগরী সালালাহ। সালালাহ শহরকে মধ্যপ্রাচ্যের সুইজারল্যান্ড বলা হয়। এখানকার আবহাওয়া খুবই চমৎকার। সবুজ পাহাড়বেষ্টিত এই শহরে এলে চট্টগ্রাম মনে করে ভুল হতে পারে। এখানে সারা বছরই কম বেশি বৃষ্টিপাত হয়। এখানে নারিকেল, কলা, আম, কাঁঠাল, পেয়ারা সহ অনেক বাংলাদেশি সবজি যেমন লাউ, শসা , কুমড়া, চিচিংগা, করলা, গোল আলু, মিষ্টি আলু, টমাটো, ক্যাপ্সিক্যাম, কাঁচামরিচ, বরবটি, শিম, মূলা, গাজর, কচু, লালশাক, পুঁইশাক, পাটশাক, পালংশাক, ফুলকপি, বাঁধাকপি, ওলকপি, তরমুজ, বাঙ্গী ইত্যাদি উৎপন্ন হয় এবং এর ৯০% সবজি উৎপাদনের সাথে জড়িত বাংলাদেশি শ্রমিকেরা।

আমি সবচাইতে অবাক হয়েছি এই মরুর দেশে পাটশাক ও কচু দেখে এবং আরও অবাক হয়েছি আরব দেশের লোকদের পাটশাকপ্রীতি দেখে। এখানে গরমকালে তাপমাত্রা ৪৫-৫০ ডিগ্রি সেলসিয়াস উঠানামা করে। ফলে গ্রিন-হাউসের মধ্যে বিরাট বিরাট ফ্যান ও পানি স্প্রে করে তাপমাত্রা ২৫-৩০ ডিগ্রি রাখা হয় এবং বিভিন্ন সবজি শশা, বেগুন, ক্যাপসিকাম ইত্যাদির চাষ করা করা হয়। বিভিন্ন এলাকার অনাবাদি জমি লিজ নিয়ে বাংলাদেশিরা সারা বছর বিভিন্ন রকম সবজি ফলায় এবং পাশের দেশ দুবাইতেও রপ্তানি করে।

এই দেশে বাংলাদেশের সর্বোচ্চ সংখ্যক প্রবাসী রয়েছে। প্রায় ৭,৫০,০০০ বাংলাদেশি বসবাস করে যাদের বেশির ভাগই শ্রমিক ও কিছু শ্রমিক থেকে ব্যবসায়ী হয়েছেন। সামান্য কিছু ডাক্তার, ইঞ্জিনিয়ার ও শিক্ষক রয়েছেন। ২য় অবস্থানে ভারত ৫,০০,০০০ জন এবং তৃতীয় অবস্থানে পাকিস্তান ৩,৪৮, ৯১১ জন।

এদেশের রাস্তাঘাট খুবই মসৃণ ও উন্নতমানের। পাহাড় পর্বত মরুভূমি ভেদ করে শতশত মাইল গাড়ি চালিয়ে গেলেও কোনো ক্লান্তি নেই। যত রাতেই পাহাড় পর্বতের মধ্যদিয়ে যাই না কেন নিরাপত্তার কোনো অভাব নেই অথচ রাস্তাঘাটে পুলিশি প্রহরা বা চেকপোস্ট চোখেই পড়ে না। সাগরপাড়ে বা পার্কে নারী-পুরুষ রাত ১০টা অবধি নির্বিঘ্নে অবস্থান করতে পারে কোনো ছিনতাইকারী বা মলম পার্টির ভয় ছাড়াই। যদিও এদেশে স্বামী-স্ত্রী ছাড়া জোড়ায় জোড়ায় ছেলে-মেয়েদের পার্কে বসে থাকতে দেখা যায় না বাংলাদেশের মতো।

আমি সপরিবারে মাস্কাটে গত সাত বছর ধরে বসবাস করছি। ২০১৭ সালের ২২ শে ডিসেম্বর আমার একমাত্র কন্যা সন্তানের জন্ম হয়েছে মাস্কাটে। তিন পুত্রের পরে আল্লাহতায়ালা এই কন্যা সন্তানটি আমাদের দান করেছেন। আলহামদুলিল্লাহ, ২০১৬ তে সপরিবারে উমরাহ করেছি। আগামীতে পরিপূর্ণ হজ করার নিয়ত করেছি। দেশে থাকতে উমরাহ বা হজ কোনটিই করতে পারিনি। কিন্তু এই দেশে আসার পরে মহান ও দয়ালু আল্লাহতায়ালা তাঁর ঘর ও রাসুলের রওজা মুবারক জিয়ারত করার তৌফিক দিয়েছেন। আলহামদুলিল্লাহ।

# সচেতনতামূলক রচনা

মো. নাজমুল হক : ডিজিটাল প্রযুক্তির অপব্যবহার রোধে সচেতনতা জরুরি

# ডিজিটাল প্রযুক্তির অপব্যবহার রোধে সচেতনতা জরুরি



**মো.নাজমুল হক**
সেকশন অফিসার
সিএসই বিভাগ

এবার ইদে গ্রামে গিয়ে বড়ো অচেনা মনে হলো প্রিয় গ্রামটাকে। গড়াই নদীর তীরে ছায়াঘেরা মায়াঘেরা গ্রামটির দিনরাত্রিগুলো অন্যরকম লাগলো। করোনায় স্কুল-কলেজ বন্ধ থাকায় গ্রামের উঠতি বয়সি শিশু-কিশোর এমনকি তরুণরা ব্যস্ত সময় পার করছে স্মার্টফোন এবং অনলাইনভিত্তিক বিভিন্ন গেমস এবং অযৌক্তিক কিছু মোবাইল অ্যাপ-এ।



আসক্তি আচরণ পরিবর্তনের কারণ হতে পারে। মডেল : মেহেদী শুভ

সারাবিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশেও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার বেশি পরিলক্ষিত হচ্ছে। যার ব্যাপক বিস্তার ঘটছে গ্রামাঞ্চলেও। ডিজিটাল প্রযুক্তির বিভিন্ন মাধ্যম (কম্পিউটার, মোবাইল ফোন, ইন্টারনেট, বিভিন্ন এ্যাপ্লিকেশন সফটওয়্যার, বিভিন্ন প্রোগাম ইত্যাদি) দ্রুত যোগাযোগ ও তথ্য সংগ্রহের অন্যতম বাহন হিসেবে গণ্য হয়। সর্বোপরি তথ্য-প্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমে অতি দ্রুততম সময়ে অনেক কাজ করা যায়। এ জন্যই ডিজিটাল প্রযুক্তির প্রতি মানুষের এত আকর্ষণ। কিন্তু ডিজিটাল প্রযুক্তির প্রতি অতি আকর্ষণ ও আসক্তির কারণে বিরূপ প্রভাব পড়ছে আমাদের মানবিক, ধর্মীয় ও সামাজিক জীবনে। মূলত ডিজিটাল প্রযুক্তির ব্যবহার খারাপ বা নিষিদ্ধ কোনো বিষয় নয় বরং তা আধুনিক জীবন-যাপনের অবিচ্ছেদ্য অংশ। কিন্তু এর ক্ষতিকর, অযৌক্তিক, অপরিমিত ব্যবহার মানুষের চিন্তা আর আচরণের উপর খারাপ প্রভাব ফেলে।

বিশ্বায়নের প্রভাবে আমাদের মতো মধ্যম আয়ের দেশকে এখন 'টার্গেট মার্কেট' হিসেবে ধরে প্রযুক্তির পণ্য-সেবাসমূহের আগ্রাসী বিপণন কার্যক্রম চলছে। তার শিকার সবচেয়ে বেশি হচ্ছে শিশু, কিশোর, তরুণরাই। যারা স্বপ্ন দেখবে বিশ্ব-জয়ের, যারা দেশকে নেতৃত্ব দেবে একসময়, তারাই আজ অনলাইন গেম ও বিভিন্ন বিপথগামী অ্যাপস্ আসক্তির কারণে শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ছে। এ বয়সে ডিজিটাল প্রযুক্তির অপরিমিত ব্যবহার ও আসক্তির কারণে সর্বদা চিন্তা-চেতনা ও আচরণের উপর বিরূপ প্রভাব ফেলছে, যা সামাজিক দক্ষতাকে কমিয়ে দিচ্ছে। তাছাড়া দৈনিক পারিবারিক জীবন-যাপনের মানও খারাপ হচ্ছে। এক্ষেত্রে বাবা-মায়ের ভূমিকা গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। করোনাকালীন এই সময়ে অনলাইন ক্লাসের অজুহাতে প্রায় সারাক্ষণই সন্তানের হাতে থাকছে স্মার্টফোন, ল্যাপটপ বা কম্পিউটার। অনেক বাবা-মা তাদের ব্যস্ত সময়ে সন্তানের হাতে এসব ডিভাইস তুলে দিয়েই স্বস্তিবোধ করছেন। অথচ খোঁজ রাখছেন না তার সন্তান এগুলোর সঠিক ব্যবহার করছে কি না। এদিকে সন্তানেরা স্বাধীনতা পেয়ে দিনরাত ইন্টারনেটের বিভিন্ন গেমিং সাইট, বিপথগামী অ্যাপস্ বা যোগাযোগ মাধ্যমে তার সর্বোচ্চ গুরুত্বপূর্ণ সময়টুকু ব্যয় করে ফেলছে, যা একসময় আসক্তির পর্যায়ে চলে যায়। ঘরে আবদ্ধ হয়ে বা কয়েকজন মিলে দলবদ্ধ হয়ে ঘন্টার পর ঘন্টা গেম খেলায় মগ্ন হয়ে থাকে। খাওয়া-দাওয়ার কথা ভুলে সব চিন্তা-চেতনা গেমের প্রতি দিয়ে দেয়। সব আনন্দ যেন অনলাইন গেম জুড়েই। সকালে ঘুম থেকে উঠেই ডেটা অন করে গেম খেলা শুরু করে চলতে থাকে গভীর রাত পর্যন্ত। গেমের প্রতি আসক্তির ফলে পড়াশোনা বা স্বাস্থ্যের প্রতি কোনো খেয়াল থাকে না। মেজাজ সর্বদা খিটখিটে থাকে। পরিবারের কেউ ডাকলে সাড়া না দিয়ে রাগারাগির পর্যায়েও চলে যায়। তাছাড়া মনোযোগ থাকে না এবাদত-বন্দেগিতেও। এ ধরনের আচরণগত সমস্যাগুলো সুষ্ঠু পারিবারিক, সামাজিক ও ধর্মীয় জীবনের জন্য হুমকি স্বরূপ।

আমাদের শিশু-কিশোর আর তরুণ প্রজন্ম যেভাবে এসব ডিজিটাল প্রযুক্তির খারাপ দিকগুলোর প্রতি আসক্ত হয়ে পড়ছে, চাইলে এর থেকে বেরিয়ে আসাও সম্ভব। শুধু প্রয়োজন আমাদের একটু সচেতনতা। বিশেষ করে বাবা-মায়েদের একটু খেয়াল রাখা উচিত তাদের সন্তানেরা কিসে সময় কাটাচ্ছে। সন্তানদের বোঝাতে হবে তথ্য-প্রযুক্তির ভালো এবং খারাপ দিক সম্পর্কে। সন্তানেরা যেন কখনো এর খারাপ দিকটির প্রতি আসক্ত হয়ে না পড়ে। তারা যেন তাদের মেধা ও বিচক্ষণতাকে কাজে লাগিয়ে আত্মোন্নয়ন তথা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এগিয়ে আসে, সে ব্যাপারে উৎসাহ দিতে হবে। মনে রাখা দরকার, উন্নতির চরম শিখরে পৌঁছালেও সেখানে মূল্যবোধ, মানবিকতা না থাকলে সে সভ্যতা অস্তিত্বহীন হয়ে পড়বে। তাই অভিভাবকদের সম্পদের পিছনে না ছুটে সন্তানকে সময় দিতে হবে। প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিত হলে উন্নয়ন, আধুনিকতা, ঐতিহ্য হাত ধরাধরি করে থাকবে, যেখানে সবাই থাকবে সুরক্ষিত– সমাজ হবে শান্তিময়।

**সেবা, ত্যাগ আর সহিষ্ণুতার সু-বিবেচনা প্রসূত মানবিক বোধে**
**সময় এখন সচেতন হওয়ার ডিজিটাল প্রযুক্তির অপব্যবহার রোধে।**

# Prime University in International Arena

Salim Uddin : MoU Signing with Two Universities of India



## MoU Signing with Two Universities of India

**Salim Uddin**
Deputy Registrar

Recently, Prime University has begun to concentrate on the university's internationalization by establishing mutual collaboration with foreign universities to encourage international students to enroll here to prepare graduates to work successfully worldwide and, through this exposure, to develop the university's overall quality of education.

The authority took a step by sending a two-member team consisting of the university's treasurer, Professor Dr. Mohammad Arshad Ali and an Assistant Registrar, Md. Salim Uddin to two reputed universities of India— Centurion University, Odisha and Integral University, Uttar Pradesh— for signing MoU with them.

During the tour, a meeting of exchange of views was held in the office of the Vice-Chancellor of Centurion University at its Bhubaneswar campus with the delegates of Prime University and the Vice-Chancellor, Prof. Supriya Pattanayak, Deans and some senior teachers of the University on different aspects of these two universities. Professor Dr. Mohammad Arshad Ali, the Treasurer, made a presentation on Prime University.

On the 6th November 2019, they took the Prime University team to the Paralakhemundi campus (the main campus of Centurion University) located in a rural setting at a distance of 5 miles from the district headquarters of the same. After a visit around the campus, we had the opportunity to make a presentation focusing on different aspects of Prime University to the audience's satisfaction comprising the Registrar, Deans and senior faculty members and high officials of Centurion University. Then followed the MoU signing ceremony performed by Prof. Dr. Mohammad Arshad Ali, Treasurer and Ms. Anita Patra, Registrar, on behalf of Prime University and Centurion University, respectively, on 06.11.2019.

The second mission of the tour took us to Integral University, Lucknow, the capital city of Uttar Pradesh, on 7th November 2019 at 10:30 pm. The University offers more than 240 programs across 47 disciplines and currently hosts around 11000 students at its 150-acre campus. The medium of instruction is English for all the programs. The academic programs are delivered in more than 100 classrooms and 30 laboratories and workshops across the campus.




Views of MoU signing ceremonies

After a visit around the campus, the PU presented different aspects of Prime University to the Vice-Chancellor, Treasurer, Director, Planning, Research and International Relations, Registrar, Deans and senior faculty members, and high officials of Integral University. During the discussion, representatives of both universities spoke of many common grounds of interests that can serve through mutual collaboration. Then much expected MoU signing ceremony took place between Prime University and Integral University at the Meeting room of Integral University, Lucknow. On behalf of Prime University, Prof. Dr. Mohammad Arshad Ali, Treasurer, signed the MoU and Prof. Dr .Syed Nadim Akhter, Director, Planning, Research and International Relations, signed on their behalf.

The purpose of MoU is Exchange of Students, Exchange of Academic Staff, Joint Research and Publications, Joint Conferences, Workshops and Seminars, Provision of Dual Degree and Mutual Visit of Academic and Non-academic Staff and Students, Joint Industry Consultancy, Admission Support activities and Joint Placement activities.

Subsequently, delegates from Prime University had a successful meeting with the Honorable Chancellor of Integral University, Prof. Syed Wasim Akhter, in his office. He promised full co-operation on his part for Prime University. Representatives from Prime University also briefed him about the achievements and contribution of Prime University along with the expression of the commitment of mutual collaboration of Prime University management with Integral University. Our overall impression is that by signing the MoU, we have indeed added a feather to our university's cap.




প্রাইম ইউনিভার্সিটি
**PRIME UNIVERSITY**

114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216, Bangladesh
Phone: 48038147, PABX: 48034888, 8031810,Mobile: 01712-675595, Fax: 48038147
E-Mail: info@primeuniversity.edu.bd, Website: www.primeuniversity.edu.bd

PRIME UNIVERSITY MAGAZINE 2021-2022

5TH ISSUE

# THE ray

PRIME UNIVERSITY MAGAZINE 2021-2022



**PRIME UNIVERSITY**